# বাংলা সাময়িক-পত্র

দ্বিতীয় খণ্ড

ইং ১৮১৮ সনে বাংলা সাময়িক-পত্রের জন্মাবধি ১৮৬৮ সনের ফেব্রুয়ারি মাসে 'অমৃত বাজার পত্রিকা'র উদ্ভব পর্য্যন্ত বাংলায় যে-সকল সাময়িক-পত্র আত্মপ্রকাশ করে, সেগুলির বিস্তৃত পরিচয় এই গ্রন্থের প্রথম খণ্ডে দিয়াছি। বর্ত্তমান খণ্ডে ১৮৬৮ সনের এপ্রিল মাস হইতে ১৯০০ সাল পর্য্যন্ত সমুদয় বাংলা পত্র-পত্রিকার সংক্ষিপ্ত বিবরণ সহ একটি তালিকা দিবার প্রয়াস পাইয়াছি। আলোচ্য যুগে শহর ও মফস্বলে বহু পত্র-পত্রিকা জন্মলাভ ও অকালমৃত্যু বরণ করিয়াছিল। আজিকার দিনে ইহার সকলগুলি সংগ্রহ করা সহজসাধ্য নহে,—অধিকাংশই অযত্নে ও জল বায়ুর দোষে লোপ পাইয়াছে। এই কারণে আমাদিগকে প্রধানতঃ সরকারী রিপোর্ট ও সমসাময়িক সংবাদপত্রে প্রকাশিত নূতন পত্রিকার সমালোচনার উপর নির্ভর করিতে হইয়াছে। আমাদের বিবরণে অসম্পূর্ণতা থাকা মোটেই বিচিত্র নহে।

# বাংলা সাময়িক-পত্র

১২৭৫ ( ইং ১৮৬৮ )—১৩০৭ ( ইং ১৯০০ )

শ্রীব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

বঙ্গীয় সাহিত্য পরিষৎ

MAHARAJA BIR BIKRAM COLL
LIBRARY

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ
২৪৩।১, আপার সারকুলার রোড
কলিকাতা-৬

প্রকাশক
শ্রীসনৎকুমার গুপ্ত
বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

প্রথম সংস্করণ—মাঘ ১৩৫৮
পরিবর্দ্ধিত দ্বিতীয় সংস্করণ—আষাঢ় ১৩৫৯

মূল্য আড়াই টাকা

মুদ্রাকর—শ্রীরঞ্জনকুমার দাস
শনিরঞ্জন প্রেস, ৫৭ ইন্দ্র বিশ্বাস রোড, কলিকাতা-৩৭
৪'৩২—১৫।৬।১৯৫২

# বাংলা সাময়িক-পত্র

## দ্বিতীয় খণ্ড

### ইং ১৮৬৮

১। **সাপ্তাহিক সম্বাদ** ( সাপ্তাহিক··· ) : ১ বৈশাখ ১২৭৫ ( এপ্রিল ১৮৬৮ )।

ভবানীপুর হইতে মিশনরীগণ কর্তৃক প্রকাশিত। ১৮৭০ সনের মে মাসে ইহা পাক্ষিক পত্রে পরিণত হইয়া 'পাক্ষিক সম্বাদ' নাম ধারণ করে। পর-বৎসর ১লা মে হইতে পুনরায় সাপ্তাহিক হইয়া পূর্ব্বনামে প্রচারিত হইতে থাকে। ১৮৭৫ সনের জুলাই মাস হইতে পত্রিকাখানির প্রচার রহিত হয়।

২। **সমালোচনী** ( মাসিক ) : বৈশাখ ১২৭৫।

বহরমপুর সত্যরত্ন যন্ত্র হইতে প্রচারিত। "ইংরেজী রিভিয়ুব ধরণে ইহার লেখা।"

৩। পদ্যপ্রকাশিকা ( মাসিক ) : বৈশাখ ১২৭৫।

"পদ্যময়ী পত্রিকা।" পরিচালক—প্রাণকৃষ্ণ দত্ত।

৪। **প্রয়াগ দূত** ( পাক্ষিক··· ) : বৈশাখ ১২৭৫।

শশিভূষণ মিত্র কর্তৃক এলাহাবাদ মৌসিমগঞ্জ হইতে প্রচারিত। ১২৭৮ সালের ৫ই বৈশাখ হইতে ইহা সাপ্তাহিক পত্রে পরিণত হয়।

৫। পল্লীগ্রাম বার্ত্তাবহ ( পাক্ষিক ) : শ্রাবণ ( ? ) ১২৭৫।

বৈদ্যবাটী হইতে প্রকাশিত। "পল্লীগ্রামের অবস্থা ও সংবাদ প্রকাশ করাই পল্লীগ্রাম বার্ত্তাবহের প্রধানোদ্দেশ্য।"

৬। উত্তরপাড়া মাসিক পত্রিকা : শ্রাবণ ১২৭৫।

"বঙ্গভাষার উন্নতিসাধন করা পত্রিকা-প্রচারকদিগের উদ্দেশ্য।" সম্পাদক—রাসবিহারী মুখোপাধ্যায়।

৭। বিদ্যোৎসাহিনী পত্রিকা ( মাসিক ) : শ্রাবণ ১২৭৫।

সম্পাদক—হেমলাল দত্ত, কলুটোলা।

৮। হিতসাধিনী ( মাসিক ) : আশ্বিন ১২৭৫।

সম্পাদক—কেদারনাথ ঘোষ। "ইহাতে দুই একটি করিয়া গল্প সংস্কৃতে এবং নানা বিষয়ক প্রবন্ধ বঙ্গভাষায় লিখিত হইয়া থাকে।"

৯। বোধ-বিকাশিনী ( পাক্ষিক ) : ১ আশ্বিন ১২৭৫।

"স্বদেশীয় রীতি, নীতি ও আচার-ব্যবহারের আন্দোলন;—দেশসাধারণের হিতকর কার্য্যে যথাসম্ভব পরামর্শ প্রদান;...ও ( পাঠক মহাশয়গণের বিরক্তিজনক হইলেও ) ক্রমশ: রচনাশক্তির অভ্যাসই আমাদিগের পত্রিকা প্রচারের উদ্দেশ্য।"

১০। **কল্পলতিকা** ( পাক্ষিক ) : ১৫ পৌষ ১২৭৫।

সম্পাদক—রামসর্ব্বস্ব বিদ্যাভূষণ, পটোলডাঙ্গা ট্রেনিং ইন্‌ষ্টিটিউশনের পণ্ডিত।

## ইং ১৮৬৯

১১। হিন্দুহিতাকাঙ্ক্ষিনী ( মাসিক ) : বৈশাখ ১২৭৬ ( এপ্রিল ১৮৬৯ )।

হুগলীর অন্তঃপাতী জিরাট হিন্দুহিতৈষিণী সভার মুখপত্র।

১২। মুষল মুদ্গর ( সাপ্তাহিক ) : বৈশাখ ( ? ) ১২৭৬।

মফস্বল হইতে প্রকাশিত।

১৩। **অবলা বান্ধব** ( পাক্ষিক... ) : ১০ জ্যৈষ্ঠ ১২৭৬।

ইহা ঢাকায় মুদ্রিত হইয়া লোনসিংহ হইতে প্রচারিত হইত। "সংসারে স্ত্রীলোকের উপযোগিতা ও স্ত্রীশিক্ষার আলোচনা করাই এতৎ পত্রের উদ্দেশ্য।" সম্পাদক—দ্বারকানাথ গঙ্গোপাধ্যায়। ১৮৭০ সনের প্রথম ভাগে দ্বারকানাথ কলিকাতা আগমন করিলে এখান হইতেই 'অবলা বান্ধব' প্রকাশিত হইতে থাকে। ৬ষ্ঠ বর্ষের পত্রিকা মাসিক আকারে ১২৮১ সালের শ্রাবণ মাসে ( জুলাই ১৮৭৪ ) প্রকাশিত ও অল্প দিন পরে অর্থাভাবে মৃত্যুমুখে পতিত হয়। ১২৮৬ সালের বৈশাখ মাসে পত্রিকাখানি মাসিক আকারে পুন: প্রকাশিত হইলেও দীর্ঘস্থায়ী হইতে পারে নাই।

১৪। **জ্যোতিরিঙ্গণ** ( মাসিক ) : জুলাই ১৮৬৯।

"বালকবালিকা ও স্ত্রীগণের এককালীন আমোদ ও নীতিশিক্ষার নিমিত্ত" কলিকাতা ট্রাক্ট সোসাইটি কর্ত্তৃক প্রকাশিত সচিত্র পত্রিকা। ৩য় ও ৪র্থ বর্ষের পত্রিকায় মাইকেল মধুসূদন দত্তের লিখিত দুইটি কবিতা—"পুরুলিয়া" ও "কবির ধর্ম্মপুত্র" মুদ্রিত হইয়াছে।

১৫। বঙ্গদূত ( সাপ্তাহিক ) : ২২ ভাদ্র ১২৭৬।

সম্পাদক—পাদরী সি. ই ড্রিবর্গ, টালীগঞ্জ মিশনের অধ্যক্ষ। "দেশের উন্নতি করা ও গবর্ণমেণ্টের সদুদ্দেশ্য সাধারণকে বুঝাইয়া দেওয়া" পত্রিকা প্রচারের প্রধান উদ্দেশ্য।

১৬। জ্ঞানলহরী ( মাসিক ) : আশ্বিন ১২৭৬।

সম্পাদক—গোপালচন্দ্র মিত্র ও বিজয়কেশব বসু।

১৭। চিকিৎসা সংগ্রহ ( মাসিক ) : আশ্বিন ১২৭৬।

সম্পাদক—ভুবনমোহন গঙ্গোপাধ্যায়, ডি. এল. ডি.। "ইহাতে এতদ্দেশীয় এবং ইউরোপ খণ্ডের চিকিৎসাশাস্ত্রের সারসংগ্রহ হইবে।"

১৮। জ্ঞানপ্রদায়িনী পত্রিকা ( মাসিক ) : আশ্বিন ( ? ) ১২৭৬।

১৯। দেশহিতৈষিণী ( মাসিক ) : কার্ত্তিক ১২৭৬।

সম্পাদক—রাজকৃষ্ণ দাস, পাথুরিয়াঘাটা।

## ইং ১৮৭০

২০। **মধুকরী** ( মাসিক… ) : মাঘ ১২৭৬ ( জানুয়ারি ১৮৭০ )।

বহরমপুর সত্যরত্ন যন্ত্র হইতে প্রচারিত। "দেশের হিতসাধন ও বিদ্বন্মণ্ডলীর মনোরঞ্জন ইহার উদ্দেশ্য।" ১২৭৭ সালের ১লা বৈশাখ হইতে 'মধুকরী' পাক্ষিক পত্রে পরিণত হয়।

২১। **বরিশাল বার্ত্তাবহ** ( পাক্ষিক ) : ফাল্গুন ১২৭৬।

ঝালকাটি হইতে প্রচারিত। সম্পাদক—মাগুরা গ্রাম-নিবাসী ঈশ্বরচন্দ্র কর। বরিশাল হইতে প্রকাশিত ইহাই প্রথম বাংলা সংবাদপত্র।

২২। **বঙ্গমহিলা** ( পাক্ষিক ) : ১ বৈশাখ ১২৭৭।

মহিলা-সম্পাদিত প্রথম সংবাদপত্র, জনৈকা "খিদিরপুর-নিবাসিনী" [ ডবলিউ. সি. বোনার্জ্জীর ভগিনী মোক্ষদায়িনী মুখোপাধ্যায় ? ] কর্ত্তৃক সম্পাদিত। "স্ত্রীলোকদিগের স্বত্ব প্রভৃতির সমর্থন করা ইহার উদ্দেশ্য।" পরমায়ু প্রায় এক বৎসর।

২৩। পাক্ষিক প্রকাশিকা : বৈশাখ ১২৭৭।

সম্পাদক—যোগেন্দ্রনাথ মুখোপাধ্যায়।

২৪। সঙ্গীত চিত্তসন্তোষ ( মাসিক ) : বৈশাখ ১২৭৭।

পরিচালক—উমাচরণ সেন ও যোগেন্দ্রচন্দ্র বসু।

২৫। আর্য্যধর্ম্মপ্রকাশিকা ( মাসিক ) : বৈশাখ ১২৭৭।

ময়মনসিংহের হিন্দুধর্ম্ম জ্ঞানপ্রদায়িনী সভা হইতে প্রকাশিত।

২৬। **মিত্র-প্রকাশ** ( মাসিক… ) : ৩০ বৈশাখ ১২৭৭।

ঢাকা হইতে প্রকাশিত। সম্পাদক—"পূর্ব্ববঙ্গের রাজকৃষ্ণ রায়" হরিশ্চন্দ্র মিত্র। "যাহাতে বঙ্গভাষার উন্নতি, বঙ্গীয় কবিদিগের কাব্য-কলাপের উন্নতি এবং পরিচয় সাধারণ্যে বাহুল্যরূপে প্রকাশিত হয়, 'মিত্র-প্রকাশ' সর্ব্বথা তৎপ্রতি অবহিত থাকিবে।" ইহা ২য় বর্ষে অল্প দিনের জন্য পাক্ষিক আকার ধারণ করে। ১ এপ্রিল ১৮৭২ তারিখে হরিশ্চন্দ্রের মৃত্যু হইলে তাঁহার অগ্রজ কালিদাস মিত্র কিছু দিন মাসিক আকারে 'মিত্র-প্রকাশ' প্রকাশ করিয়াছিলেন।

২৭। রাজসাহী সম্বাদ ( পাক্ষিক ) : ৩১ বৈশাখ ১২৭৭।

বোয়ালিয়ার রাজসাহী প্রেস হইতে প্রকাশিত।

২৮। নিত্যানন্দদায়িনী পত্রিকা ( ত্রৈমাসিক ) : বৈশাখ-আষাঢ় ১২৭৭।

"বৈষ্ণবধর্ম্মের শ্রীবৃদ্ধি সম্পাদনার্থ" ইহার আবির্ভাব। ইহাতে ভক্তিরসাশ্রিত গ্রন্থ-সকলের বঙ্গানুবাদ প্রকাশিত হইত।

২৯। শাস্ত্র-প্রকাশ ( মাসিক ) : শ্রাবণ ১২৭৭।

ইহাতে পুরাণ, তন্ত্রাদি স্থান পাইত। জগন্মোহন তর্কালঙ্কার কর্ত্তৃক পরিশোধিত ও ভাষান্তরিত এবং কেদারনাথ বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক প্রকাশিত হইত।

৩০। সজ্জনচিত্তবিনোদিনী ( মাসিক ) : শ্রাবণ ১২৭৭।

সম্পাদক—গোপালচন্দ্র মিত্র।

৩১। **বঙ্গবন্ধু** ( পাক্ষিক··· ) : ১ শ্রাবণ ১২৭৭।

ঢাকা ব্রাহ্মসমাজের সঙ্গত সভা হইতে প্রকাশিত। সম্পাদক—বঙ্গচন্দ্র রায়। ইহা কিছু দিন পরে সাপ্তাহিক আকার ধারণ করিয়া পুনরায় পাক্ষিক পত্রে পরিণত হইয়াছিল। ইহাতে প্রধানতঃ রাজনৈতিক, সামাজিক, এবং ধর্ম্ম-বিষয়ক প্রবন্ধ স্থান পাইত। 'বঙ্গবন্ধু' ১৮৭০ হইতে ১৯০৭ পর্য্যন্ত নিয়মিতভাবে প্রকাশিত হইয়াছিল। "শেষ ভাগে ৺কৈলাসচন্দ্র নন্দী, ৺বরদাকান্ত হালদার, ঈশানচন্দ্র সেন, গিরিশচন্দ্র সেন সম্পাদকের কার্য্য করিয়াছিলেন।"

৩২। সাহিত্য-সংগ্রহ ( মাসিক ) : আশ্বিন ১২৭৭।

ইহাতে প্রথমে হরিবংশের অনুবাদ প্রকাশিত হইতে আরম্ভ হয়।

৩৩। নারী-শিক্ষা পত্রিকা ( মাসিক ) : ১ কার্ত্তিক ১২৭৭।

ঢাকা সুলভ যন্ত্র হইতে প্রকাশিত "স্ত্রীলোকদিগের শিক্ষোপযোগিনী" পত্রিকা।

৩৪। মাসিক প্রকাশিকা : কার্ত্তিক ১২৭৭।

পাথুরিয়াঘাটা হইতে যোগেন্দ্রনাথ মুখোপাধ্যায় কর্ত্তৃক প্রকাশিত। দুই-তিন সংখ্যা প্রকাশের পর "কোন বিশেষ কারণবশতঃ এই পত্রিকা কিয়দ্দিবস প্রচারিত হয় নাই।" "মাঘ ১৭৯৩ শক" হইতে ইহা "১ম খণ্ড, ১ম সংখ্যা"-রূপে পুনঃপ্রকাশিত হয়।

৩৫। মুর্শিদাবাদ হিতৈষিণী ( পাক্ষিক ) :

সম্পাদক—বনোয়ারিলাল মুখোপাধ্যায়, সৈদাবাদ, বহরমপুর। "১লা কার্ত্তিক" হইতে প্রকাশিত হইবে, সংবাদপত্রে এইরূপ বিজ্ঞাপিত হইয়াছিল।

৩৬। **সনাতন ধর্ম্মোপদেশিনী** ( মাসিক ) : কার্ত্তিক ১২৭৭।

কলিকাতাস্থ ভারতবর্ষীয় সনাতন ধর্ম্মরক্ষিণী সভার মুখপত্র। "যাহাতে হিন্দুধর্ম্মের উন্নতি হয়, সেই সকল বিষয়ের অনুশীলন করাই ইহার মুখ্য উদ্দেশ্য।" সম্পাদক—চন্দ্রশেখর মুখোপাধ্যায়।

৩৭। **সুলভ সমাচার** ( সাপ্তাহিক··· ) : ১ অগ্রহায়ণ ১২৭৭।

কেশবচন্দ্র সেন-প্রতিষ্ঠিত ভারত-সংস্কার সভা হইতে এই উৎকৃষ্ট পত্রিকাখানি প্রচারিত হয়। "হিত উপদেশ, নানা সংবাদ, আমোদজনক ভাল ভাল গল্প, আমাদের দেশের এবং

বিদেশের ইতিহাস, বড় বড় লোকের জীবন, যে সকল আইন সাধারণের পক্ষে জানা নিতান্ত আবশ্যক, চাল ডাল প্রভৃতির দর এবং বিজ্ঞানের মূল সত্য সকল যত দূর সহজ কথায় লেখা যাইতে পারে" এই পত্রিকায় স্থান পাইত। মাত্র ১ পয়সা মূল্যে প্রচারিত ইহাই প্রথম সংবাদপত্র। ১৮৮৬ সনের ২৭এ আগষ্ট ( ১৬ খণ্ড, ১ম সংখ্যা ) ইহা 'কুশদহ ও ভেরি'র সহিত সম্মিলিত হইয়া 'সুলভ সমাচার ও কুশদহ' নাম ধারণ করে। পত্রিকাখানি দীর্ঘকাল জীবিত ছিল।

নব পর্য্যায়ের 'সুলভ সমাচার' দৈনিক-রূপে প্রকাশ করেন—নরেন্দ্রনাথ সেন; প্রথম সংখ্যার প্রকাশকাল—১ বৈশাখ ১৩১৮; পরমায়ু এক বৎসর।

৩৮। প্রচারিকা ( মাসিক··· ): ১ অগ্রহায়ণ ১২৭৭।

বর্দ্ধমান হইতে প্রচারিত। অল্প দিন পরে ইহা পাক্ষিকে পরিণত হয়। পাক্ষিক আকারে ইহা বেশী দিন স্থায়ী হয় নাই। ১৮৭৪ সনের সেপ্টেম্বর মাসে 'প্রচারিকা' সাপ্তাহিক পত্রিকারূপে আবির্ভূত হয়। সম্পাদক—প্যারালাল সিংহ।

৩৯। বিদূষক ( মাসিক ): অগ্রহায়ণ ১২৭৭।

"যাঁহারা প্রকৃতির গতি ও মানুষের স্বভাব জানিতে আমোদ বোধ করেন" তাঁহাদিগের জন্য এই রহস্য-পত্রিকার জন্ম। সম্পাদক—ভুবনচন্দ্র মুখোপাধ্যায়, সহ-সম্পাদক: 'সংবাদ প্রভাকর'।

## ইং ১৮৭১

৪০। বিশ্বদূত ( মাসত্রয়িক ): পৌষ ১২৭৭ ( জানুয়ারি ১৮৭১ )।

৪১। সাহিত্য মুকুর ( সাপ্তাহিক ): ৭ জানুয়ারি ১৮৭১।

"অবকাশকালে নির্দ্দোষ আমোদ উৎপাদন করিয়া পাঠকবর্গের মনোরঞ্জনই" পত্রিকাখানির উদ্দেশ্য ছিল।

৪২। হিতবাদী ( মাসিক ): মাঘ ১২৭৭।

ধর্ম্মবিষয়ক মাসিক পত্র। পরিচালক—নবকুমার বন্দ্যোপাধ্যায়।

৪৩। শুভ-সাধিনী ( সাপ্তাহিক ): ফাল্গুন ১২৭৭ ( ফেব্রুয়ারি ১৮৭১ )।

ঢাকা, পূর্ব্ববঙ্গ শুভ-সাধিনী সভার মুখপত্র। সম্পাদক—কালীপ্রসন্ন ঘোষ। ইহাতে ধর্ম্মবিষয়ের আলোচন ব্যতীত সাহিত্যালোচনাও হইত, সংবাদও থাকিত। প্রতি সংখ্যার মূল্য ছিল এক পয়সা। ইহা কয়েক বৎসর জীবিত ছিল।

৪৪। হিতকরী ( সাপ্তাহিক ): ফাল্গুন ১২৭৭।

ঢাকা সুলভ যন্ত্র হইতে ১ পয়সা মূল্যে প্রচারিত।

৪৫। প্রাত্যহিক সম্বাদ ( দৈনিক ): ফাল্গুন (?) ১২৭৭।

এক পয়সা মূল্যের দৈনিক পত্র, কলিকাতা অবলা বান্ধব যন্ত্র হইতে প্রকাশিত।

৪৬। হিন্দুমিহির ( সাপ্তাহিক ) : ফাল্গুন (?) ১২৭৭।

খড়দহ হইতে প্রকাশিত, ১ পয়সা মূল্যের সংবাদপত্র।

৪৭। ভারত-পরিদর্শক ( মাসিক ) : ১ বৈশাখ ১২৭৮।

ইহাতে প্রধানতঃ সাহিত্য ও বিজ্ঞান-ঘটিত বিষয়ই স্থান লাভ করিত।

৪৮। চিকিৎসা দর্পণ ( মাসিক ) : ১ বৈশাখ ১২৭৮।

চুঁচুড়া হইতে প্রকাশিত, চিকিৎসা-সংক্রান্ত পত্র। সম্পাদক—যদুনাথ মুখোপাধ্যায়।

৪৯। **হালিশহর পত্রিকা** ( মাসিক··· ) : ১ বৈশাখ ১২৭৮।

"পল্লীগ্রামস্থ লোকদিগকে সদুপদেশ প্রদানার্থে নানা প্রকার নীতিগর্ভ ও চিত্তানন্দপ্রদ প্রবন্ধ" ইহাতে প্রকাশিত হইত। সম্পাদক—জানকীনাথ গাঙ্গুলী। 'হালিশহর পত্রিকা' ১ম বর্ষে মাসিক, ২য় বর্ষে পাক্ষিক এবং ৩য় বর্ষে সাপ্তাহিক-রূপে প্রচারিত হইয়াছিল। ৩য় বর্ষ হইতে ইহাতে সংবাদ ও রাজনীতির আলোচনাও স্থান পাইত।

৫০। হিতসাধিনী ( মাসত্রয়িক ) : ১ বৈশাখ ১২৭৮।

বরিশালের কুলকাটি হইতে প্রকাশিত। সম্পাদক—তারপাশা গ্রাম-নিবাসী পণ্ডিত নবীনচন্দ্র চক্রবর্ত্তী।

৫১। **মদ না গরল?** ( মাসিক ) : বৈশাখ ১২৭৮।

কেশবচন্দ্র-প্রতিষ্ঠিত ভারত-সংস্কার সভার "সুরাপান ও মাদক নিবারণ"-বিভাগের মুখপত্র। তৎকালে কেশবচন্দ্রের অনুরক্তমণ্ডলীর অন্যতম শিবনাথ শাস্ত্রী ইহার সম্পাদনে কিছু দিন সহায়তা করিয়াছিলেন। ইহার প্রত্যেক সংখ্যা হাজার খণ্ড মুদ্রিত হইয়া বিনামূল্যে বিতরিত হইত।

৫২। বিভাকর ( মাসিক ) : বৈশাখ ১২৭৮।

সাহিত্য-সংক্রান্ত পত্রিকা।

৫৩। দুর্লভ সমাচার ( সাপ্তাহিক··· ) : বৈশাখ (?) ১২৭৮।

পরবর্ত্তী ১৫ই শ্রাবণ হইতে পরিবর্ত্তিত আকারে পাক্ষিক পত্রে রূপান্তরিত হয়; পুস্তক ও সংবাদপত্রের সমালোচনাই ইহাতে সন্নিবিষ্ট হইত।

৫৪। বিজ্ঞান-চক্রবান্ধব ( মাসিক ) : বৈশাখ ১২৭৮।

জোড়াসাঁকো, চাষাধোপা পাড়া হইতে সহ-সম্পাদক বিহারিলাল রায় কর্ত্তৃক প্রকাশিত।

৫৫। বরাহনগর বার্ত্তাবহ ( পাক্ষিক ) : জ্যৈষ্ঠ ১২৭৮।

প্রায় চারি মাস চলিবার পর বন্ধ হইয়া যায়। পর-বৎসর ১লা বৈশাখ হইতে পুনঃপ্রচারিত হয়।

৫৬। **হিন্দু প্রদর্শক** ( মাসিক ) : আষাঢ় ১৭৯৩ শক।

"ইহাতে প্রধানতঃ হিন্দু-শাস্ত্র, হিন্দু-সমাজ, ইতিহাস, বিজ্ঞান ও শিল্পবিষয়ক প্রস্তাব সমুদায় নিবেশিত হইবে, কিন্তু কোন বিষয় নিতান্ত অকিঞ্চিৎকর, অপ্রামাণিক বা পুরাতন

প্রস্তাব গৃহীত হইবে না। প্রসিদ্ধ হিন্দু মেলার উদ্দেশ্য সাধন বিষয়ে সাধ্যমত পোষকতা করাও ইহার একটি প্রধান লক্ষ্য।" সম্পাদক—( যশোহর নিবাসী ? ) সীতানাথ ঘোষ।

৫৭। চুঁচুড়া প্রকাশিকা ( মাসিক ) : শ্রাবণ (?) ১২৭৮।

৫৮। চিকিৎসা সংগ্রহ ( মাসিক ) : শ্রাবণ ১২৭৮।

৫৯। গার্হস্থ্য চিকিৎসা বিধান ( মাসিক ) : জুলাই ১৮৭১।
সম্পাদক—উমাচরণ দে।

৬০। আর্য্যোদয় ( মাসিক···) : শ্রাবণ ১২৭৮।
বারুইপুর হইতে প্রকাশিত। কয়েক মাস পরেই পাক্ষিক পত্রে পরিণত হয়। সম্পাদক—প্রিয়নাথ গুপ্ত।

৬১। ধূমকেতু ( মাসিক ) : ৩১ শ্রাবণ ১২৭৮।
ঢাকা সুলভ যন্ত্র হইতে প্রকাশিত কথা-সাহিত্যমূলক পত্রিকা।

৬২। দেশহিতৈষিণী ( পাক্ষিক ) : ১ আশ্বিন ১২৭৮।
সিরাজগঞ্জের অন্তঃপাতী ফুলকোচা চন্দ্রোদয় যন্ত্র হইতে প্রকাশিত।

৬৩। রস-তরঙ্গ ( সাপ্তাহিক ) : ১০ আশ্বিন ১২৭৮।
এক পয়সা মূল্যের ক্ষুদ্র-কলেবর পত্রিকা। পরিচালক—সুরেন্দ্রমোহন মজুমদার।

৬৪। বিজ্ঞান-রহস্য ( মাসিক ) : আশ্বিন ১২৭৮।
বিজ্ঞান-বিষয়ক পত্র। সম্পাদক—মহেন্দ্রনাথ ভট্টাচার্য্য, এম-এ।

৬৫। **আর্য্যাবর্ত্তরীতিবোধিকা** ( মাসিক ) : আশ্বিন ১২৭৮।
ধর্ম্ম-বিষয়ক পত্রিকা। সম্পাদক—সুপ্রসিদ্ধ কথা-সাহিত্যিক ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়।

## ইং ১৮৭২

৬৬। বিশ্বদর্পণ ( পাক্ষিক ) : মাঘ ১২৭৮ ( জানুয়ারি ১৮৭২ )।

"বালক-বালিকাগণের শিক্ষোপযোগী বিজ্ঞান সাহিত্যাদি বিষয়ক প্রস্তাব এবং রাজনীতি ধর্ম্মনীতি, সামাজিক রীতিনীতি সংক্রান্ত প্রবন্ধ সকল প্রকাশ করা প্রচারকদিগের অভিপ্রেত। সম্পাদক—মোহনলাল বিদ্যাবাগীশ ও তারাকুমার কবিরত্ন। ১২৭৯ সালের বৈশাখ মাসে প্রকাশিত ৩য় সংখ্যা হইতে 'বিশ্বদর্পণ' মাসিক আকার ধারণ করে।

৬৭। জ্ঞানপ্রভা ( মাসিক ) : চৈত্র ১৭৯৩ শক।
সিরাজগঞ্জের নিকটবর্ত্তী ঘোড়াচরা হইতে প্রকাশিত। পরিচালক—চন্দ্রনাথ সেনগুপ্ত।

৬৮। **বঙ্গদর্শন** ( মাসিক ) : বৈশাখ ১২৭৯।

সম্পাদক—বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়। সে-যুগের শ্রেষ্ঠ চিন্তাশীল লেখকবর্গের রচনা ইহার পৃষ্ঠা অলঙ্কৃত করিত। রবীন্দ্রনাথের ভাষায় "বঙ্কিমের বঙ্গদর্শন আসিয়া বাঙ্গালীর হৃদয় একেবারে লুঠ করিয়া লইল।" 'বঙ্গদর্শনে'র বিভিন্ন খণ্ডগুলির প্রকাশকাল :—

| | | |
|---|---|---|
| ১২৭৯—১২৮২ সাল | ১ম-৪র্থ খণ্ড | বঙ্কিমচন্দ্র-সম্পাদিত |
| ১২৮৪—১২৮৫ সাল | ৫ম-৬ষ্ঠ খণ্ড | সঞ্জীবচন্দ্র-সম্পাদিত |
| ১২৮৭ | ৭ম খণ্ড | ঐ |
| ১২৮৮, বৈশাখ-আশ্বিন | ৮ম খণ্ড | ঐ |
| ১২৮৯, বৈশাখ-চৈত্র | ৯ম খণ্ড | ঐ |
| ১২৯০, কার্ত্তিক-মাঘ | | শ্রীশচন্দ্র মজুমদার-সম্পাদিত। |

৬৯। **মধ্যস্থ** ( সাপ্তাহিক··· ) : ২ বৈশাখ ১২৭৯।

সম্পাদক—মনোমোহন বসু। ইহা একখানি উচ্চাঙ্গের পত্রিকা। ইহাতে কবিতা, উপন্যাস, বিবিধ-বিষয়ক প্রবন্ধ, গ্রন্থ-সমালোচনা, দেশ-বিদেশের সংবাদ, এমন কি রাজনীতির আলোচনাও স্থান পাইত। দ্বিতীয় বর্ষের ২৭শ সংখ্যা ( ৯ কার্ত্তিক ১২৮০ ) পর্য্যন্ত সাপ্তাহিকরূপে চলিবার পর 'মধ্যস্থ' পরবর্ত্তী অগ্রহায়ণ মাস হইতে মাসিকপত্রে পরিণত হয়। মাসিক আকারে ইহা ১২৮২ সালের আশ্বিন পর্য্যন্ত জীবিত ছিল।

৭০। সাপ্তাহিক পরিদর্শক : বৈশাখ ১২৭৯।

প্রকাশক—দুর্গাচরণ গুপ্ত ও তৎপুত্র সত্যচরণ গুপ্ত। ইহার "প্রথমাংশে পঞ্জিকা, দ্রব্যাদির আমদানি-রপ্তানি ও বাজার দর, যান-বাহনের ভাড়া উপায়, রাজ আইন, সাপ্তাহিক সমাচার প্রভৃতি···আর দ্বিতীয় অংশে কেবল ব্যাপারগুলি" থাকিত।

৭১। **মুর্শিদাবাদ পত্রিকা** ( সাপ্তাহিক ) : ১৫ বৈশাখ ১২৭৯।

বহরমপুর হইতে প্রকাশিত। ইহাতে প্রধানতঃ সামাজিক ও রাজনীতি বিষয়ের অনুশীলন হইত।

৭২। ধর্ম্মসাধন ( সাপ্তাহিক ) : ২১ বৈশাখ ১৭৯৪ শক।

সঙ্গত হইতে প্রকাশিত এক পয়সা মূল্যের পত্রিকা। ইহাতে কেবল সঙ্গতের বিবরণ ও ব্রাহ্মমন্দিরের উপদেশের সারমর্ম্ম সন্নিবেশিত হইত।

৭৩। সর্ব্বার্থ সঙ্কলন ( মাসিক ) : বৈশাখ ( ? ) ১২৭৯।

কাব্য, নাটক, পুরাণ, বেদ, স্মৃতি, সাংখ্য, পাতঞ্জল ষড়্দর্শন প্রভৃতি গ্রন্থ বাগবাজার-নিবাসী কালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক অনুদিত ও সংশোধিত হইয়া ইহাতে বঙ্গাক্ষরে প্রকাশিত হইত।

৭৪। হিতব্রত ( মাসিক ) : ৩ আষাঢ় ১২৭৯।

"হিন্দুদিগের বেদ দর্শনাদি প্রাচীন শাস্ত্রের আলোচনাই পত্রিকাখানির মুখ্য উদ্দেশ্য।"

৭৫। **পরিমলবাহিনী** ( পাক্ষিক ) : শ্রাবণ, ২য় পক্ষ, ১২৭৯ ( জুলাই ১৮৭২ )।

বরিশালের কেওরা গ্রাম হইতে প্রকাশিত। সম্পাদক—বৈদ্যকুলোদ্ভব পণ্ডিত হরকুমার রায়, লব্ধপ্রতিষ্ঠ গ্রন্থকার শরৎকুমার রায়ের পিতা।

৭৬। বঙ্গসুহৃদ্ ( মাসিক ) : শ্রাবণ ১২৭৯।

সম্পাদক—উমেশচন্দ্র মিত্র। পত্রিকার ১ম পৃষ্ঠায় এই কবিতাটি মুদ্রিত হইত :—

"জন্মভূমি দুঃখে যার চক্ষে আসে জল,
জ্ঞানবান্ সেই তার জনম সফল।"

৭৭। ভারত ভৃত্য। ( সাপ্তাহিক ) : আগষ্ট ১৮৭২।

এক পয়সা মূল্যের সংবাদপত্র। কিছু দিন পরে 'পিপল্স ফ্রেণ্ডে'র সহিত সম্মিলিত হইয়া 'পিপল্স ফ্রেণ্ড ও ভারত ভৃত্য' নাম ধারণ করে। ১৮৭৪ সনের মধ্যভাগ পর্য্যন্ত ইহা জীবিত ছিল।

৭৮। **আসাম-মিহির** ( সাপ্তাহিক ) : ১৪ ভাদ্র ১২৭৯।

আসাম হইতে প্রকাশিত প্রথম বাংলা সাপ্তাহিক পত্র, প্রবাসী বাঙালীদের যত্নে গৌহাটী হইতে প্রচারিত হয়। সম্পাদক—যদুনাথ চক্রবর্ত্তী।

৭৯। **আর্য্য-প্রবর** ( মাসিক ) : ১১ আশ্বিন ১৯২৯ সম্বৎ।

"তত্ত্ব-বোধক মাসিকপত্র"। সম্পাদক—জয়নারায়ণ বন্দ্যোপাধ্যায়।

৮০। **জ্ঞানাঙ্কুর** ( মাসিক ) : আশ্বিন ১২৭৯।

সম্পাদক—শ্রীকৃষ্ণ দাস। এই উচ্চাঙ্গের পত্রিকাখানির প্রথম দুই সংখ্যা রাজসাহী বোয়ালিয়ায় মুদ্রিত হইয়াছিল। ১ম বর্ষের পত্রিকায় তারকনাথের 'স্বর্ণলতা' ধারাবাহিক ভাবে প্রকাশিত হয়। চন্দ্রশেখর মুখোপাধ্যায়ের অপূর্ব্ব রস-রচনা "মসলা-বাঁধা কাগজ" ইহাতেই প্রথমে মুদ্রিত হইয়াছিল। ১৮৮২ সালের অগ্রহায়ণ মাসে রামসর্ব্বস্ব বিদ্যাভূষণ-সম্পাদিত 'প্রতিবিম্ব' পত্র 'জ্ঞানাঙ্কুরে'র সহিত সম্মিলিত হইয়া যায়। 'জ্ঞানাঙ্কুর ও প্রতিবিম্বে'র পৃষ্ঠায় রবীন্দ্রনাথের "বনফুল," "প্রলাপ" ও প্রথম গদ্য-রচনা "ভুবনমোহিনী প্রতিভা, অবসর সরোজিনী ও দুঃখসঙ্গিনী" স্থান পাইয়াছিল।

৮১। **সঙ্গীত-সমালোচনী** ( মাসিক ) : আশ্বিন ১২৭৯।

সম্পাদক—ক্ষেত্রমোহন গোস্বামী। পরমায়ু ছয় মাস।

৮২। বঙ্গদর্পণ ( সাপ্তাহিক ) : অক্টোবর (?) ১৮৭২।

বরিশাল হইতে প্রকাশিত।

৮৩। **সমাজদর্পণ** ( সাপ্তাহিক ) : ২৯ কার্ত্তিক ১২৭৯।

চোরবাগান, সরকার-মুদ্রাযন্ত্রে মুদ্রিত হইত। সম্পাদক—যশোদানন্দন সরকার, ডেপুটি ইন্‌স্পেক্টর অব স্কুলস, খুলনা, জেলা যশোহর। ছোট লাট ক্যাম্বেলের প্রবর্ত্তিত দেশীয় সিবিল সার্ভিস সম্পর্কীয় বিধি-ব্যবস্থার সমালোচনা করিয়া সম্পাদক সরকারী চাকুরী হারাইয়াছিলেন।

৮৪। **আর্য্যবোধক** ( মাসিক ) : পৌষ (?) ১২৭৯।

'বিবিধার্থ সংগ্রহে'র আদর্শে পরিচালিত তত্ত্ববোধক পত্র। সম্পাদক—মথুরানাথ শর্ম্মা।

## ইং ১৮৭৩

৮৫। **বরাহনগর পাক্ষিক সমাচার :** জানুয়ারি ?) ১৮৭৩।

সম্পাদক—শশিপদ বন্দ্যোপাধ্যায়।

৮৬। অবকাশ-সহচরী ( মাসিক ) : জানুয়ারি ১৮৭৩।

সম্পাদক—ডেভিড রজনীকান্ত বিশ্বাস।

৮৭। সর্ব্বার্থসংগ্রহ ( মাসিক ) : ফাল্গুন ১২৭৯।

শ্রীরামপুর আলফ্রেড প্রেস হইতে প্রকাশিত। "বেদাদি বিবিধ শাস্ত্রীয় সম্বাদ ঘটিত মাসিক পুস্তক।" সম্পাদক—অতুলনাথ তর্কবাগীশ ও কালীবর বেদান্তবাগীশ।

৮৮। পুলিশ গেজেট ও বঙ্গবার্ত্তাবহ ( মাসিক ) : ১৯ ফাল্গুন ১২৭৯।

পুলিস-বিভাগের উন্নতিসাধনের উদ্দেশ্যে মুদ্গরস্বরূপ ব্যবহৃত হইত।

৮৯। **ভারত-সংস্কারক** ( সাপ্তাহিক ) : ৭ বৈশাখ ১২৮০।

উচ্চাঙ্গের সংবাদপত্র। সম্পাদক—মজিলপুর-নিবাসী উমেশচন্দ্র দত্ত, 'বামাবোধিনী পত্রিকা'-সম্পাদক।

৯০। **দূত** ( সাপ্তাহিক ) : বৈশাখ ১২৮০।

প্রকাশক—মহেন্দ্রনাথ ঘোষ, বেন্টিঙ্ক প্রেসের স্বত্বাধিকারী। এক পয়সা মূল্যের সংবাদপত্র।

৯১। বঙ্গমিহির ( মাসিক ) : বৈশাখ ১২৮০।

"যাহাতে খ্রীষ্ট সমাজ মধ্যে পারমার্থিক জ্ঞান ও ভাব সম্বর্দ্ধিত হয়, ঈদৃশ প্রবন্ধাদি প্রকাশ করাই এই পত্রখানির মুখ্য উদ্দেশ্য।" সম্পাদক—চন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, ভবানীপুর মিশন কলেজ।

৯২। বারুইপুর চিকিৎসাতত্ত্ব ( পাক্ষিক ) : বৈশাখ ১২৮০।

বারুইপুর হইতে প্রকাশিত। সম্পাদক—ডাঃ পূর্ণচন্দ্র দাস।

৯৩। **মহাপাপ বাল্য বিবাহ** ( মাসিক ) : বৈশাখ ১২৮০।

ঢাকা হইতে প্রকাশিত। বাল্যবিবাহ নিবারণ করা পত্রিকাখানির উদ্দেশ্য। সম্পাদক—নবকান্ত চট্টোপাধ্যায়।

৯৪। গ্রামবাসী ( মাসিক…) : বৈশাখ ১২৮০।

রাণাঘাট হইতে প্রচারিত। দুই বৎসর পরে 'সাপ্তাহিক সমাচারে'র সহিত মিলিত হইয়া যায়।

৯৫। বালারঞ্জিকা ( সাপ্তাহিক ) : বৈশাখ ১২৮০।

বরিশাল সত্যপ্রকাশ যন্ত্র হইতে এক পয়সা মূল্যে প্রচারিত। স্ত্রীপাঠ্য পত্রিকা।

৯৬। গ্রামদূত ( পাক্ষিক ) : বৈশাখ ১২৮০।

বাখরগঞ্জ জেলার একটি পল্লীগ্রাম হইতে প্রকাশিত।

৯৭। বিশ্বদর্শন পাক্ষিক ) : বৈশাখ ১২৮০।

কলিকাতা দ্বৈপায়ন যন্ত্র হইতে শিবচন্দ্র চট্টোপাধ্যায় কর্তৃক প্রকাশিত।

৯৮। বঙ্গবিধান ( মাসিক ) : বৈশাখ ১২৮০।

৯৯। বিজ্ঞান-বিকাশ ( পাক্ষিক ) : ১৮ জ্যৈষ্ঠ ১২৮০।

খড়দহ হইতে প্রতি পক্ষের চতুর্থীতে প্রকাশিত। বাংলা ও ইংরেজী উভয় ভাষার প্রবন্ধই ইহাতে স্থান পাইত।

১০০। **সহচর** ( সাপ্তাহিক ) : ৩ আষাঢ় ১২৮০।

'সোমপ্রকাশে'র আদর্শে পরিচালিত। সম্পাদক—বিপ্রদাস বন্দ্যোপাধ্যায়।

১০১। জ্ঞানবিকাশিনী ( সাপ্তাহিক ) : আষাঢ় ১২৮০।

পাবনার সন্নিকটস্থ চাটমোহর হইতে প্রকাশিত। তত্ত্বাবধায়ক—মহিমচন্দ্র চক্রবর্তী।

১০২। **সাপ্তাহিক সমাচার** : ৫ শ্রাবণ ১২৮০।

"যে যে অনুষ্ঠান দ্বারা বাঙ্গালিরা জাতিগত মহত্ত্ব লাভ করিতে পারিবেন, শুদ্ধ সেই সমস্ত অনুষ্ঠান এতৎ পত্র সম্পাদকদিগের অনুমোদনীয়।" প্রধানতঃ যদুগোপাল চট্টোপাধ্যায় পত্রিকা সম্পাদন করিতেন।

১০৩। সংবেদক ( সাপ্তাহিক ) : ভাদ্র ১২৮০।

বহরমপুর ধনসিন্ধু যন্ত্রালয় হইতে এই সাপ্তাহিক সংবাদপত্র প্রকাশিত হয়।

১০৪। **তমোলুক পত্রিকা** ( মাসিক ) : ভাদ্র ১২৮০।

তমোলুক হইতে প্রকাশিত। সে যুগের একখানি উৎকৃষ্ট মাসিক পত্রিকা। সম্পাদক—ত্রৈলোক্যনাথ রক্ষিত।

১০৫। অবকাশতোষিণী ( মাসিক ) : ভাদ্র ১২৮০।

নিউ স্কুলবুক প্রেস হইতে প্রকাশিত।

১০৬। **বঙ্গদর্শন** ( সাপ্তাহিক ) : ভাদ্র ( ? ) ১ ৮০।

চোরবাগান, নিউ সরকার্স প্রেস হইতে এক পয়সা মূল্যে প্রচারিত হইত।

১০৭। পল্লীদর্শন ( মাসিক ) : ভাদ্র ১২৮০।

পাবনার অন্তর্গত চাটমোহরের জ্ঞানবিকাশিনী যন্ত্রে মুদ্রিত হইয়া হরিপুর হইতে ঈশানচন্দ্র চক্রবর্ত্তী কর্তৃক প্রকাশিত হইত।

১০৮। প্রমোদিনী ( চাতুর্মাসিক ) : ১ আশ্বিন ১২৮০।

পাকুড় প্রমোদিনী সভা হইতে প্রচারিত, কতকগুলি গদ্য-পদ্য রচনার সমষ্টি।

১০৯। **সমাজ-দর্পণ** ( পাক্ষিক ) : আশ্বিন ১২৮০।

চন্দননগর হইতে প্রকাশিত ইহাই বোধ হয় স্বল্প মূল্যের প্রথম বাংলা সংবাদপত্র। সম্পাদকের নিবেদনে প্রকাশ, "ইহাতে বিবিধ সংবাদ, হিতোপদেশ, ইতিহাস, জীবনচরিত ও নানা গদ্য পদ্য রচিত কাব্য সন্নিবেশিত করিব, ইহা ভিন্ন কুৎসিত গল্প বা লোকের কুৎসা লিখিয়া পাঠকগণের বিরাগভাজন হইব না।"

১১০। হেমলতা ( পাক্ষিক ) : ১ কার্ত্তিক ১২৮০।

"দেশীয় স্ত্রীলোকদিগকে লিখিতে উৎসাহিত করা ইহার একটি প্রধান উদ্দেশ্য।" সম্পাদক—মহেন্দ্রনাথ ঘোষ, বেন্টিঙ্ক প্রেস।

১১১। **সাধারণী** ( সাপ্তাহিক ) : ১১ কার্ত্তিক ১২৮০।

"রাজনীতি জড়িত সাহিত্যিক সক্ মিটাইবার জন্য" অক্ষয়চন্দ্র সরকার চুঁচুড়া হইতে এই সাপ্তাহিক পত্র প্রকাশ করেন। ইহা সে-যুগের একখানি উৎকৃষ্ট পত্র। বঙ্কিমচন্দ্র, ইন্দ্রনাথ প্রমুখ সাহিত্যরথীদের রচনা ইহার পৃষ্ঠা অলঙ্কৃত করিত। ইহারই পৃষ্ঠায় 'বঙ্গবাসী'র প্রতিষ্ঠাতা ও খ্যাতনামা লেখক যোগেন্দ্রচন্দ্র বসুর হাতেখড়ি হয়। ১২৯৩ সালের বৈশাখ মাসে 'নববিভাকর' 'সাধারণী'র সহিত সম্মিলিত হইয়া যায়। 'নববিভাকর—সাধারণী' ৪র্থ ভাগ, ২১শ সংখ্যা ( ১৮ ভাদ্র ১২৯৬ ) পর্য্যন্ত প্রকাশিত হইবার পর তিরোহিত হয়।

১১২। **পূর্ণশশী** ( মাসিক ) : কার্ত্তিকী পূর্ণিমা ১২৮০।

প্রতি পূর্ণিমায় প্রকাশিত হইত। সম্পাদক— ভুবনচন্দ্র মুখোপাধ্যায়।

১১৩। ভারত-সুহৃদ ( সাপ্তাহিক ) : কার্ত্তিক ( ? ) ১২৮০।

এক পয়সা মূল্যের সাপ্তাহিক সংবাদপত্র।

১১৪। কাঁচরাপাড়া প্রকাশিকা ( মাসিক ) : ১ অগ্রহায়ণ ১২৮০।

সম্পাদক—দেবেন্দ্রকুমার রায়।

১১৫। সুবোধিনী ( মাসিক ) :

পাবনা চাটমোহর রামনগর হইতে অগ্রহায়ণ মাসে প্রকাশিত হইবে, সংবাদপত্রে এইরূপ বিজ্ঞাপিত হইয়াছিল।

১১৬। সিহাড়সোল পত্রিকা ( পাক্ষিক ) : অগ্রহায়ণ ( ? ) ১২৮০।

স্থানীয় সংবাদের সহিত ইংরেজী-বাংলা উভয়বিধ প্রবন্ধই ইহাতে স্থান লাভ করিত।

১১৭। ভারতদর্পণ ও পুলিস বার্ত্তাবহ ( পাক্ষিক ) : ৩ পৌষ ১২৮০।

চুঁচুড়া হইতে প্রকাশিত।

## ইং ১৮৭৪

১১৮। **হাবড়া হিতকরী** ( সাপ্তাহিক ) : জানুয়ারি ( ? ) ১৮৭৪।

আচার্য্য কৃষ্ণকমল ইহাতে মাঝে মাঝে লিখিতেন। এক বার তিনি 'হাবড়া হিতকরী'তে হেমচন্দ্রের 'চিন্তাতরঙ্গিণী' সমালোচনা করিয়া দেখাইয়া দেন যে, "হেমবাবুর 'কেন বা হইবে আন, পুরুষের শত টান' ইত্যাদি বায়রণের 'Man's love of man's life is a thing apart' ( Don Juan, canto I ) ইত্যাদির অনুবাদ।"

১১৯। **হরবোলা ভাঁড়** ( মাসিক ) : জানুযারি ১৮৭৪।

বিলাতী *Punch*এর অনুকরণে ব্যঙ্গচিত্র সম্বলিত মাসিকপত্র। "বঙ্গভাষায় এটি একটি নূতন পদ্ধতির কাগজ।" পরিচালক—দুর্গাদাস ধর।

১২০। **বসন্তক** ( মাসিক ) : ৩১ জানুযারি ১৮৭৪।

এখানিও একখানি শ্লেষাত্মক মাসিক পত্রিকা। প্রতি সংখ্যায় 'পাঞ্চে'র অনুকরণে তিন-চারখানি ব্যঙ্গ লিথো-চিত্র থাকিত; চিত্রগুলি নিমতলা-নিবাসী গিরীন্দ্রকুমার দত্ত-অঙ্কিত। প্রাণনাথ দত্ত 'বসন্তক' সম্পাদন করিতেন বলিয়া মনে হয়।

১২১। **ভ্রমর** ( মাসিক ) : বৈশাখ ১২৮১।

সম্পাদক—সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়। বঙ্কিমচন্দ্র জ্যেষ্ঠ সহোদর সম্বন্ধে লিখিয়াছেন, "পত্রখানি অতি উৎকৃষ্ট হইয়াছিল; এখন আবার তাঁহার তেজস্বিনী প্রতিভা পুনরুদ্দীপ্ত হইয়া উঠিল। প্রায় তিনি একাই ভ্রমরের সমস্ত প্রবন্ধ লিখিতেন।" ইহা ২য় বর্ষের ৩য় সংখ্যা ( আষাঢ় ১২৮২ ) পর্য্যন্ত চলিবার পর বন্ধ হইয়া যায়। অনেকে জানেন না, ১২৮৫ সালের ভাদ্র মাসে 'ভ্রমরে'র "নূতন পর্য্যায় ১ম খণ্ড ১ম সংখ্যা" ও পরবর্ত্তী আশ্বিন মাসে ২য় সংখ্যা বাহির হইয়াছিল।

১২২। **আর্য্যদর্শন** ( মাসিক ) : বৈশাখ ১২৮১।

সম্পাদক—যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ। "জ্ঞান ও নীতির চর্চ্চা এবং প্রচার ইহার প্রধান উদ্দেশ্য।" এই সুপরিচালিত মাসিকপত্রখানি এগার বৎসর—১২৯২ সাল পর্য্যন্ত চলিয়া তিরোহিত হয়। ইহার ৫ম ভাগ ১২৮৫ সালে, কিন্তু ৬ষ্ঠ ভাগ ১২৮৭ সালে বাহির হইয়াছিল।

১২৩। **ভারত শ্রমজীবী** ( মাসিক ) : বৈশাখ ১২৮১।

বরাহনগর হইতে প্রকাশিত। সম্পাদক—শশিপদ বন্দ্যোপাধ্যায়। পত্রিকা প্রচারের উদ্দেশ্য এইরূপ :—"সামান্য লোকদিগের জন্য আমাদের দেশে কোন সচিত্র পত্রিকা নাই। এই অভাব দূর করিবার জন্য আমাদের মনে অত্যন্ত ইচ্ছা হওয়াতেই আমরা এই পত্রিকাখানি বাহির করিতে আরম্ভ করিলাম। কারিকর, দোকানদার ও কৃষক প্রভৃতি সামান্য লোকদিগের চরিত্র ভাল করিবার জন্য যাহা আমাদের আবশ্যক বোধ হইবে, তাহাই ইহাতে প্রকাশিত হইবে।"

১২৪। **গোয়ালপাড়া-হিতসাধিনী** ( পাক্ষিক··· ) : বৈশাখ ১২৮১।

গোয়ালপাড়া হইতে প্রকাশিত। আসামের রাজনীতি, রাজকার্য্য প্রভৃতির আলোচনা করাই ইহার মুখ্য উদ্দেশ্য ছিল। নানা কারণে দিনকতক বন্ধ থাকিবার পর ১২৮২ সালের শেষার্দ্ধে সাপ্তাহিক আকারে ইহা পুনঃপ্রচারিত হয়।

১২৫। **আজীজন নেহার** ( মাসিক ) : বৈশাখ ১২৮১।

হুগলী কলেজের কতিপয় মুসলমান যুবকের উদ্যোগে চুঁচুড়া হইতে ইহার প্রচার আরম্ভ হয়। সম্পাদক—মীর মশার্‌রফ হোসেন।

১২৬। সাহিত্য কুসুম ( মাসিক ) : বৈশাখ ১২৮১।

হুগলী বুধোদয় যন্ত্র হইতে বিজয়কুমার মুখোপাধ্যায় কর্তৃক প্রকাশিত।

১২৭। ভারত দর্পণ প্রকাশিকা ( মাসিক ) : বৈশাখ ১২৮১।

সাধারণের হিতার্থে বিনামূল্যে বিতরিত।

১২৮। পরিদর্শক ( সাপ্তাহিক ) :

চাটমোহর জ্ঞানবিকাশিনী যন্ত্রে মুদ্রিত হইয়া ৮ই জ্যৈষ্ঠ হইতে প্রকাশিত হইবে—এইরূপ বিজ্ঞাপিত হইয়াছিল।

১২৯। **বান্ধব** ( মাসিক ) : আষাঢ় ১২৮১।

ঢাকা হইতে 'বঙ্গদর্শনে'র আদর্শে সুলভ মূল্যে প্রচারিত। ইহা একখানি উচ্চাঙ্গের পত্র। সম্পাদক—কালীপ্রসন্ন ঘোষ। রমেশচন্দ্রের 'জীবন-প্রভাত' প্রথমে ইহাতেই স্থান লাভ করে। 'বান্ধব' অনিয়মিতভাবে দীর্ঘকাল চলিয়াছিল। ইহার বিভিন্ন খণ্ডগুলির প্রকাশকাল :—

| | |
|---|---|
| ১ম বর্ষ | ১২৮১, আষাঢ়-চৈত্র |
| ২য় বর্ষ | ১২৮২, বৈশাখ-চৈত্র |
| ৩য় বর্ষ | ১২৮৩, বৈশাখ-চৈত্র |
| ৪র্থ বর্ষ | ১২৮৫ |
| ৫-৬-৭ম বর্ষ | ১২৮৭, ১২৮৮, ১২৮৯ |
| ৮ম বর্ষ | ১২৯১ |

| | |
|---|---|
| ৯ম বর্ষ | ১২৯২ ( বৈশাখ-আশ্বিন )—১২৯৩ ( কার্ত্তিক-চৈত্র ) |
| ১০ম বর্ষ | ১২৯৪, ১ম-৫ম সংখ্যা |
| ১১শ বর্ষ | ১২৯৫, ১ম-২য় ( ? ) |
| (নব পর্য্যায়) ১ম বর্ষ | ১৩০৮, ফাল্গুন—১৩০৯, মাঘ |
| ২য় বর্ষ | ১৩১০, বৈশাখ-চৈত্র |
| ৩য়-৪র্থ বর্ষ | ১৩১১, ১৩১২ |
| ৫ম বর্ষ | ১৩১৩, বৈশাখ-ভাদ্র। |

১৩০। বাঙ্গালী খৃষ্টিয়ান ( মাসিক ) : জুন ১৮৭৪।

পরিচালক—রজনীকান্ত বিশ্বাস।

১৩১। হিন্দুবিলাসী ( মাসিক ) : ৪ শ্রাবণ ১২৮১।

কাঁঠালপাড়া হইতে প্রকাশিত। সাহিত্য রহস্য প্রভৃতি নানা বিষয়ক প্রবন্ধ ইহাতে স্থান পাইত। সম্পাদক চুঁচুড়া মিশন বিদ্যালয়ের সহিত যুক্ত ছিলেন। প্রকাশক—প্রসন্নচন্দ্র চট্টোপাধ্যায়।

১৩২। সুহৃদ ( মাসিক ) : শ্রাবণ ১২৮১।

বিনামূল্যে বিতরিত। ৯২ নং বউবাজার ষ্ট্রীট হইতে প্রকাশিত।

১৩৩। হিন্দুরঞ্জন ( মাসিক ) : শ্রাবণ (?) ১২৮১।

"দেশীয় আচার, ব্যবহার, রীতি, নীতি, সম্পূর্ণরূপে সংশোধন দ্বারা সমাজ সংস্করণ, শারীরিক স্বাস্থ্য ও বল বিধান এবং আত্মোৎকর্ষ সাধনই এ পত্রের প্রধান উদ্দেশ্য।" এই উপকারী পত্রখানি শিকদারবাগান, হিন্দু বিদ্যালয় হইতে প্রকাশিত। সম্পাদক—দ্বারকানাথ মুখোপাধ্যায়, হিন্দু ব্যায়াম বিদ্যালয়ের অধীন হিন্দুসভার সম্পাদক।

১৩৪। কুমুদিনী ( মাসিক ) : শ্রাবণ ১২৮১।

চুঁচুড়া হইতে প্রকাশিত। সম্পাদক—হরিনারায়ণ বন্দ্যোপাধ্যায়।

১৩৫। সহোদর ( মাসিক ) : ভাদ্র ১২৮১।

ধুলিয়ান, মুর্শিদাবাদ হইতে প্রকাশিত। বঙ্গীয় সাহিত্য-সংসারকে পরিহাস করিবার জন্যই ইহার আবির্ভাব। সম্পাদক—অনুকূলচন্দ্র চট্টোপাধ্যায়, সাংবাদিক ভুবনচন্দ্র মুখোপাধ্যায়ের জামাতা।

১৩৬। সরোজিনী ( মাসিক ) : ভাদ্র ১২৮১।

শান্তিপুর গোস্বামীপাড়া হইতে প্রকাশিত। সম্পাদক—বিহারিলাল গোস্বামী।

১৩৭। উচিত বক্তা ( পাক্ষিক ) : ১০ সেপ্টেম্বর ১৮৭৪।

মুর্শিদাবাদ আজিমগঞ্জ বিশ্ববিনোদ যন্ত্রালয় হইতে প্রকাশিত। সম্পাদক—গঙ্গাচরণ বেদান্তবাগীশ।

১৩৮। প্রতিধ্বনি ( সাপ্তাহিক ): ৭ আশ্বিন ১২৮১।

কলিকাতা ১১ নং কলেজ ষ্ট্রীট হইতে প্রকাশিত। প্রধান প্রধান সংবাদপত্রের সহিত সংশ্লিষ্ট কয়েক জন সুলেখক দ্বারা পরিচালিত। সম্পাদক—নগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়।

১৩৯। বাঙ্গালি ( মাসিক ): আশ্বিন ১২৮১।

ময়মনসিংহ হইতে প্রকাশিত। স্বত্বাধিকারী—ময়মনসিংহ জিলা-স্কুলের শিক্ষক, 'হেলেনা' কাব্য-রচয়িতা আনন্দচন্দ্র মিত্র। শ্রীনাথ চন্দ 'বাঙ্গালি' সম্পাদন করিতেন বলিয়া জানা যায়।

১৪০। চিকিৎসা-তত্ত্ব ( মাসিক ): আশ্বিন ১৭৯৬ শক।

"চিকিৎসাবিদ্যা-সম্বন্ধীয় বিষয়পূর্ণ মাসিকপত্র।" চিকিৎসক-সম্প্রদায়ের মুখপত্রও বটে।

১৪১। হিতবোধ ( মাসিক ): ৩১ আশ্বিন ১২৮১।

ভাঙ্গামোড়া হইতে প্রতি সংক্রান্তির দিন প্রকাশিত। সম্পাদক—অম্বিকাচরণ গুপ্ত, ভাঙ্গামোড়া স্কুলের হেডমাষ্টার।

১৪২। **সমদর্শী** or The Liberal ( মাসিক ): অগ্রহায়ণ ১২৮১।

ধর্ম্ম, সমাজ ও নীতিবিষয়ক দ্বিভাষিক পত্র। রাজনারায়ণ বসু, শিবচন্দ্র দেব, দ্বারকানাথ গঙ্গোপাধ্যায়, চন্দ্রশেখর বসু প্রমুখ মনীষিবর্গের গদ্য-পদ্য রচনা ইহাতে স্থান পাইত। সম্পাদক—শিবনাথ শাস্ত্রী।

১৪৩। দর্শক ( সাপ্তাহিক ): ৬ অগ্রহায়ণ ১২৮১।

সাহিত্য-বিষয়ক পত্র ও সমালোচন।

১৪৪। দর্শক ( মাসিক ): অগ্রহায়ণ ১২৮১।

সাহিত্য-বিষয়ক মাসিকপত্র ও সমালোচন, কলিকাতা জ্ঞানদীপিকা পুস্তকালয় হইতে অবিনাশচন্দ্র নিয়োগী কর্ত্তৃক প্রকাশিত।

১৪৫। **প্রাচীন কাব্যসংগ্রহ** ( মাসিক ): অগ্রহায়ণ ১২৮১।

চুঁচুড়া কদমতলা সাধারণী যন্ত্র হইতে প্রকাশিত। ইহাতে বিদ্যাপতি, গোবিন্দদাস, কবিকঙ্কণ প্রভৃতি প্রাচীন কবিগণের কাব্য ধারাবাহিক ভাবে প্রকাশিত হইত। প্রত্যেক কবির সংক্ষিপ্ত জীবনচরিত, কাব্যের গুণবিচার ইত্যাদিও সন্নিবিষ্ট হইত। সম্পাদক—সারদাচরণ মিত্র, অক্ষয়চন্দ্র সরকার, বরদাকান্ত মিত্র।

১৪৬। হিন্দু দর্পণ ( মাসিক ): অগ্রহায়ণ ১২৮১।

বোড়াল হইতে প্রকাশিত। সম্পাদক—নারায়ণদাস তপস্বী।

১৪৭। কুমুদ বান্ধব ( মাসিক ): অগ্রহায়ণ (?) ১২৮১।

১৪৮। ভারত হিতৈষিণী ( মাসিক ): অগ্রহায়ণ (?) ১২৮১।

কলিকাতা সুধাবর্ষণ যন্ত্রে মুদ্রিত ও বিনামূল্যে বিতরিত।

১৪৯। সত্যপ্রকাশ ( পাক্ষিক ) : পৌষ ১২৮১।

বরিশাল হইতে প্রকাশিত।

১৫০। পারিল বার্ত্তাবহ ( পাক্ষিক ) ঃ পৌষ (?) ১২৮১।

ঢাকা মাণিকগঞ্জের অন্তর্গত পারিল হইতে প্রকাশিত। সম্পাদক—আনিছউদ্দীন আহাম্মদ।

## ইং ১৮৭৫

১৫১। সুদর্শন ( মাসিক ) : পৌষ ১২৮১ ( জানুয়ারি ১৮৭৫ )।

সাহিত্য, বিজ্ঞান ও ধর্ম্মনীতি-বিষয়ক মাসিকপত্র। পরিচালক—গোপালচরণ মিত্র।

১৫২। প্রভাত সমীর ( দৈনিক ) : ১৫ মাঘ ১২৮১।

সম্পাদক—ক্ষেত্রমোহন সেনগুপ্ত ও শ্রীমদ্ভাগবতের অনুবাদক দুর্গাচরণ বন্দ্যোপাধ্যায়। সেকালের একখানি উৎকৃষ্ট সংবাদপত্র; অর্থাভাবে মাস-চারেক পরেই প্রচার রহিত হয়।

১৫৩। বঙ্গহিতৈষিণী ( পাক্ষিক ) : মাঘ ১২৮১।

কলিকাতা কালীঘাট হইতে প্রকাশিত। সম্পাদক—বঙ্কবিহারী সান্ন্যাল।

১৫৪। বিচারক ( সাপ্তাহিক ) : ফাল্গুন ১২৮১।

'হালিশহর পত্রিকা'র লেখকগণ কর্ত্তৃক কলিকাতা ভিক্টোরিয়া যন্ত্র হইতে এই ইংরেজী-বাংলা দ্বিভাষিক পত্র প্রকাশিত হয়। পর-বৎসর বৈশাখ মাসে ইহা 'সমাজ-দর্পণে'র সহিত সম্মিলিত হইয়া যায়।

১৫৫। দুর্ল্লভ—অনাথবন্ধু ( সাপ্তাহিক ) : ফাল্গুন ১২৮১।

অনাথবন্ধু ঠাকুরের নামে পত্রিকাখানির নামকরণ হইয়াছিল।

১৫৬। হিন্দু দর্পণ ( পাক্ষিক ) : ১৫ চৈত্র ১২৮১।

"পত্রের নাম 'হিন্দু দর্পণ' রহিল। ইহাতে ইহার উদ্দেশ্য প্রকাশিত রহিয়াছে। আমরা হিন্দু সন্তানদিগের সমুদয় ছবিই এই দর্পণের সাহায্যে দেখিব।" সম্পাদক—ষোড়শীচরণ মিত্র ( ৩৭ গ্রে ষ্ট্রীট )।

১৫৭। বিরীয়া পত্র ( মাসিক ) : ৪ এপ্রিল ১৮৭৫।

'বিরীয়া পত্র' বা Berean Leaves কলিকাতা ট্রাক্ট সোসাইটি কর্ত্তৃক প্রকাশিত ধর্ম্মমূলক পত্রিকা। রেঃ এস. সি. ঘোষ।

১৫৮। সুহৃদ্ ( সাপ্তাহিক ) : ১ বৈশাখ ১২৮২।

ময়মনসিংহ মুক্তাগাছা হইতে প্রকাশিত।

১৫৯। রাজসাহী সমাচার ( সাপ্তাহিক ) : বৈশাখ ১২৮২

করচমারিয়া রাজসাহী হইতে বেণীমাধব নন্দী কর্ত্তৃক প্রকাশিত। পরমায়ু এক বৎসর।

১৬০। হুতম! (সাপ্তাহিক): ১২ বৈশাখ ১২৮২।

"হুতমের নিবেদনে" প্রকাশ :—"সামাজিক দোষাদোষ উল্লেখ করাই আমার প্রধান কর্ম্ম।...সমাজ সংস্করণ এবং ভারতভূমির উন্নতি সাধনই আমার একমাত্র সঙ্কল্প। প্রলোভন ও ভয় আমার অভিধানে নাই।" সম্পাদক—রাধামাধব হালদার, আহিরিটোলা।

১৬১। **সম্মিলনী** (সাপ্তাহিক): ২৮ বৈশাখ ১২৮২।

তেওতা হইতে প্রকাশিত। সাত-আট মাস পরে 'প্রতিধ্বনি'র সহিত সম্মিলিত হইয়া কলিকাতা হইতেই প্রকাশিত হইতে থাকে।

১৬২। **প্রতিবিম্ব** (মাসিক): বৈশাখ ১২৮২।

সম্পাদক—রামসর্ব্বস্ব বিদ্যাভূষণ, ভূতপূর্ব্ব 'কল্পলতিকা'-সম্পাদক, মেট্রোপলিটান ইন্‌ষ্টিটিউশনের অধ্যাপক ও রবীন্দ্রনাথের সংস্কৃত-শিক্ষক। 'প্রতিবিম্ব' একখানি উৎকৃষ্ট পত্রিকা। প্রথম সংখ্যায় রবীন্দ্রনাথের প্রাথমিক রচনা "প্রকৃতির খেদ" কবিতা ও ২য় সংখ্যায় দ্বিজেন্দ্রনাথের "পাতঞ্জলের যোগশাস্ত্র" প্রকাশিত হইয়াছিল। পরবর্ত্তী অগ্রহায়ণ মাস হইতে পত্রিকাখানি 'জ্ঞানাঙ্কুরে'র সহিত সম্মিলিত হইয়া 'জ্ঞানাঙ্কুর ও প্রতিবিম্ব' নাম ধারণ করে।

১৬৩। **বিনোদিনী** (মাসিক): বৈশাখ ১২৮২।

"ভুবনমোহিনী দেবী" এই নামে বুঢ়ারগ্রাম-নিবাসী 'ভুবনমোহিনী প্রতিভা'র কবি নবীনচন্দ্র মুখোপাধ্যায় নসীপুরে অবস্থানকালে বন্ধু জগন্নাথপ্রসাদ গুপ্তের (ছোট তরফের রাণী অন্নপূর্ণার পোষ্যপুত্র) আনুকূল্যে 'বিনোদিনী' প্রকাশ করেন। অনেকে ইহাকে মহিলা-পরিচালিত প্রথম মাসিক পত্রিকারূপে উল্লেখ করিয়া ভুল করিয়াছেন।

১৬৪। **বঙ্গমহিলা** (মাসিক): বৈশাখ ১২৮২।

"বঙ্গবাসিনীগণের হস্তে সময়ে সময়ে নীতিগর্ভ ও জ্ঞানগর্ভ প্রবন্ধ সকল উপহার দেওয়াই" ইহার প্রধান উদ্দেশ্য ছিল। সম্পাদক—ডা: ভুবনমোহন সরকার, প্যারীচরণ সরকারের ভ্রাতুষ্পুত্র।

১৬৫। হিতৈষিণী (মাসিক): বৈশাখ ১২৮২।

বরিশাল হইতে প্রকাশিত। সম্পাদক—দীননাথ সেন।

১৬৬। প্রিয়দর্শন (মাসিক): বৈশাখ ১২৮২।

পরিচালক—গোড়াপল্লী-নিবাসী অন্নদাপ্রসাদ পাল।

১৬৭। শুভাকাঙ্ক্ষী (মাসিক): বৈশাখ ১২৮২।

পরিচালক—বেণীমাধব বন্দ্যোপাধ্যায়।

১৬৮। ভারতবর্ষীয় আর্য্য পত্রিকা (মাসিক): বৈশাখ ১২৮২।

হরিনাভিস্থ ভারতবর্ষীয় আর্য্যসভার মুখপত্র। "আর্য্যধর্ম্ম রক্ষা, প্রচার ও কায়স্থ জাতির ক্ষত্রিয়ত্ব প্রতিপাদন করা ইহার মুখ্য উদ্দেশ্য।" সম্পাদক—গোপাললাল বসু বর্ম্মা।

১৬৯। মধুমক্ষিকা ( মাসিক ) : জ্যৈষ্ঠ ১২৮২।

গোয়ালপাড়া হইতে প্রকাশিত।

১৭০। রাজসাহীবাসী ( মাসিক ) :

রাজসাহী, করচমারিয়া-নিবাসী রাজকুমার সরকার ইহা প্রকাশের আয়োজন করিয়াছেন —ইহাতে প্রধানতঃ ইতিহাস, রাজনীতি সম্বন্ধীয় পুস্তক ও প্রস্তাবের অনুবাদ, সমালোচনা প্রভৃতি থাকিবে, ১ জ্যৈষ্ঠ তারিখে সংবাদপত্রে এইরূপ বিজ্ঞাপিত হইয়াছিল।

১৭১। রত্নাকর ( সাপ্তাহিক ) : আষাঢ় ১২৮২।

সম্পাদক—নিবারণচন্দ্র গুপ্ত।

১৭২। মধুকর ( সাপ্তাহিক ) : শ্রাবণ ১২৮২।

সম্পাদক—উপেন্দ্রচন্দ্র মিত্র।

১৭৩। ঢাকা দর্শক ( সাপ্তাহিক ) : ২১ শ্রাবণ ১২৮২।

ঢাকা হইতে এক পয়সা মূল্যে প্রচারিত।

১৭৪। ষ্টার অব্ ইণ্ডিয়া বা ভারত নক্ষত্র ( সাপ্তাহিক ) : শ্রাবণ ১২৮২।

দ্বিভাষিক—ইংরেজী-বাংলা পত্রিকা।

১৭৫। **অনাথিনী** ( মাসিক ) : শ্রাবণ ১২৮২।

আজিমগঞ্জ বিশ্ববিনোদ যন্ত্রে মুদ্রিত হইয়া ধুলিয়ান হইতে প্রকাশিত। 'অনাথিনী'ই প্রকৃতপক্ষে মহিলা-পরিচালিত প্রথম মাসিক পত্রিকা। সম্পাদিকা—থাকমণি দেবী, সম্ভবতঃ 'সহোদর'-সম্পাদক অনুকুলচন্দ্র চট্টোপাধ্যায়ের অল্পবয়স্কা কন্যা।

১৭৬। অণুবীক্ষণ ( মাসিক ) : শ্রাবণ ১২৮২।

"স্বাস্থ্যরক্ষা, চিকিৎসাশাস্ত্র ও তৎসহযোগী অন্যান্য শাস্ত্রাদি বিষয়ক মাসিক পত্রিকা।" সম্পাদক—ডাঃ হরিশ্চন্দ্র শর্ম্মা, বউবাজার।

১৭৭। মানসমোহিনী ( মাসিক ) : ভাদ্র (?)* ১২৮২।

সম্পাদক—সীতানাথ ঘোষ।

১৭৮। বন-কুসুম ( মাসিক )। আশ্বিন ১২৮২।

১৭৯। ভিখারিণী ( মাসিক ) : আশ্বিন ১২৮২।

কলিকাতার কাঁসারিপাড়া লেন হইতে প্রকাশিত। পরিচালক—আশুতোষ বন্দ্যোপাধ্যায়।

১৮০। প্রমোদী ( মাসিক ) : আশ্বিন ১২৮২।

ময়মনসিংহ, মুক্তাগাছা হইতে প্রকাশিত।

১৮১। সুধাকর ( মাসিক ) : কার্ত্তিক ১২৮২।

সম্পাদক—বহরমপুর-নিবাসী বৃন্দাবনচন্দ্র সরকার।

১৮২। যুবরাজের ভ্রমণ বিবরণ ( সাপ্তাহিক ) : ৫ অগ্রহায়ণ ১২৮২।

"প্রিন্স অব ওয়েলসের ভারতবর্ষে শুভাগমন হইতে পুনর্যাত্রা পর্য্যন্ত সামুদায়িক বিবরণ" সচিত্র আকারে প্রকাশ করিয়া ভ্রমণ-ঘটনাটি চিরস্মরণীয় করণ ও রাজভক্তি প্রদর্শন উদ্দেশ্যেই ইহা প্রচারিত হইয়াছিল। সম্পাদক—রাধামাধব হালদার, আহিরিটোলা।

১৮৩। ভাবী সম্রাটের ভারত ভ্রমণ ( সাপ্তাহিক ) : ১০ ডিসেম্বর ১৮৭৫।

"প্রিন্স অব ওএলসের ভারতভ্রমণ-সম্বন্ধীয় যাবতীয় বিবরণযুক্ত সচিত্র সাপ্তাহিক পত্র। The Native Edition of the Royal Tourist." সম্পাদক—'যৌবনে যোগিনী'-রচয়িতা গোপালচন্দ্র মুখোপাধ্যায়।

১৮৪। **ভারতমিহির** ( সাপ্তাহিক ) : ১৫ ডিসেম্বর ১৮৭৫।

ময়মনসিংহ হইতে প্রকাশিত। সম্পাদক—অনাথবন্ধু গুহ।

১৮৫। জ্ঞানদীপিকা পত্রিকা ( সাম্বৎসরিক ? ) : ১৭৯৭ শক।

সম্পাদক—কালীচন্দ্র লাহিড়ী। ১৮৮২ সনে ইহা 'শিবদায়িকা পত্রিকা' নাম ধারণ করে।

## ইং ১৮৭৬

১৮৬। রত্নাকর ( মাসিক ) : মাঘ ১২৮২ ( জানুয়ারি ১৮৭৬ )।

১৮৭। একাকিনী। ( মাসিক ) : মাঘ ১২৮২।

সম্পাদক—যশোদানন্দন সরকার।

১৮৮। বঙ্গীয় ভাঁড় ( মাসিক ) : ফাল্গুন (?) ১২৮২।

সম্পাদক—উপেন্দ্রলাল মিত্র।

১৮৯। হিন্দু হিতাকাঙ্ক্ষী ( মাসিক ) ফাল্গুন (?) ১২৮২।

সম্পাদক—নিত্যেন্দ্রনাথ সান্ন্যাল।

১৯০। হোমিওপেথি ( মাসিক ) : ফাল্গুন ১২৮২।

সম্পাদক—বসন্তকুমার দত্ত।

১৯১। বাঁদরামী ( মাসিক ) : ফাল্গুন ১২৮২।

১৮৮০ সনের আগষ্ট মাসে ইহা 'বঙ্গরহস্য *The Bengal Punch*' নাম ধারণ করে।

১৯২। **বিহার দূত** ( মাসিক ) :

বাঁকিপুর হইতে ফাল্গুন মাসের শেষে প্রকাশিত হইবে বলিয়া বিজ্ঞাপন প্রচারিত হইয়াছিল।

১৯৩। মুর্শিদাবাদ প্রতিনিধি ( সাপ্তাহিক ) : চৈত্র ১২৮২।

মুর্শিদাবাদ হইতে প্রচারিত।

১৯৪। প্রতিকার ( সাপ্তাহিক ) : চৈত্র ১২৮২।

বহরমপুর হইতে প্রকাশিত। 'মুর্শিদাবাদ প্রতিনিধি'র প্রতিদ্বন্দ্বীরূপে ইহার আবির্ভাব।

১৯৫। চুম্বক নজীর ( মাসিক ) : বৈশাখ ১২৮৩।

শ্রীরামপুর হইতে প্রকাশিত। "হাইকোর্টে নিষ্পন্ন মোকদ্দমার চুম্বক নজীর ইহাতে সংগৃহীত" হইত।

১৯৬। ভারত-সুহৃদ ( মাসিক ) : বৈশাখ ১২৮৩।

ফরিদপুর হইতে প্রকাশিত "রাজনীতি, সমাজতত্ত্ব, কৃষি ও বাণিজ্য প্রভৃতি বিষয়ক মাসিকপত্র ও সমালোচন।" ম্যানেজিং ডিরেক্টর—শ্যামাপ্রসন্ন রায়চৌধুরী ও বিধুভূষণ গুহ।

১৯৭। বাঙ্গালা রাজকীয় গেজেট ( সাপ্তাহিক ) : ১১ আষাঢ় ১২৮৩।

"গবর্ণমেণ্ট ষ্টাটিষ্টিক্যাল রিপোর্ট নামক রাজকীয় পত্রের বাঙ্গালানুবাদ এবং বঙ্গদেশীয় সমস্ত বাঙ্গালা সংবাদপত্রের সম্পাদকীয় উক্তির সারসংকলন ও নূতন নূতন সমাচার" ইহাতে স্থান পাইত। প্রকাশক—রাধামাধব হালদার, আহিরিটোলা।

১৯৮। ধর্ম্মপ্রকাশ ( মাসিক ) : আষাঢ় ১২৮৩।

ঢাকা হইতে প্রকাশিত।

১৯৯। মেদিনীপুর সমাচার ( মাসিক··· ) : শ্রাবণ ১২৮৩।

মেদিনীপুর হইতে প্রকাশিত। ছয় মাস পরে ইহা পাক্ষিক পত্রে পরিণত হয়।

২০০। আদর্শ ( মাসিক ) : ভাদ্র ১২৮৩।

সম্পাদক—মদনমোহন মিত্র।

২০১। ব্যবসায়ী ( মাসিক ) : ভাদ্র ১২৮৩।

"কৃষি, শিল্প ও বাণিজ্য-বিষয়ক মাসিক পত্রিকা।" সম্পাদক—শ্রীনাথ দত্ত, আণ্ডার-গ্রাজুয়েট, লণ্ডন। ১২৯১ সালে 'ব্যবসায়ী'র ২য় ভাগ প্রকাশিত হয়।

২০২। বিজ্ঞান দর্পণ ( মাসিক ) : আশ্বিন ১২৮৩।

"বিজ্ঞান বিষয়ক মাসিকপত্র।"

২০৩। ভারত-ভাতি ( মাসিক ) : আশ্বিন ১২৮৩।

বর্দ্ধমান হইতে প্রকাশিত।

২০৪। শ্রীহট্ট প্রকাশ ( পাক্ষিক ) : আশ্বিন ১২৮৩।

সম্পাদক—প্যারীচরণ দাস।

২০৫। মিত্রোদয় ( মাসিক ) : আশ্বিন ১২৮৩।

সম্পাদক—হিরণ্ময় মুখোপাধ্যায়। পটলডাঙ্গার প্রাকৃত যন্ত্র হইতে প্রকাশিত।

২০৬। চিত্রকর ( মাসিক ) : কার্ত্তিক ১২৮৩।

ফরিদপুরের অধীনস্থ উলপুর হইতে প্রকাশিত। সম্পাদক—প্রতাপচন্দ্র রায়চৌধুরী।

২০৭। মনোহরা ( পাক্ষিক ) : অগ্রহায়ণ ১২৮৩।

ইহাতে কেবল কবিতাই স্থান পাইত। পরিচালক—গগনচন্দ্র দে।

২০৮। বিশ্বসুহৃৎ ( সাপ্তাহিক ) : ইং ১৮৭৬।

২০৯। দিবাকর ( মাসিক ) : অগ্রহায়ণ ১২৮৩।

বৰ্দ্ধমান হইতে প্রকাশিত। সম্পাদক—রাজেন্দ্রলাল সিংহ।

২১০। ত্রিপুরা পত্রিকা ( পাক্ষিক ) : পৌষ ১২৮৩।

ত্রিপুরা হইতে প্রকাশিত।

২১১। সঞ্জীবনী ( সাপ্তাহিক ) : ইং ১৮৭৬ (?)।

সম্ভবতঃ এই বৎসরেই শ্রীঅমল হোমের পিতা গগনচন্দ্র পঠদ্দশায় ( জন্ম : ৯-৪-১৮৫৬ ) ময়মনসিংহ হইতে 'সঞ্জীবনী' নামে সংবাদপত্র প্রকাশ করেন। তিনি 'জীবন-স্মৃতি'তে বলিয়াছেন :—'ভারতমিহির'-সম্পাদক অনাথবন্ধু গুহ-মহাশয়ের নিকট, আমার সংবাদপত্রে লেখার হাতে-খড়ি হইয়াছিল। যখন ময়মনসিংহ জেলা স্কুলে পড়ি, তখন পণ্ডিত শ্রীনাথ চন্দ-মহাশয়ের সাহায্যে, 'সঞ্জীবনী' নামে একখানি সংবাদপত্র প্রকাশ করি; আমিই তাহার প্রধান লেখক ছিলাম। ময়মনসিংহের 'সঞ্জীবনী'কে কলিকাতার 'সঞ্জীবনী'র অগ্রজ বলিলে অত্যুক্তি হইবে না।"

## ইং ১৮৭৭

২১২। দুর্বাশা ( মাসিক ) : মাঘ ১২৮৩ ( জানুয়ারি ১৮৭৭ )।

সম্পাদক—তুলসীদাস দে।

২১৩। জ্ঞানদীপিকা ( মাসিক ) : মাঘ ১২৮৩।

বৰ্দ্ধমান জেলার সোনাকুড় হইতে প্রকাশিত। সম্পাদক—রাখালদাস হাজরা।

২১৪। কুসুম ( মাসিক ) : ফাল্গুন ১২৮৩।

নসীপুর হইতে প্রকাশিত। সম্পাদক—অন্নদাপ্রসাদ মৈত্র।

২১৫। বঙ্গহিতৈষী ( সাপ্তাহিক ) : বৈশাখ (?) ১২৮৪।

২১৬। কুশদহ পাক্ষিক পত্রিকা : বৈশাখ ১২৮৪।

২১৭। আর্য্যপ্রতিভা ( মাসিক ) : বৈশাখ ১২৮৪।

সম্পাদক—বায়না-নিবাসী কৈলাসচন্দ্র ঘোষ।

২১৮। সৰ্ব্বার্থদায়িনী ( মাসিক ) : বৈশাখ ১২৮৪।

"প্রাচীন শাস্ত্র প্রকাশিনী মাসিক পত্রিকা ও সমালোচিকা।" সম্পাদক—ঈশ্বরচন্দ্র কর।

২১৯। সমাজরঞ্জন ( সাপ্তাহিক ) : ৩ আষাঢ় ১২৮৪।

"সাহিত্য, ইতিহাস ও বিজ্ঞান সম্বন্ধীয় সাপ্তাহিক পত্র ও সমালোচন।" সম্পাদক—ফকিরচাঁদ বসু, অ্যাসিষ্টাণ্ট সার্জ্জন।

২২০। আর্য্যদর্পণ ( মাসিক ) : আষাঢ় (?) ১২৮৪।

২২১। নববার্ষিকী : ১২৮৪ সাল ( জুলাই ১৮৭৭ )।

"বিবিধ জ্ঞাতব্য বিষয় ও সাময়িক খ্যাতিমান ব্যক্তিদিগের সংক্ষেপ জীবনী সম্বলিত" বার্ষিক পুস্তক। সম্পাদক—'অবলা বান্ধব'-সম্পাদক দ্বারকানাথ গঙ্গোপাধ্যায়।

২২২। বঙ্গমিত্র ( মাসিক ) : আষাঢ় (?) ১২৮৪।

২২৩। ভারতী ( মাসিক ) : শ্রাবণ ১২৮৪।

"ভারতী উদ্দেশ্য যে কি, তাহা তাঁহার নামেই সপ্রকাশ। ভারতীর এক অর্থ বাণী, আর এক অর্থ বিদ্যা, আর এক অর্থ ভারতের অধিষ্ঠাত্রী দেবতা। বাণীস্থলে স্বদেশীয় ভাষার আলোচনাই আমাদের উদ্দেশ্য। বিদ্যাস্থলে বক্তব্য এই যে, বিদ্যার দুই অঙ্গ, জ্ঞানোপার্জ্জন এবং ভাবস্ফূর্ত্তি। উভয়েরই সাধ্যানুসারে সহায়তা করা আমাদের উদ্দেশ্য। স্বদেশের অধিষ্ঠাত্রী দেবতাস্থলে বক্তব্য এই যে, জ্ঞানালোচনার সময় আমরা স্বদেশ-বিদেশ নিরপেক্ষ হইয়া যেখান হইতে যে জ্ঞান পাওয়া যায়, তাহাই নত-মস্তকে গ্রহণ করিব। কিন্তু ভাবালোচনার সময় আমরা স্বদেশীয় ভাবকেই বিশেষ স্নেহ-দৃষ্টিতে দেখিব।"

দ্বিজেন্দ্রনাথ ঠাকুর প্রথম সাত বৎসর সুষ্ঠুভাবে 'ভারতী' সম্পাদন করিয়াছিলেন। শ্রেষ্ঠ লেখকগণের রচনা-সম্ভারে 'ভারতী'র পৃষ্ঠা অলঙ্কৃত হইত। ইহা দীর্ঘকাল স্থায়ী হইয়াছিল। বিভিন্ন সম্পাদকগণের নাম ও কার্য্যকাল এইরূপ :—

| | | |
|---|---|---|
| ১২৮৪, শ্রাবণ—১২৯০ | ... | দ্বিজেন্দ্রনাথ ঠাকুর |
| ১২৯১—১৩০১ | ... | স্বর্ণকুমারী দেবী |
| ১৩০২—১৩০৪ | ... | হিরণ্ময়ী দেবী, সরলা দেবী |
| ১৩০৫ | ... | রবীন্দ্রনাথ ঠাকুর |
| ১৩০৬—১৩১৪ | ... | সরলা দেবী |
| ১৩১৫—১৩২১ | ... | স্বর্ণকুমারী দেবী |
| ১৩২২—১৩৩০ | ... | মণিলাল গঙ্গোপাধ্যায়,<br>শ্রীসৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায় |
| ১৩৩১—১৩৩৩ আশ্বিন | ... | সরলা দেবী |

২২৪। জ্ঞানভেদ ( মাসিক ) : শ্রাবণ ১২৮৪।

ঢাকা হইতে প্রকাশিত। সম্পাদক—চন্দ্রমোহন সেন।

২২৫। সুধাকর ( পাক্ষিক ) : ভাদ্র ১২৮৪।

সম্পাদক—হরিদাস বন্দ্যোপাধ্যায়।

২২৬। **কোচবিহার মাসিক পত্রিকা**ঃ আশ্বিন ১২৮৪।

কুচবিহার হইতে প্রকাশিত। সম্পাদক—রঙ্গিলনারায়ণ কুমার।

২২৭। **ধর্ম্মপ্রচারক** ( মাসিক ) : ১২৮৪ সাল, কার্ত্তিক-পূর্ণিমা।

মুঙ্গের আর্য্যধর্ম্মপ্রচারিণী সভা হইতে প্রতি পূর্ণিমায় এই বাংলা-হিন্দী মাসিকপত্র প্রকাশিত হয়। "আর্য্য ঋষি মুনি তপস্বীগণ বেদ বেদান্ত প্রকাশ ও অষ্টাদশ পুরাণ, সংহিতা তন্ত্রাদি প্রণয়ন দ্বারা যে ধর্ম্মের বহুল প্রচার করিয়া ভারতবর্ষের মুখোজ্জ্বল করিয়া গিয়াছেন, ধর্ম্মপ্রচারক সেই পরম পবিত্র ধর্ম্ম প্রচারার্থ ভারতে প্রকাশিত হইলেন।" সম্পাদক—শ্রীকৃষ্ণপ্রসন্ন সেন ( পরে, কৃষ্ণানন্দ স্বামী )। পরবর্ত্তী কালে 'ধর্ম্মপ্রচাবক' কাশী হইতে প্রকাশিত হইত। পরমায়ু ২৫ বৎসর।

২২৮। ভারত-চিকিৎসক ( মাসিক ) : কার্ত্তিক ১২৮৪।

হোমিওপ্যাথি চিকিৎসা-বিষয়ক মাসিকপত্র ও সমালোচন। সম্পাদক—শরচ্চন্দ্র দত্ত।

২২৯। পথিক ( মাসিক ) : অগ্রহায়ণ ১২৮৪।

সম্পাদক—রাজনারায়ণ চক্রবর্ত্তী।

## ইং ১৮৭৮

২৩০। হিতৈষী ( মাসিক ) : জানুয়ারি ১৮৭৮।

"হিতৈষীর আদর্শ স্বর্গ হইতে অবতীর্ণ ঐশিক পুরুষ খ্রীষ্ট। সেই আদর্শকে সর্ব্বদা সম্মুখে রাখিয়া হিতৈষীর তাবৎ বক্তব্য প্রকাশিত হইবে।" সম্পাদক—প্যারীমোহন রুদ্র।

২৩১। **হিন্দুললনা** ( পাক্ষিক ) : মাঘ ১২৮৪।

বারাকপুর নবাবগঞ্জ হইতে প্রকাশিত, মহিলা-সম্পাদিত দ্বিতীয় পাক্ষিক পত্রিকা।

২৩২। কালনা প্রকাশ ( সাপ্তাহিক ) : মাঘ (?) ১২৮৪।

২৩৩। কমলিনা ( মাসিক ) : মাঘ ১২৮৪।

সম্পাদক—চন্দ্রকান্ত চক্রবর্ত্তী।

২৩৪। বিশ্বদর্শন ( ত্রৈমাসিক ) : গ্রীষ্মঋতু ১২৮৪।

ভবানীপুর হইতে প্রকাশিত। সম্পাদক—সাকৃটিগড়-নিবাসী অমরেন্দ্রনাথ সোম।

২৩৫। **সমালোচক** ( সাপ্তাহিক ) : ৬ ফাল্গুন ১২৮৪।

"পত্রিকাখানির দুটি উদ্দেশ্য আছে, একটি মুখ্য ও অপরটি গৌণ। মুখ্য উদ্দেশ্যটি কেশব বাবুর কন্যার বিবাহ লইয়া আন্দোলন করা; গৌণ উদ্দেশ্য সেই সঙ্গে সাধারণের উপযোগী প্রস্তাব এবং সংবাদাদি দিয়া লোকের চিত্তরঞ্জন করা।" সম্পাদক—শিবনাথ শাস্ত্রী ( প্রথম দুই-তিন সংখ্যা ), পরে দ্বারকানাথ গঙ্গোপাধ্যায়।

* * * *

**দেশীয় ভাষার সংবাদপত্র-সংক্রান্ত আইন :** ১৮৭৮ সনের ১৪ই মার্চ ভার্ণাকুল্যার প্রেস অ্যাক্ট বিধিবদ্ধ হয়। "দেশভাষার সংবাদপত্রসমূহের নিরঙ্কুশতা নিবারণ করা ঐ আইনের উদ্দেশ্য।"

এই আইনের ফলে কোন কোন বাংলা সাময়িক-পত্রের ( যথা, 'সোমপ্রকাশ' ) প্রচার সাময়িক ভাবে বন্ধ হইয়া গিয়াছিল। বঙ্গীয় সরকার 'অমৃত বাজার পত্রিকা'র ( তৎকালে বাংলা-ইংরেজী সাপ্তাহিক) প্রতি মোটেই প্রসন্ন ছিলেন না। রাজরোষ হইতে আত্মরক্ষার জন্য পত্রিকা-সম্পাদক এক কৌশল অবলম্বন করেন; তিনি পরবর্ত্তী ২১এ মার্চ হইতে 'অমৃত বাজার পত্রিকা'কে পুরাদস্তর ইংরেজী সাপ্তাহিক পত্রে পরিণত করিয়াছিলেন।

২৩৬। **আনন্দবাজার পত্রিকা** ( সাপ্তাহিক ) : বৈশাখ ১২৮৫।

"অমৃত বাজার পত্রিকা ইংরাজি হওয়ায়, তাহার স্থলে উক্ত পত্রিকার অধ্যক্ষদিগের প্রতিজ্ঞামতে এইখানি প্রবর্ত্তিত হইয়াছে।...এখানি নামান্তরিত ভূতপূর্ব্ব বাঙ্গালা অমৃত বাজার পত্রিকা মাত্র।" ইহাই প্রকৃত পক্ষে 'আনন্দবাজার পত্রিকা'র ১ম পর্য্যায়; এই নামে বর্ত্তমানে যে পত্রিকাখানি সগৌরবে চলিতেছে, তাহা "নব পর্য্যায়।"

২৩৭। **বীণা** ( মাসিক ) : বৈশাখ ১২৮৫।

"নানাবিষয়িণী কবিতাপ্রসবিনী" পত্রিকা। ইহাতে বাংলা গানের স্বরলিপি, গ্রন্থসমালোচন ও গল্পাদিও মাঝে মাঝে স্থান পাইত। বহু খ্যাতনামা সাহিত্যিক ইহার লেখক-শ্রেণীভুক্ত ছিলেন। সম্পাদক—রাজকৃষ্ণ রায়। 'বীণা'র বিভিন্ন খণ্ডগুলি এই ভাবে প্রকাশিত হয় :—

| | | |
|---|---|---|
| ১ম খণ্ড ... ১২৮৫, বৈশাখ-চৈত্র | ... | আলবার্ট প্রেসে মুদ্রিত |
| ২য় খণ্ড ... ১২৮৬, বৈশাখ-চৈত্র | ... | ঐ |
| ৩য় খণ্ড ... ১২৮৮, বৈশাখ ... | ... | বীণা যন্ত্রে মুদ্রিত |
| ৪র্থ খণ্ড .. ১২৯৩, কার্ত্তিক—১২৯৪, আশ্বিন | ... | ঐ |

২৩৮। **বালকবন্ধু** ( পাক্ষিক ... ) : ২০ বৈশাখ ১৮০০ শক।

বালক-পাঠ্য সচিত্র পাক্ষিক পত্র, ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ হইতে প্রকাশিত। সম্পাদক—কেশবচন্দ্র সেন।

এই উৎকৃষ্ট পত্রখানি কিছু দিন পরে বন্ধ হইয়া যায়। ১৮৮১, ১৫ই ডিসেম্বর হইতে ইহা মাসিক আকারে পুনঃপ্রকাশিত হয়। এবারও কিছু দিন পরে তিরোধান ঘটে এবং ১২৯৩ সালে ১ম ভাগ পুনরায় প্রকাশিত হয়। ১২৯৮ সালের বৈশাখ মাসে 'বালকবন্ধু'র "নূতন প্রকরণ" মাসিক আকারে আবির্ভূত হইয়াছিল।

২৩৯। প্রকৃতি-রঞ্জন ( মাসিক ) : বৈশাখ ১২৮৫।

"সামাজিক ও রাজনৈতিক বিষয়ক মাসিকপত্র প্রজাসাধারণের পাঠার্থ।" সম্পাদক—শারদাচরণ মিত্র, এম-এ, বি-এল।

২৪০। **কৌমুদী** ( মাসিক ) : বৈশাখ ১২৮৫।

সুসঙ্গ দুর্গাপুর ( ময়মনসিংহ ) হইতে মহারাজ শিবকৃষ্ণ সিংহ বাহাদুরের আনুকূল্যে প্রকাশিত "বিবিধ সঙ্গীত ও নানাবিষয়িণী কবিতাবিকাশিনী মাসিক পত্রিকা।" সম্পাদক—রুক্মিণীকান্ত ঠাকুর।

২৪১। উৎকল-ময়ূখ ( মাসিক ) : বৈশাখ ১২৮৫।

২৪২। **বর্দ্ধমান সঞ্জীবনী** ( সাপ্তাহিক ) : বৈশাখ (?) ১২৮৫।

বর্দ্ধমান প্রেস হইতে প্রকাশিত। "বর্দ্ধমান সঞ্জীবনী সাপ্তাহিক পত্রিকা…নবম বর্ষ অতিক্রম করিতে চলিয়াছে" ( 'বিশ্বকর্ম্মা,' অগ্রহায়ণ ১২৯৩ )

২৪৩। **পরিচারিকা** ( মাসিক ) : ১ জ্যৈষ্ঠ ১২৮৫।

ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ হইতে প্রকাশিত একখানি উচ্চাঙ্গের স্ত্রীপাঠ্য মাসিক পত্রিকা। ভাই গিরিশচন্দ্র সেন তাঁহার 'আত্ম-জীবনে' ( পৃ. ১৯ ) লিখিয়াছেন : "আমারই প্রস্তাবে ও উদ্যোগে নারীদিগের জন্য পরিচারিকা নাম্নী মাসিক পত্রিকা প্রকাশিত হইতে থাকে, তাহার সম্পাদকীয় পদ গ্রহণ না করিলেও বহুকাল অবধি একজন নিয়মিত লেখক ছিলাম।" সম্পাদক—ভাই প্রতাপচন্দ্র মজুমদার। কয়েক বৎসর পরে 'পরিচারিকা' পরিচালনের ভার পড়ে—আর্য্য নারীসমাজের উপর। সমাজের পক্ষ হইতে কেশবচন্দ্রের জ্যেষ্ঠা পুত্রবধূ মোহিনী দেবী ১২৯৪ বঙ্গাব্দের বৈশাখ মাস হইতে পত্রিকাখানির সম্পাদন-ভার গ্রহণ করেন। তাঁহার মৃত্যুর পর, ১৩০২ সালের বৈশাখ হইতে ময়ূরভঞ্জের মহারাণী সুচারু দেবী কিছু দিন এবং তাঁহার সহোদরা মণিকা দেবী শেষ এক কি দুই বৎসর পত্রিকা সম্পাদন করিয়াছিলেন। এই ভাবে ২৮ বৎসর চলিয়া 'পরিচারিকা'র প্রচার রহিত হয়।

১৩২৩ সালের অগ্রহায়ণ মাস হইতে কুচবিহারের রাণী নিরুপমা দেবী সচিত্র আকারে নব পর্য্যায় 'পরিচারিকা' প্রকাশ করিয়াছিলেন।

২৪৪। **তত্ত্ব-কৌমুদী** ( পাক্ষিক ) : ১৬ জ্যৈষ্ঠ ১৮০০ শক।

কেশবচন্দ্রের দল ভাঙ্গিয়া 'সাধারণ ব্রাহ্মসমাজে'র সৃষ্টি হইলে সমাজের মুখপত্রস্বরূপ এই পত্রিকার উদ্ভব হয়। সম্পাদক—শিবনাথ শাস্ত্রী। 'তত্ত্ব-কৌমুদী' এখনও জীবিত আছে।

২৪৫। সুহৃৎ ( মাসিক ) : আষাঢ় ১২৮৫।

দিনাজপুর ভাটপাড়া উন্নতি-সাধিনী সভা হইতে প্রকাশিত। সম্পাদক—তারণবন্ধু শর্ম্মা।

২৪৫ক। চিকিৎসা কল্পদ্রুম ( মাসিক )। আষাঢ় (?) ১২৮৫।

সম্পাদক—যদুনাথ মুখোপাধ্যায়।

২৪৬। **কল্পদ্রুম** ( মাসিক ) : ভাদ্র ১২৮৫।

উচ্চ শ্রেণীর মাসিকপত্র। 'দেবগণের মর্ত্ত্যে আগমন' ইহাতেই প্রথমে প্রকাশিত হয়। সম্পাদক—দ্বারকানাথ বিদ্যাভূষণ। পরমায়ু ৫ বৎসর।

২৪৭। **পঞ্চা-নন্দ** ( মাসিক··· ) : ভাদ্র ১২৮৫।

স্বনামধন্য ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় চুঁচুড়ার সাধারণী যন্ত্র হইতে 'পঞ্চা-নন্দ' নামে "একটি সরল রেখা কর্ত্তৃক সম্পাদিত রস-প্রধান পত্র ও সমালোচন" প্রকাশ করেন। প্রথম সংখ্যা প্রকাশের পর ধূমকেতুর মত ইহা সাহিত্যাকাশ হইতে সহসা অদৃশ্য হয়।

১৮৭৯ সনে ইন্দ্রনাথ কিছু দিনের জন্য ভবানীপুরে বাসা করেন। এই সময়ে স্থানীয় যুবকবৃন্দ—কালীপ্রসন্ন কাব্য বিশারদ, ভূধর গঙ্গোপাধ্যায় প্রভৃতি 'পঞ্চা-নন্দ' পুনঃপ্রকাশের জন্য তাঁহাকে ধরিয়া বসেন। পুনর্জীবিত 'পঞ্চা-নন্দ' এবার দেড় বৎসর এই ভাবে চলিয়াছিল :—

| | | | |
|---|---|---|---|
| ১ম কাণ্ড : | ১ম সংখ্যা ( পাক্ষিক ), ভবানীপুর ১৬ মাঘ ১২৮৬ | ( ২৯-১-৮০ ) |
| | ১১শ সংখ্যা ( মাসিক ), বর্দ্ধমান ১২৮৭ সাল | ( ১৯-১ ৮১ ) |
| | ১২শ সংখ্যা " " " | ( ৮-২-৮১ ) |
| ২য় কাণ্ড : | ১ম সংখ্যা " " " | |
| | ৩য় সংখ্যা " " ১২৮৮ সাল | |
| | ৪র্থ সংখ্যা " " " | ( ৩০-৮-৮১ ) |
| | ৫ম-৬ষ্ঠ সংখ্যা " " " | ( ২০-৬-৮২ ) |

'পঞ্চা-নন্দ' সত্য-সত্যই "জ্ঞানগর্ভ উপদেশ, সরস ব্যঙ্গ, তীব্র বিদ্রূপ এবং পবিত্র আমোদের খনি" ছিল। ইহাতে মাঝে মাঝে ব্যঙ্গচিত্রও থাকিত।

২৪৮। চন্দ্রশেখর ( মাসিক ) : আশ্বিন ১২৮৫।

চট্টগ্রাম হইতে কালীকুমার তর্কভূষণ কর্ত্তৃক প্রকাশিত।

২৪৯। আর্য্য-প্রদীপ ( মাসিক ) : কার্ত্তিক ১২৮৫।

সুসঙ্গ দুর্গাপুর হইতে প্রকাশিত। "সাহিত্য, বিজ্ঞান ও ঐতিহাসিক সম্প্রদায়ের মনোরঞ্জনার্থ।" সম্পাদক—রুক্মিণীকান্ত ঠাকুর।

২৫০। বঙ্গদর্পণ ( মাসিক ) :

ত্রিপুরা, পোষ্ট চাঁদপুর হইতে কার্ত্তিক মাসে প্রকাশিত হইবে বলিয়া সংবাদপত্রে বিজ্ঞাপিত হইয়াছিল।

২৫১। আর্য বিদ্যা সুধানিধি ( মাসিক ) : অগ্রহায়ণ ১২৮৫।

বাংলা-সংস্কৃত পত্রিকা। সম্পাদক—ব্রজনাথ বিদ্যারত্ন ও ব্রহ্মব্রত সামাধ্যায়ী।

২৫২। দিবাকর ( সাপ্তাহিক ) : ইং ১৮৭৮।

বীরভূম হইতে প্রকাশিত। সম্পাদক—দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়। পর-বৎসর রাজরোষে ইহার মৃত্যু হয়। 'সোমপ্রকাশ' ( ৩-৫-১৮৮০ ) লিখিয়াছিলেন—"দিবাকর নামে আমাদের সহযোগী একখানি সমাচারপত্র ছিল। [ ১৮৭৯ সনে ] সোমপ্রকাশের মৃত্যু হইলে তিনি আমাদিগের সপক্ষতা করাতে গবর্ণমেণ্ট তাঁহারও প্রচার বন্ধ করিয়া দেন।"

## ইং ১৮৭৯

২৫৩। রজনী-রহস্য ( মাসিক ) : পৌষ ১২৮৫ ( ১ জানুয়ারি ১৮৭৯ )।

ইহাতে কেবল মাত্র উপন্যাস স্থান পাইত। শ্যামাচরণ কুণ্ডু কর্ত্তৃক প্রকাশিত।

২৫৪। কৃষিতত্ত্ব ( মাসিক ) : মাঘ ১২৮৫।

পাইকপাড়া নার্শারি হইতে নৃত্যগোপাল চট্টোপাধ্যায় কর্ত্তৃক প্রকাশিত কৃষি-বিষয়ক মাসিকপত্র। সম্পাদক—বিপ্রদাস মুখোপাধ্যায়।

২৫৫। ভারত-সুহৃদ ( মাসিক ) : ফাল্গুন ১২৮৫।

ঢাকা, নান্নার হইতে প্রকাশিত। সম্পাদক—অম্বিকাচরণ রায়। প্রথম বর্ষের পত্রিকায় দীনেশচন্দ্র সেনের ছাত্রাবস্থায় লিখিত "জলদ" নামে একটি কবিতা প্রকাশিত হয় ; মাসিকপত্রের পৃষ্ঠায় প্রকাশিত ইহাই তাঁহার প্রথম রচনা। 'ভারত-সুহৃদ' অনিয়মিত ভাবে অনেক দিন চলিয়াছিল।

২৫৬। সাহিত্য ভাণ্ডার ( মাসিক ) : ফাল্গুন ১২৮৫।

"এই পত্রিকা স্থলবিশেষে চেম্বর্স ও স্থলে স্থলে পেনি এন্‌সাইক্লোপেডিয়ার অনুকরণে লিখিত হইবে। কোথাও বা অবিকল অনুবাদ করা হইবে, কোথাও বা অন্যান্য গ্রন্থকারের পুস্তক হইতে বিষয়বিশেষ সংক্ষেপ করিয়া উদ্ধার করা হইবে।" কলিকাতা বড়বাজার কটন ষ্ট্রীট হইতে মদনমোহন ভট্ট কর্ত্তৃক প্রকাশিত।

২৫৭। সমাচার সার ( সাপ্তাহিক ) : ফাল্গুন ১২৮৫।

এলাহাবাদ হইতে প্রকাশিত।

২৫৮। রজনী ( মাসিক ) : ফাল্গুন ১২৮৫।

ময়মনসিংহ হইতে প্রকাশিত।

২৫৯। **নববিভাকর** ( সাপ্তাহিক ) : বৈশাখ ১২৮৬।

সম্পাদক—গঙ্গাধর বন্দ্যোপাধ্যায়, অধ্যাপক—ভবানীপুর এল. এম. এস. কলেজ। ইহা সেকালের একখানি উল্লেখযোগ্য সংবাদ-পত্র। ১২৯৩ সালের বৈশাখ মাসে 'নববিভাকর' অক্ষয়চন্দ্র সরকার-সম্পাদিত 'সাধারণী'র সহিত সম্মিলিত হয়। অক্ষয়চন্দ্র 'নববিভাকর—সাধারণী' সম্পাদন করিতেন ; ৪র্থ ভাগ, ২১শ সংখ্যা ( ১৮ ভাদ্র ১২৯৬ ) পর্য্যন্ত প্রকাশিত হইয়া ইহার বিলুপ্তি ঘটে।

২৬০। খেয়াল ( পাক্ষিক ) : বৈশাখ ১২৮৬।

বহরমপুর হইতে প্রকাশিত। ইহাতে কবিতা, গল্প, উপন্যাস ও রস-রচনা স্থান পাইত। সম্পাদক—নন্দলাল রায়। ১২৮৯ সালের বৈশাখ হইতে পত্রিকাখানি 'মাসিক সমালোচকে'র সহিত সম্মিলিত হইয়া যায়।

২৬১। **মাসিক সমালোচক** : বৈশাখ ১২৮৬।

বহরমপুর হইতে প্রকাশিত। সম্পাদক—'উদ্‌ভ্রান্ত প্রেম'-রচয়িতা চন্দ্রশেখর মুখোপাধ্যায়।

২৬২। **পূর্ব্ব প্রতিধ্বনি** ( পাক্ষিক ) : বৈশাখ ১২৮৬।

চট্টগ্রাম হইতে প্রকাশিত প্রথম বাংলা সংবাদপত্র।

২৬৩। খ্রীষ্টীয় বান্ধব ( মাসিক ) : বৈশাখ ১২৮৬।

খ্রীষ্টধর্ম্ম-বিষয়ক সচিত্র মাসিকপত্র। সম্পাদক—জি এইচ রুজ ( Rouse )।

২৬৪। প্রভাত-পঙ্কজ ( মাসিক ) : আষাঢ় ১২৮৬।

বহরমপুর কলেজের জন-কয়েক ছাত্রের যত্নে প্রকাশিত। সম্পাদক—কালীপ্রসন্ন মুখোপাধ্যায়।

২৬৫। দুঃখিনী ( মাসিক ) : শ্রাবণ ১২৮৬।

ঢাকা হইতে প্রকাশিত, কবিতাময়ী পত্রিকা। সম্পাদক—ভগবতীচরণ চক্রবর্ত্তী।

২৬৬। **প্রভাতী** ( দৈনিক ) : শ্রাবণ ১২৮৬।

শিয়ালদহ হইতে প্রকাশিত। সম্পাদক—ক্ষেত্রমোহন সেনগুপ্ত।

২৬৭। নিরামিষভোজী বালক ( মাসিক ) : শ্রাবণ ১২৮৬।

ইহাতে খাদ্য বিষয়ক, বিশেষতঃ নিরামিষ খাদ্য সম্বন্ধে আলোচনা থাকিত। পরিচালক—বলরাম লাহিড়ী।

২৬৮। **বিশ্ববন্ধু** ( মাসিক ) : শ্রাবণ ১২৮৬।

বগুড়া হইতে প্রকাশিত। সম্পাদক—দার্শনিক কিশোরীলাল রায় ( সরকার )। উচ্চাঙ্গের মাসিকপত্র। ইহাই বোধ হয় সমগ্র উত্তরবঙ্গের সর্ব্বপ্রথম মাসিক পত্রিকা।

২৬৯। **কল্পনা লতিকা** ( মাসিক ) : শ্রাবণ ১২৮৬।

ভবানীপুর হইতে ভুধর গঙ্গোপাধ্যায় কর্ত্তৃক প্রকাশিত ও গোপালচন্দ্র দত্ত কর্ত্তৃক সম্পাদিত। ৭ম সংখ্যা ( মাঘ ১২৮৬ ) হইতে পত্রিকাখানির নামকরণ হয় **'কল্পলতা'** এবং 'স্বর্ণলতা'-রচয়িতা তারকনাথ গঙ্গোপাধ্যায় সম্পাদন-ভার গ্রহণ করেন।

২৭০। শারদ কৌমুদী ( সাপ্তাহিক ) : ভাদ্র ১২৮৬।

ভবানীপুর হইতে প্রকাশিত এক পয়সা মূল্যের সংবাদ-পত্রিকা।

২৭১। **মেদিনী** ( সাপ্তাহিক ) : আশ্বিন ১২৮৬।

মেদিনীপুর হইতে প্রকাশিত। সম্পাদক—হৃদয়নাথ দাস। ইহাতেই বোধ হয় কামিনী রায়ের রচনা সর্ব্বপ্রথম প্রকাশিত হয়। তিনি লিখিয়াছেন :—"মেদিনী নামে মেদিনীপুরে একখানা সাপ্তাহিক কাগজ ছিল। পিতা [ চণ্ডীচরণ সেন ] তাহার জন্য আমাকে কবিতা দিতে অনুরোধ করেন। তদনুসারে "প্রার্থনা" ও "উদাসিনী" শীর্ষক দুইটি কবিতা দিয়াছিলাম, ইহাদের একটিও 'আলো ও ছায়া'য় স্থান পায় নাই।"

২৭২। **সংশোধিনী** ( সাপ্তাহিক ) : আশ্বিন (?) ১২৮৬।

চট্টগ্রাম হইতে প্রকাশিত।

২৭৩। চিন্তা ( সাপ্তাহিক ) : কার্ত্তিক ১২৮৬।

সম্পাদক—ভূধর চট্টোপাধ্যায়।

২৭৪। ভারতদর্পণ ( মাসিক··· ) : অগ্রহায়ণ ১২৮৬।

কলিকাতা পটুয়াটোলা বান্ধব সভা হইতে প্রকাশিত। চারি মাস পরে ইহা সাপ্তাহিক পত্রে পরিণত হইয়াছিল বলিয়া মনে হয় ; সম্পাদক—তারকনাথ বিষ্ণু।

২৭৫। ভারত ভিখারিণী ( মাসিক ) : পৌষ ১২৮৬।

ঢাকা হইতে প্রকাশিত। পরিচালক—হরকুমার মুখোপাধ্যায়।

## ইং ১৮৮০

২৭৬। নক্ষত্র ( মাসিক ) : ফাল্গুন ১২৮৬ ( ফেব্রুয়ারি ১৮৮০ )।

শান্তিপুর, খাঁ-পাড়া হইতে বিষ্ণুচন্দ্র চক্রবর্ত্তী কর্ত্তৃক প্রকাশিত।

২৭৭। আভাস ( মাসিক ) : ফাল্গুন ১২৮৬।

"ইদানীন্তন বিরূপতা-প্রাপ্ত আচার-ব্যবহারাদির প্রতি লক্ষ্য করা এই পত্রিকার প্রধান উদ্দেশ্য। সম্পাদক—ভুবনমোহন বন্দ্যোপাধ্যায়।

২৭৮। **বিষ-বৈরী** ( মাসিক ) : বৈশাখ ১২৮৭।

১৫ নং কলেজ স্কোয়ার হইতে ব্যাণ্ড অব হোপ দ্বারা প্রকাশিত ও বিনামূল্যে বিতরিত। সম্পাদক—নন্দলাল সেন।

২৭৯। **প্রকৃতি** ( মাসিক ) : বৈশাখ ১২৮৭।

ভবানীপুর হইতে প্রকাশিত "বিজ্ঞান ও কবিতাময়ী মাসিক পত্রিকা।" সম্পাদক—কালীপ্রসন্ন কাব্যবিশারদ। ১২৯০ সাল হইতে ইহা তারকনাথ গঙ্গোপাধ্যায়-সম্পাদিত 'কল্পলতা'র সহিত সম্মিলিত হইয়া যায়।

২৮০। কৃতজ্ঞতা-কাব্য-কুসুমোপহার ( ত্রৈমাসিক ) : বৈশাখ ১২৮৭।

এই ক্ষুদ্র পত্রিকার ১ম খণ্ড পূর্ব্বে প্রকাশিত হইয়াছিল। ইহার ২য় বা আলোচ্য খণ্ড ত্রৈমাসিক আকারে পুনঃপ্রকাশিত হয়। ইহাতে কবিতা, বিশেষ করিয়া মহারাণী স্বর্ণময়ীর গুণগরিমাসূচক কবিতাই স্থান পাইত। সম্পাদক—অঘোরনাথ ঘোষ।

২৮১। **নলিনী** ( মাসিক ) : বৈশাখ ১২৮৭।

সে-যুগের একখানি প্রতিষ্ঠাপন্ন পত্রিকা। ইহার প্রথম তিন পল্লবে 'মহিলা'র কবি সুরেন্দ্রনাথ মজুমদারের অনেকগুলি অপ্রকাশিত গদ্য-পদ্য রচনা স্থান লাভ করিয়াছিল। সম্পাদক—নরেন্দ্রনাথ বসু।

২৮২। ত্রিপুরা বার্ত্তাবহ ( সাপ্তাহিক ) : বৈশাখ (?) ১২৮৭।

ত্রিপুরা হইতে প্রকাশিত।

২৮৩। আর্য্যপ্রভা ( মাসিক ) : বৈশাখ ১২৮৭।

ময়মনসিংহ, দুর্গাপুর হইতে প্রকাশিত। সম্পাদক—রুক্মিণীকান্ত ঠাকুর। ইহা প্রকৃতপক্ষে পূর্ব্বপ্রকাশিত 'আর্য্যপ্রদীপ' পত্রেরই নামান্তর মাত্র।

২৮৪। উপহার ( মাসিক ) : জ্যৈষ্ঠ ১২৮৭।

শোভাবাজার কলিকাতা হইতে রাজেন্দ্রকৃষ্ণ ঘোষ কর্তৃক প্রকাশিত।

২৮৫। সমীরণ ( মাসিক ) : জ্যৈষ্ঠ ১২৮৭।

পল্লীগ্রাম জশড়া হইতে প্রকাশিত। পরিচালক ও স্বত্বাধিকারী—কেদারনাথ চট্টোপাধ্যায়। ইহার ২য় খণ্ড মাখনলাল দত্তের সম্পাদনায় ১২৮৯ সালের জ্যৈষ্ঠ মাসে প্রকাশিত হয়।

২৮৬। কুসুম ( মাসিক ) : শ্রাবণ ১২৮৭।

সম্পাদক—রাধামাধব হালদার।

২৮৭। বঙ্গবহস্য ( সাপ্তাহিক ) : ২২ আগষ্ট ১৮৮০।

ইহা পূর্ব্বে 'বাঁদরামী' নামে প্রকাশিত হইত। পরিচালক—দ্বারকানাথ মুখোপাধ্যায়।

২৮৮। অপূর্ব্ব বহস্য ( মাসিক ) : শ্রাবণ ১২৮৭।

ঢাকা হইতে প্রকাশিত, হাস্য-প্রধান পত্র। পরিচালক—হরিহর নন্দী।

২৮৯। লাঠ্ঠৌষধি ( সাপ্তাহিক ) : ২৬ আগষ্ট ১৮৮০।

সম্পাদক—দেবকান্ত বাগচী।

২৯০। **হিন্দুদর্শন** ( মাসিক ) : ভাদ্র ১২৮৭।

স্বল্প মূল্যের একখানি উৎকৃষ্ট মাসিকপত্র। সম্পাদক—বিধুভূষণ মিত্র।

২৯১। নব ভারতী ( মাসিক ) : ভাদ্র ১২৮৭।

সম্পাদক—ধরণীধর সরকার।

২৯২। জ্ঞানপ্রভা ( মাসিক ) : ভাদ্র ১২৮৭।

সংস্কৃত-বাংলা দ্বিভাষিক পত্র। সম্পাদক—কুমার উমেশচন্দ্র রায় ও শ্যামলাল চক্রবর্ত্তী।

২৯৩। রহস্য-মঞ্জরী ( মাসিক ) : ভাদ্র (?) ১৮৮৭।

পরিচালক—জশড়া-নিবাসী কেদারনাথ চট্টোপাধ্যায়।

২৯৪। **কল্পনা** ( মাসিক ) : আশ্বিন ১২৮৭।

উচ্চাঙ্গের পত্রিকা। সুলভে সাধারণের মধ্যে জ্ঞানপ্রচারই ইহার উদ্দেশ্য ছিল। প্রথম বর্ষে হরপ্রসাদ শাস্ত্রীর "মোহিনী" নামে খণ্ডকাব্য ( চৈত্র ১২৮৭ ) ও "স্ত্রীবিপ্লব" ( শ্রাবণ ১২৮৮ ) স্থান পাইয়াছিল। চতুর্থ বর্ষের ( মার্চ ১৮৮৬ ) পত্রিকা জ্যোতিরিন্দ্রনাথ, রবীন্দ্রনাথ, বিহারিলাল চক্রবর্ত্তী প্রমুখ খ্যাতনামা সাহিত্যিকবৃন্দের রচনায় অলঙ্কৃত হইয়াছিল। সম্পাদক—হরিদাস বন্দ্যোপাধ্যায়।

২৯৫। ধর্ম্মবিষয়ক প্রতিবাদ ( মাসিক ) : আশ্বিন ১২৮৭।

কালীঘাটস্থ হিন্দু মিশনরী সোসাইটির মুখপত্র। খ্রীষ্টধর্ম্মের সহিত তুলনায় হিন্দুধর্ম্মের শ্রেষ্ঠত্ব প্রতিপন্ন করাই ইহার উদ্দেশ্য ছিল।

২৯৬। মাধবী ( পাক্ষিক ) : কার্ত্তিক ১২৮৭।

পরিচালক—মহেন্দ্রনাথ চট্টোপাধ্যায়।

২৯৭। **পরিদর্শক** ( সাপ্তাহিক ) : ইং ১৮৮০।

শ্রীহট্ট হইতে প্রকাশিত। সম্পাদক—বিপিনচন্দ্র পাল। তিনি তাঁহার *Memories of My Life and Times* (1932) পুস্তকে লিখিয়াছেন :—"...a new Bengalee weekly was started in Sylhet about the middle of 1880, and I was invited to be its editor. The name of our new Bengalee weekly was 'Paridarshak'... Like the 'Bharat Mihir, of Mymensingh, the 'Paridarshak' of Sylhet also almost from its birth commended public attention and soon became one of the most powerful exponents of educated public opinion not only of the district of Sylhet but more or less of the whole province of Bengal...It was my first independent charge in journalism, and my subsequent career in this line has been very largely indebted to this first opportunity that my Sylhet friends found me."

২৯৮। **আদরিণী** ( মাসিক ) : অগ্রহায়ণ ১২৮৭।

সুলভ মূল্য, নিয়মিত প্রকাশ ও সাধারণের মনোরঞ্জন—এই তিনটি গুণের প্রতি লক্ষ্য রাখিয়া 'আদরিণী'র আবির্ভাব হয়। সম্পাদক—তারকনাথ বিশ্বাস।

## ইং ১৮৮১

২৯৯। ভিষক্ ( মাসিক ) : জানুয়ারি ১৮৮১।

ঢাকা হইতে প্রকাশিত, ইংরেজী-বাংলা দ্বিভাষিক পত্র। পরিচালক—দুর্গাদাস রায়।

৩০০। খৃষ্টীয় মহিলা ( মাসিক ) : মাঘ ১২৮৭।

ইহাতে কেবলমাত্র মহিলাদের রচনাই স্থান পাইত। সম্পাদিকা—কুমারী কামিনী শীল।

৩০১। বিক্রমপুর প্রকাশ ( মাসিক ) : মাঘ ১২৮৭।

ঢাকা হইতে প্রকাশিত। সম্পাদক—মহিমচন্দ্র চক্রবর্ত্তী।

৩০২। ভারতবন্ধু ( সাপ্তাহিক ) : ইং ১৮৮১।

৩০৩। **চারুবার্ত্তা** ( সাপ্তাহিক ) : বৈশাখ ১২৮৮।

শেরপুর হইতে প্রকাশিত। পূর্ব্ববঙ্গের খ্যাতনামা সাহিত্যিক দীনেশচরণ বসু কিছু দিন ইহার সম্পাদকতা করিয়াছিলেন।

৩০৪। **সজ্জনতোষণী** ( মাসিক ) : বৈশাখ ১২৮৮।

বৈষ্ণব পত্রিকা। প্রথম খণ্ড সম্পূর্ণ হইবার প্রায় দুই বৎসর পরে ( মাঘ ১২৯১ ) ইহার দ্বিতীয় খণ্ড প্রকাশিত হয়। সম্পাদক—কেদারনাথ দত্ত। দীর্ঘায়ু পত্রিকা।

৩০৫। **সদানন্দ** ( মাসিক ) : বৈশাখ ১২৮৮।

ঢাকা হইতে প্রকাশিত। "রস-প্রধান বিদ্রূপ পত্র ও সমালোচন।" প্রকাশক—হরিহর নন্দী।

৩০৬। পাটনা ধর্ম্মসভা মাসিক পত্রিকা : বৈশাখ ১২৮৮।

বাঁকীপুর হইতে প্রকাশিত, বাংলা-ইংরেজী-হিন্দী পত্র। পরিচালক—অম্বিকাচরণ ঘোষ।

৩০৭। **রসিকরাজ** ( মাসিক ) : বৈশাখ ১২৮৮।

হাস্যোদ্দীপক, বিদ্রূপাত্মক সচিত্র মাসিকপত্র।

৩০৮। সাহস ( সাপ্তাহিক ) : জুন ১৮৮১।

এলাহাবাদ হইতে প্রকাশিত। কয়েক মাস পরে ইংরেজী-বাংলা দ্বিভাষিক পত্রে পরিণত হয়।

৩০৯। বেঙ্গল মিস্‌লেনি ( মাসিক ) : জুন ১৮৮১।

চুঁচুড়া বুড়শিবতলা হইতে প্রকাশিত, ইংরেজী-বাংলা দ্বিভাষিক পত্র। সম্পাদক—জ্যোতিষচন্দ্র চট্টোপাধ্যায়।

৩১০। তন্ত্রকল্পতরু ( মাসিক ) : আষাঢ় ১২৮৮।

সম্পাদক—প্রসন্নকুমার কর চৌধুরী।

৩১১। হালিশহর প্রকাশিকা ( সাপ্তাহিক ) : আষাঢ় (?) ১২৮৮।

কলিকাতা হইতে নবীনচন্দ্র মিত্র কর্ত্তৃক প্রকাশিত। ইহাতে রাজনৈতিক ও সামাজিক বিষয় আলোচিত হইত।

৩১২। বিশ্বাসী ( মাসিক ) : ভাদ্র ১২৮৮।

"যাঁহারা নববিধানের গভীর তত্ত্ব ও উচ্চ ভাব সহজে বুঝিতে চান, এবং ধর্ম্মসম্বন্ধীয় উপদেশ ও গল্প পাঠ করিয়া পরিতৃপ্ত হইতে চান, তাঁহাদিগের জন্য।" পরিচালক—নগেন্দ্রচন্দ্র মিত্র।

৩১৩। চন্দ্রিকা ( মাসিক ) : ভাদ্র ১২৮৮।

উদয়পুর হইতে প্রকাশিত, সম্ভবতঃ বাংলা সাময়িক-পত্র।

৩১৪। **ধর্ম্মবন্ধু** ( পাক্ষিক··· ) : ১ আশ্বিন ১২৮৮।

"ইহাতে সাধারণের পাঠোপযোগী ধর্ম্ম ও নীতি সম্বন্ধীয় প্রস্তাব, ধর্ম্মপরায়ণ ব্যক্তিদিগের জীবনচরিত ও সুন্দর সুন্দর আখ্যায়িকা" স্থান পাইত। সম্পাদক—শশিভূষণ বসু। চারি

৫

বৎসর পরে—১৮০৭ শকের বৈশাখ ( ইং ১৮৮৫ ) হইতে 'ধর্ম্মবন্ধু' মাসিক আকার ধারণ করে। ১৮৯০ সনে ইহার সম্পাদক হন—রামানন্দ চট্টোপাধ্যায়।

৩১৫। সরস্বতী ( মাসিক ) : আশ্বিন ১২৮৮।
পরিচালক—নন্দলাল ঘোষ।

৩১৬। হোমিওপ্যাথিক প্রচারক ( মাসিক ) : আশ্বিন ১২৮৮।
বিপিনবিহারী বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক প্রকাশিত।

৩১৭। শ্রীক্ষেত্র চিত্র ( মাসিক ) : আশ্বিন (?) ১২৮৮।
ঢাকা হইতে ক্ষেত্রচন্দ্র বসু কর্ত্তৃক প্রকাশিত।

৩১৮। উদাসিনী রাজকন্যার গুপ্তকথা ( মাসিক ) : আশ্বিন ১২৮৮।
ইহাতে উপন্যাস স্থান পাইত। প্রকাশক—রাজেন্দ্রলাল দাস ঘোষ, টালা।

৩১৯। সাহিত্য-দর্শন ( মাসিক ) : ১২৮৮ সাল।
চট্টগ্রাম হইতে প্রকাশিত। ( দ্র° 'হিন্দুদর্শন,' ভাদ্র )

৩২০। আচার্য্য ( মাসিক ) : কার্ত্তিক ১২৮৮।
নড়াইল হইতে প্রকাশিত। সম্পাদক—উপেন্দ্রনাথ ভট্টাচার্য্য।

৩২১। বালক-হিতৈষী ( মাসিক ) : কার্ত্তিক ১২৮৮।
বালকপাঠ্য। পরিচালক—জানকীপ্রসাদ দে।

৩২২। বঙ্গ-সুহৃদ ( মাসিক ) : কার্ত্তিক ১২৮৮।
শেরপুর, ময়মনসিংহ হইতে প্রকাশিত। সম্পাদক—অঘোরনাথ চট্টোপাধ্যায়।

৩২৩। আর্য্যকাহিনী ( সাপ্তাহিক ) : ৮ নবেম্বর ১৮৮১।
বালক-বালিকাপাঠ্য। সম্পাদক—সিদ্ধেশ্বর মুখোপাধ্যায়।

৩২৪। নিরপেক্ষ ধর্ম্মতত্ত্ব ( মাসিক ) : কার্ত্তিক ১২৮৮।
নিরপেক্ষ ধর্ম্মরক্ষিণী সভার মুখপত্র।

৩২৫। **বঙ্গবাসী** ( সাপ্তাহিক ) : ২৬ অগ্রহায়ণ ১২৮৮ ( ১০-১২-১৮৮১ )।
"বঙ্গবাসীর উদ্দেশ্য জনসাধারণের মধ্যে জ্ঞানের বিস্তার। রাজনীতি, সমাজনীতি, ইতিহাস, জীবনচরিত, বিজ্ঞান বিষয়ক সংবাদপত্র।" স্বল্পমূল্যের এই সুবৃহৎ পত্রিকা যোগেন্দ্রচন্দ্র বসু তদীয় বন্ধু উপেন্দ্রনাথ সিংহ রায়ের সহযোগে প্রতিষ্ঠা করেন। প্রথম সম্পাদক—জ্ঞানেন্দ্রলাল রায়, এম-এ, বি-এল।

৩২৬। ঋষিতত্ত্ব ( মাসিক ) : পৌষ ১২৮৮।
চট্টগ্রাম চন্দ্রশেখর যন্ত্র হইতে প্রকাশিত "বেদ, পুরাণ, তন্ত্র, স্মৃতি, দর্শন, জ্যোতিষাদি যুক্তি ও আয়ুর্ব্বেদীয় মাসিকপত্র ও সমালোচন।" সম্পাদক—অন্নদাচরণ সরস্বতী।

## ইং ১৮৮২

৩২৭। চিত্তরঞ্জিনী ( ত্রৈমাসিক ) : হেমন্ত, অগ্রহায়ণ-পৌষ ১২৮৮ ( জানুয়ারি ১৮৮২ )।

শ্রীবাটী চিত্তরঞ্জিনী সাহিত্য সভা হইতে প্রকাশিত। "সংক্ষেপতঃ সামাজিক বিষয়ে সর্ব্বাঙ্গীন উন্নতি কামনাই এই সচিত্র ঋতু-পত্রিকার অন্যতম উদ্দেশ্য।" সম্পাদক—রাজরাজেন্দ্র চন্দ্র।

৩২৮। হরিভক্তিতরঙ্গিণী ( মাসিক ) : পৌষ ১২৮৮।

ময়মনসিংহ হইতে প্রকাশিত। "পত্রিকাখানির দ্বারা নববিধান প্রচার করাই উদ্দেশ্য।"

৩২৯। দি ইণ্ডিয়ান হোমিওপ্যাথিক রিভিয়্যু ( মাসিক ) : জানুয়ারি ১৮৮২।

ইংরেজী-বাংলা দ্বিভাষিক পত্র। সম্পাদক—বিহারিলাল ভাদুড়ী, এল. এম. এস।

৩৩০। অতিথি ( মাসিক ) : মাঘ ১২৮৮।

বঙ্গের সামাজিক প্রথা লইয়া আন্দোলন করাই ইহার প্রধান উদ্দেশ্য। বেহালার রায় এণ্ড ফ্রেণ্ডস্ ইহার প্রকাশক।

৩৩১। অবকাশ ( মাসিক ) : মাঘ ১২৮৮।

'কল্পনা'-কার্য্যালয় হইতে প্রকাশিত "নবন্যাসপূর্ণ মাসিকপত্র"। সম্পাদক—যোগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়।

৩৩২। বঙ্গবিলাপ ( মাসিক ) : মাঘ (?) ১২৮৮।

ময়মনসিংহ হইতে প্রকাশিত। পরিচালক—কাশীনাথ চৌধুরী।

৩৩৩। পারিজাত ( মাসিক ) : ফাল্গুন (?) ১২৮৮।

পরিচালক—হরচন্দ্র দাস।

৩৩৪। শিবদায়িকা পত্রিকা ( মাসিক ) : ফাল্গুন (?) ১২৮৮।

কালীচন্দ্র লাহিড়ী-সম্পাদিত 'জ্ঞানদীপিকা'র নামান্তর।

৩৩৫। কল্পতরু ( মাসিক ) : ১২৮৮ সাল।

সম্পাদক—অপূর্ব্বকৃষ্ণ দত্ত। ( দ্র° 'হিন্দুদর্শন,' কার্ত্তিক )

৩৩৬। প্রবাহ ( মাসিক ) : ১ বৈশাখ ১২৮৯।

উচ্চাঙ্গের মাসিকপত্র। সম্পাদক—দামোদর মুখোপাধ্যায়। স্থিতিকাল দুই বৎসর। ১৩১১ সালের মাঘ মাস হইতে 'প্রবাহ' পুনঃপ্রচারিত হয়; এবারও দুই বৎসরের অধিক কাল স্থায়ী হইতে পারে নাই।

৩৩৭। সচিত্র বিজ্ঞান-দর্পণ ( মাসিক ) : বৈশাখ ১২৮৯।

"ইহাতে স্বজাতীয় ও বিজাতীয় ভাষায় গ্রথিত ও সমালোচিত বিজ্ঞানশাস্ত্র সকলের সরল বাঙ্গালায় অনুবাদ মাত্র সন্নিবিষ্ট হইবে।" সম্পাদক—প্রাণানন্দ কবিভূষণ; তৃতীয় বর্ষ হইতে বীরেশ্বর পাঁড়ে ইহার সম্পাদন-ভার গ্রহণ করেন।

৩৩৮। গোপাল ভাঁড় ( মাসিক ) : বৈশাখ ১২৮৯।

"রহস্যজনক মাসিকপত্র।" সামাজিক কুনীতি দূরীকৃত করাই ইহার মুখ্য উদ্দেশ্য। সম্পাদক—কিষণলাল বর্ম্মণ, ৮ নং তারাচাঁদ দত্তের ষ্ট্রীট।

৩৩৯। বার্ত্তাবহ ( সাপ্তাহিক ) : বৈশাখ ১২৮৯।

পাবনা হইতে প্রকাশিত।

৩৪০। দর্পণ ( মাসিক ) : জ্যৈষ্ঠ ১২৮৯।

কুমিল্লা সুহৃদ্ সমাজ কর্ত্তৃক প্রকাশিত।

৩৪১। ভারতহিতৈষী ( পাক্ষিক ) : জ্যৈষ্ঠ ( ? ) ১২৮৯।

বরিশাল হইতে প্রকাশিত।

৩৪২। রামধনু ( সাপ্তাহিক ) : জুন ১৮৮২।

ঢাকা হইতে প্রকাশিত শিল্প বিজ্ঞানাদি বিষয়ক সচিত্র পত্রিকা। সম্পাদক—সূর্য্যনারায়ণ ঘোষ, ঢাকা কলেজের ল্যাবরেটরি অ্যাসিষ্টাণ্ট।

৩৪৩। নবীন ( মাসিক ) : আষাঢ় ১২৮৯।

ঢাকা হইতে প্রকাশিত। সম্পাদক—প্রসন্নকুমার গুহ।

৩৪৪। স্বদেশ সংস্কারক ( মাসিক ) : আষাঢ় ১২৮৯।

সম্পাদক—হরিমোহন রায়।

৩৪৫। প্রতিভা ( সাপ্তাহিক ) : আষাঢ় ১২৮৯।

ঢাকা হইতে প্রকাশিত।

৩৪৬। প্রতিবাদ ( মাসিক ) : শ্রাবণ ১২৮৯।

সম্পাদক—অন্নদাপ্রসাদ মুখোপাধ্যায়।

৩৪৭। মালা ( মাসিক ) : শ্রাবণ ১২৮৯।

সম্পাদক—মাখনলাল দত্ত।

৩৪৮। উষা ( মাসিক ) : শ্রাবণ ১২৮৯।

পাবনা হইতে প্রকাশিত। সম্পাদক—তারকনাথ অধিকারী।

৩৪৯। ভারতবাসী ( সাপ্তাহিক ) : ভাদ্র ১২৮৯।

চট্টগ্রাম হইতে 'বঙ্গবাসী'র আকারে প্রকাশিত।

৩৫০। বিদ্রূপ ( সাপ্তাহিক ) : ভাদ্র ১২৮৯।

ব্যঙ্গ-বিদ্রূপাত্মক পত্র। সম্পাদক—কালীপ্রসাদ চট্টোপাধ্যায়।

৩৫১। দিল্লীকা লাড্ডু ( মাসিক ) : ভাদ্র ১২৮৯।

সম্পাদক—শশিভূষণ মুখোপাধ্যায়।

৩৫২। **সুরভি** ( সাপ্তাহিক ) : ১ আশ্বিন ১২৮৯।

"এ দেশের রাজনৈতিক ও সামাজিক অবস্থার আলোচনা এবং তাহার সঙ্গে সঙ্গে বঙ্গদেশে পাশ্চাত্য জ্ঞান বিস্তার করা 'সুরভি'র উদ্দেশ্য।" সম্পাদক—যোগীন্দ্রনাথ বসু। ইহা স্বনামধন্য রাজনারায়ণ বসুর তত্ত্বাবধানে প্রকাশিত হইত। বছর-চারেক পরে পত্রিকাখানি 'পতাকা'র সহিত সম্মিলিত হইয়া 'সুরভি ও পতাকা' নাম ধারণ করে।

৩৫৩। **বঙ্গবন্ধু** ( মাসিক ) : অক্টোবর ১৮৮২।

খ্রীষ্টতত্ত্বমূলক পত্র। সম্পাদক—রেঃ বরদাচরণ ঘোষ।

৩৫৪। **প্রজাবন্ধু** ( সাপ্তাহিক ) : আশ্বিন ১২৮৯।

গোন্দলপাড়া ( ফরাসী চন্দননগর ) ব্যাস যন্ত্র হইতে সুলভ মূল্যে প্রচারিত। সম্পাদক—তিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

৩৫৫। **ইন্দ্রজাল বা উদাসিনী রাজকন্যার পুঁথি** ( মাসিক ) : আশ্বিন ১২৮৯।

ইহাতে বশীকরণ ও দ্রব্যগুণ দ্বারা আশ্চর্য্য আশ্চর্য্য ক্রিয়া প্রদর্শনের প্রক্রিয়াসকল স্থান পাইত। প্রকাশক—রাজেন্দ্রলাল দাস ঘোষ, টালা।

৩৫৬। **আর্য্যরঞ্জন** ( মাসিক ) : আশ্বিন ১২৮৯।

বরিশাল সত্যপ্রকাশ যন্ত্র হইতে প্রকাশিত।

৩৫৭। **জাতীয় সুহৃৎ** ( পাক্ষিক ) : আশ্বিন ( ? ) ১২৮৯।

৩৫৮। **জ্ঞানবিকাশিনী** ( সাপ্তাহিক ) : অগ্রহায়ণ ( ? ) ১২৮৯।

ঢাকা হইতে 'সুলভ সমাচারে'র আকারে প্রকাশিত।

৩৫৯। **প্রেমপ্রচারিণী** ( পাক্ষিক ) : অগ্রহায়ণ ১২৮৯।

বারাকপুর নবাবগঞ্জ হইতে প্রতি একাদশীতে প্রকাশিত। বৈষ্ণব ধর্ম্ম প্রচার করা ইহার উদ্দেশ্য। পরিচালক—কিশোরীমোহন পাল।

৩৬০। **সুখসরোজ** ( মাসিক ) : অগ্রহায়ণ ১২৮৯।

সাহিত্য-বিজ্ঞানাদি সম্বলিত মাসিকপত্র। পরিচালক—সরোজনাথ মুখোপাধ্যায়।

৩৬১। **আর্য্যপ্রতিভা** ( মাসিক ) : অগ্রহায়ণ ( ? ) ১২৮৯।

সমালোচনী মাসিক পত্রিকা। প্রকাশক—কালীচরণ পাল।

৩৬২। **বঙ্গবন্ধু** ( মাসিক ) : পৌষ ১২৮৯।

শ্রীরামপুর হইতে রামচন্দ্র রায় কর্ত্তৃক প্রকাশিত।

## ইং ১৮৮৩

৩৬৩। **সখা** ( মাসিক ) : জানুয়ারি ১৮৮৩।

বালক-বালিকা-পাঠ্য সচিত্র পত্রিকা। সম্পাদক—প্রমদাচরণ সেন। ১৮৮৫ সনের ২১এ জুন প্রমদাচরণের মৃত্যু হইলে পরবর্ত্তী জুলাই মাসে প্রকাশিত ৩য় বর্ষ, ৭ম সংখ্যা

হইতে ৪র্থ বর্ষ ( ইং ১৮৮৬ ) পর্য্যন্ত 'সখা' সম্পাদন করেন পণ্ডিত শিবনাথ শাস্ত্রী। তাহার পর অন্নদাচরণ সেন পত্রিকা-পরিচালন-ভার গ্রহণ করেন। শেষ তিন-চার বর্ষের—বিশেষ করিয়া ১১শ-১২শ বর্ষের ( ১৮৯৩-৯৪ ) 'সখা' নবকৃষ্ণ ভট্টাচার্য্যের সম্পাদনায় প্রকাশিত হইয়াছিল। ১৮৯৪ সনের এপ্রিল মাসে 'সখা' ভুবনমোহন রায়-পরিচালিত 'সাথী'র সহিত সম্মিলিত হইয়া 'সখা ও সাথী' নাম ধারণ করে।

৩৬৪। যশোহর প্রবাহ ( মাসিক ) :

এই নামের মনোবিজ্ঞান সম্বন্ধীয় একখানি মাসিক পত্রিকা যশোহর বরণ্ডালি গ্রাম হইতে শশিভূষণ মোদকের সম্পাদনায় ফেব্রুয়ারি মাসে প্রকাশিত হইবে বলিয়া সংবাদপত্রে বিজ্ঞাপিত হইয়াছিল।

৩৬৫। **ভারতদর্পণ** ( সাপ্তাহিক ) : ১ ফাল্গুন ১২৮৯।

৪৬ নং পটুয়াটোলা লেন হইতে এক পয়সা মূল্যে প্রতি সোমবার প্রচারিত হইত। সম্পাদক—তারকনাথ বিষ্ণু।

৩৬৬। উত্তরবাসিনী ( মাসিক ) : ফাল্গুন ১২৮৯।

সম্পাদক—দ্বারকানাথ মজুমদার।

৩৬৭। মুকুলমালা ( মাসিক ) : ফাল্গুন ১২৮৯।

কাশীকুণ্ডুর ঘাট, ফরাসী চন্দননগর হইতে প্রকাশিত।

৩৬৮। বসন্ত সমীরণ ( সাপ্তাহিক ) : ফাল্গুন ১২৮৯।

শালকিয়া হইতে প্রকাশিত। সম্পাদক—এম. এন. বর্ম্মণ।

৩৬৯। **সঞ্জীবনী** ( সাপ্তাহিক ) : ৩ বৈশাখ ১২৯০।

এই সুপরিচিত সংবাদপত্রখানির প্রতিষ্ঠার মূলে ছিলেন—দ্বারকানাথ গঙ্গোপাধ্যায়, হেরম্বচন্দ্র মৈত্র, কৃষ্ণকুমার মিত্র, কালীশঙ্কর সুকুল, গগনচন্দ্র হোম ও পরেশনাথ সেন। প্রথম দিকে দ্বারকানাথই প্রধানতঃ পত্রিকা সম্পাদন করিতেন। গগনচন্দ্র হোমের 'জীবন-স্মৃতি'তে প্রকাশ :—"স্বত্বাধিকারিত্ব ছাড়িয়া দিলেও ১৯০৪ খৃষ্টাব্দ পর্য্যন্ত সহকারী সম্পাদক- ও প্রধান প্রবন্ধ-লেখকরূপে এই সংবাদপত্রের সহিত আমি সংশ্লিষ্ট ছিলাম।"

৩৭০। **সময়** ( সাপ্তাহিক ) বৈশাখ ১২৯০।

রাজনীতি, সাহিত্য, সংবাদ এবং বাণিজ্য বিষয়ক সাপ্তাহিক পত্র; 'সঞ্জীবনী'র ন্যায় ইহারও নগদ মূল্য ছিল দুই পয়সা। সম্পাদক—জ্ঞানেন্দ্রনাথ দাস, এম-এ, বি-এল।

৩৭১। **সারস্বত পত্র** ( সাপ্তাহিক ) বৈশাখ ( ? ) ১২৯০।

ঢাকা সারস্বত সমাজ হইতে প্রকাশিত। প্রথম সম্পাদক—রাজবিহারী দাস; তৎপরে উমেশচন্দ্র বসু, কালীপ্রসন্ন ঘোষের জামাতা।

৩৭২। বঙ্গমহিলা ( মাসিক ) বৈশাখ ১২৯০।

"জ্ঞানের অধিকার বর্দ্ধন ও গৌরব খ্যাপন ইহার উদ্দেশ্য :…বাঙ্গালির অন্তঃপুরে যেখানে অজ্ঞানতিমির চিরবিরাজমান, যেখানে তীব্রকর পণ্ডিতগণের বিতরিত জ্ঞানালোক লব্ধপ্রবেশ হয় না, সেই স্থানে থাকিয়া স্বকার্য্য সাধন করিবে।" সম্পাদক—নগেন্দ্রনাথ ঘোষাল।

৩৭৩। কিরণ ( মাসিক ) : বৈশাখ ১২৯০।

নান্নার ভারত-সুহৃৎ যন্ত্র হইতে এই পদ্যময়ী পত্রিকাখানি প্রকাশিত হইত। পরিচালক—কালীশচন্দ্র দে।

৩৭৪। হানিমান ( মাসিক ) : বৈশাখ ১২৯০।

"সদৃশ-চিকিৎসা বিষয়ক সচিত্র মাসিকপত্র।" সম্পাদক—বসন্তকুমার দত্ত।

৩৭৫। হোমিওপ্যাথিক প্রচারক ( মাসিক ) : বৈশাখ ১২৯০।

সম্পাদক—পূর্ণচন্দ্র সেন।

৩৭৬। বৈষয়িক তত্ত্ব ( মাসিক ) : বৈশাখ ১২৯০।

তাহিরপুর দাতব্য-কৃষিকার্য্যালয় হইতে প্রকাশিত। সম্পাদক—বঙ্কবিহারী খাঁ। প্রথম ভাগ মাসিক আকারে অনিয়মিত ভাবে প্রকাশিত হয়। দ্বিতীয় বর্ষে 'বৈষয়িক তত্ত্ব' ত্রৈমাসিক পত্রিকায় পরিণত হয়।

৩৭৭। তরঙ্গিণী ( মাসিক ) : বৈশাখ ১২৯০।

মজঃফরপুর হইতে প্রচারিত। বিহারে ইহাই প্রথম বাংলা মাসিকপত্র। সম্পাদক—রামসত্য মুখোপাধ্যায়।

৩৭৮। দ্রব্যগুণতত্ত্ব ( মাসিক ) : বৈশাখ ১২৯০।

সম্পাদক—বিপ্রদাস মুখোপাধ্যায়।

৩৭৯। মুকুলমালা ( মাসিক ) : বৈশাখ ১২৯০।

সম্পাদক—কেদারনাথ ঘোষাল।

৩৮০। **নব্যভারত** ( মাসিক ) : জ্যৈষ্ঠ ১২৯০।

উচ্চাঙ্গের পত্রিকা। সম্পাদক—দেবীপ্রসন্ন রায় চৌধুরী। ১৩২৭ সালের ১৮ই আশ্বিন দেবীপ্রসন্ন পরলোক গমন করিলে প্রভাতকুসুম রায় চৌধুরী পিতার প্রতিষ্ঠিত পত্রিকাখানির সম্পাদক হন। সম্বৎসর-মধ্যে তাঁহার মৃত্যু হইলে তৎপত্নী ফুল্লনলিনী ১৩২৮ সালের আশ্বিন-কার্ত্তিক যুগ্ম-সংখ্যা হইতে 'নব্যভারতে'র সম্পাদন-ভার গ্রহণ করেন। তাঁহার সম্পাদনায় পত্রিকাখানি ৪৩শ বর্ষ ( বঙ্গাব্দ ১৩৩২ ) পর্য্যন্ত চলিয়া লুপ্ত হয়।

৩৮১। কৌমুদী ( মাসিক ) : জ্যৈষ্ঠ ১২৯০।

সম্পাদক—হারাণচন্দ্র গঙ্গোপাধ্যায়।

৩৮২। যোগিনী ( মাসিক ) : জ্যৈষ্ঠ ১১৯০
পরিচালক—উমাশঙ্কর বাগচী।

৩৮৩। ললনা সুন্দরী। ( মাসিক ) : জ্যৈষ্ঠ ১২৯০।
পরিচালক—মহেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।

৩৮৪। সহচরী ( মাসিক ) : আষাঢ় ১২৯০।
সম্পাদক—বীরেশ্বর পাঁড়ে।

৩৮৫। কলির নূতন অবতার ( পাক্ষিক ) : আষাঢ় ১২৯০।
পরিচালক—লক্ষ্মীনারায়ণ দাস।

৩৮৬। সচিত্র বঙ্গীয় রহস্য ( পাক্ষিক ) : আষাঢ় ১২৯০।
আদরিণী প্রেস হইতে কৃষ্ণধন বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক প্রকাশিত। ইহাতে কেবল কথা-সাহিত্যই স্থান পাইত। স্বত্বাধিকারী—তারকনাথ বিশ্বাস।

৩৮৭। পাক-প্রণালী ( মাসিক ) : আষাঢ় ( ? ) ১২৯০।
সম্পাদক—বিপ্রদাস মুখোপাধ্যায়।

৩৮৮। শক্তি ( সাপ্তাহিক ) : ৪ শ্রাবণ ১২৯০।
শ্রাবণ মাসের প্রথম সপ্তাহ হইতে প্রতি বৃহস্পতিবার কলিকাতা হইতে প্রকাশিত হইত।

৩৮৯। ভারতভূমি ( সাপ্তাহিক ) : ১১ শ্রাবণ ১২৯০।
শান্তিপুর হইতে প্রকাশিত।

৩৯০। হীরাপ্রভা ( মাসিক ) : শ্রাবণ ১২৯০।
প্রকাশক—অন্নদাপ্রসাদ দাস।

৩৯১। **দৈনিক বার্ত্তা** ( দৈনিক ) : ১ আগষ্ট ১৮৮৩।
প্রকাশক—গিরীন্দ্রলাল চৌধুরী, হুগলী।

৩৯২। উদ্বোধন ( সাপ্তাহিক ) : ভাদ্র ১২৯০।

৩৯৩। নন্দিকেশ্বর ( মাসিক ) : ভাদ্র ১২৯০।
সচিত্র রহস্যাত্মক মাসিকপত্র। সম্পাদক—সত্যচরণ গুপ্ত।

৩৯৪। আলোক ( সাপ্তাহিক ) : ভাদ্র ১২৯০।
সুলভ সংবাদপত্র, নগদ মূল্য আধ পয়সা।

৩৯৫। ব্রাহ্মণ ( মাসিক ) : ভাদ্র ১২৯০।
আর্য্যধর্ম্ম-প্রচারিকা মাসিকপত্র। সম্পাদক—তেজশ্চন্দ্র বিদ্যানন্দ। ইহা ১৩০১ সালে 'বেদব্যাসে'র সহিত সম্মিলিত হইয়া 'বেদব্যাস ও ব্রাহ্মণ' নাম ধারণ করে।

৩৯৬। **বালিকা** ( মাসিক ) : ভাদ্র ১২৯০।

ঢাকা হইতে প্রকাশিত, বালিকা-পাঠ্য পত্রিকা। সম্পাদক—অক্ষয়কুমার গুপ্ত।

৩৯৭। আন্দোলন ( মাসিক ) : ভাদ্র ১২৯০।

সম্পাদক—নাট্যকার অতুলকৃষ্ণ মিত্র।

৩৯৮। কলিকাতার নিগূঢ় তত্ত্ব ( মাসিক ) : আশ্বিন ১২৯০।

পরিচালক—নন্দলাল সরকার।

৩৯৯। নন্দের চাঁদ ( মাসিক ) : আশ্বিন ১২৯০।

হাস্যপ্রধান পত্র। পরিচালক—পূর্ণচন্দ্র গুপ্ত।

৪০০। ভারতবণিক ( সাপ্তাহিক ) : আশ্বিন ১২৯০।

বাণিজ্য-সংক্রান্ত সংবাদপত্র।

৪০১। সংসার ( সাপ্তাহিক ) : আশ্বিন (?) ১২৯০।

কলিকাতা, কাশীপুর হইতে প্রকাশিত।

৪০২। **সুনীতি** ( পাক্ষিক ) : ১ কার্ত্তিক ১৮০৫ শক ( ১২৯০ সাল )।

শ্রীকৃষ্ণপ্রসন্ন সেন ( কৃষ্ণানন্দ স্বামী )-প্রতিষ্ঠিত 'ধর্ম্মপ্রচারক' পত্রের আশ্রয়ে ও বারাণসী সুনীতিসঞ্চারিণী সভার উৎসাহে, বারাণসী ধর্ম্মামৃত যন্ত্রালয় হইতে প্রকাশিত। পরিচালক—ভূধর চট্টোপাধ্যায়। বালক ও যুবকবৃন্দের হৃদয়ে আর্য্যরীতিনীতির প্রবর্ত্তনা ও আর্য্যভাবের উদ্দীপনা করাই ইহার মুখ্য উদ্দেশ্য।" পরমায়ু এক বৎসর। তিন বৎসর পরে—১২৯৩ সালের কার্ত্তিক (?) মাসে ইহা 'সুনীতি ও সংবাদ' নামে পুনঃপ্রকাশিত হয়।

৪০৩। **বঙ্গবাসিনী** ( সাপ্তাহিক ) : কার্ত্তিক ১২৯০।

বঙ্গমহিলা-পরিচালিত প্রথম সাপ্তাহিক সংবাদপত্র। কলিকাতার টালা অঞ্চল হইতে প্রকাশিত। কার্য্যাধ্যক্ষ—গিরীন্দ্রলাল দাস ঘোষ।

৪০৪। ধাঁটাল পত্রিকা ( পাক্ষিক ) : কার্ত্তিক ১২৯০।

৪০৫। বাল্যবন্ধু ( মাসিক ) : কার্ত্তিক ১২৯০।

বালকপাঠ্য খ্রীষ্টতত্ত্বমূলক পত্র। সম্পাদক—জে. ই. পেন।

৪০৬। কৃষিপদ্ধতি ( মাসিক ) : অগ্রহায়ণ ১২৯০।

বরাহনগর নার্সারি প্রকাশিত কৃষি-বিষয়ক পত্র। সম্পাদক—উমেশচন্দ্র সেনগুপ্ত।

৪০৭। পঞ্চপ্রদীপ ( মাসিক ) :

৯৭ কলেজ ষ্ট্রীট হইতে অগ্রহায়ণ মাসাবধি প্রকাশিত হইবে বলিয়া সংবাদপত্রে বিজ্ঞাপিত হইয়াছিল।

৪০৮। চশমা ( মাসিক ) : অগ্রহায়ণ ১২৯০।

৪০৯। বস্তুবিদ্যা ( মাসিক ) : অগ্রহায়ণ ১২৯০।

নরগ্রাম হইতে প্রকাশিত। সম্পাদক—হরিপদ চক্রবর্ত্তী।

৪১০। নীহার ( সাপ্তাহিক ? ) : পৌষ ১২৯০।

"প্রত্যেক সংখ্যার মূল্য নগদ দুই পয়সা।"

## ইং ১৮৮৪

৪১১। মুসলমান ( সাপ্তাহিক ) :

মুসলমান-সম্প্রদায়ের মুখপত্র হিসাবে এই সাপ্তাহিক সংবাদপত্র জানুয়ারি মাস হইতে প্রকাশিত হইবে বলিয়া অনুষ্ঠানপত্র প্রচারিত হইয়াছিল।

৪১২। **পাক্ষিক সমালোচক** ( পাক্ষিক ) : ১ম পক্ষ, ফাল্গুন ১২৯০।

বিবিধ-বিষয়ক পাক্ষিক পত্র ও সমালোচন। দ্বারভাঙ্গা হইতে প্রকাশিত। সম্পাদক—সাহিত্যক্ষেত্রে সুপরিচিত ঠাকুরদাস মুখোপাধ্যায়। 'পাক্ষিক সমালোচক' সম্বন্ধে ঠাকুরদাস লিখিয়া গিয়াছেন :—"আট মাস কাল সতেজে ও সম্মানের সহিত চলিয়া, সাহিত্যের সু-আহার্য্য অভাবে উহা এক বৎসর পরে এ দেশীয় অনেকানেক পত্রিকারই মত পিতৃলোকে বিলীন হয়।...প্রথম আট মাসের অধিক কাল উহার সঙ্গে আমার লেখনীর ও সম্পাদকীয় কর্ত্তব্যের সংস্রব ছিল না।...'পাক্ষিকে'ই বোধ হয়, আমার প্রবন্ধ লেখার প্রথম 'হাতে-খড়ি'।

৪১৩। অদ্ভুত ইন্দ্রজাল ( মাসিক ) : ফাল্গুন ১২৯০।

ইহাতে ইন্দ্রজাল বা ম্যাজিকের কথাই স্থান পাইত। পরিচালক—গিরীন্দ্রলাল ঘোষ, টালা।

৪১৪। সচিত্র পারস্য কুসুম ( মাসিক ) : ফাল্গুন ১২৯০।

ইহাতে পারস্য-উপাখ্যান প্রকাশিত হইত। সম্পাদক—বিপ্রদাস মুখোপাধ্যায়।

৪১৫। রত্নসিংহ ( মাসিক ) : ফাল্গুন ১২৯০।

প্রকাশক—রাজেন্দ্রলাল দাস ঘোষ, টালা।

৪১৬। রহস্য সংগ্রহ ( মাসিক ) : চৈত্র ১২৯০।

প্রকাশক—রাজেন্দ্রলাল দাস ঘোষ, টালা।

৪১৭। **বৌদ্ধ বন্ধু** ( মাসিক ) : বৈশাখ ১২৯১।

ধর্ম্ম, শিক্ষা ও সমাজের উন্নতিসাধনই ইহার উদ্দেশ্য ছিল। সম্পাদক—কালীকিঙ্কর মুৎসুদ্দী। এক বৎসর চলিবার পর কিছু দিন বন্ধ থাকিয়া ১৮৮৭ খ্রীষ্টাব্দে 'বৌদ্ধ বন্ধু' পুনঃপ্রচারিত হয়। ঐ বৎসর নবেম্বর মাসে কালীকিঙ্কর পদত্যাগ করিলে কৃষ্ণচন্দ্র চৌধুরী সম্পাদন-ভার গ্রহণ করেন। তাঁহার নেতৃত্বে বৎসরাবধি চলিয়া পত্রিকাখানি পুনরায় বন্ধ

হইয়া যায়। ১৯০৬ সনের আশ্বিন মাসে চট্টগ্রাম বৌদ্ধ সমিতির সম্পাদক ডঃ ভগীরথ বড়ুয়ার উদ্যোগে 'বৌদ্ধ বন্ধু' প্রকাশিত হইয়াছিল বটে, সেও কিঞ্চিদধিক এক বৎসরের জন্য।

১৩২২ সালের বৈশাখ মাসে পূর্ণানন্দ স্বামীর সম্পাদকত্বে আদি বৌদ্ধ পত্র—'বৌদ্ধ বন্ধু'র "নব পর্য্যায়" প্রকাশিত হইয়াছিল।

৪১৮। সোহাগিনী (মাসিক): বৈশাখ ১২৯১।

সম্পাদিকা—কৃষ্ণরঙ্গিনী বসু ও শ্যামাঙ্গিনী দে।

৪১৯। তপস্বিনী (মাসিক): বৈশাখ ১২৯১।

প্রকাশক—জীবনচন্দ্র ভক্ত। নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব লিখিয়াছেন, "কয়েক জন বন্ধু বান্ধবে মিলিয়া 'তপস্বিনী' নামে একখানি মাসিকপত্র প্রকাশ করি।·· অল্প দিন পরেই বন্ধ হইয়া যায়।" ('বঙ্গ-ভাষার লেখক,' পৃ. ৭১২)।

৪২০। কুসুমমালা (মাসিক): বৈশাখ ১২৯১।

সম্পাদক—দেবেন্দ্রনাথ বসু।

৪২১। চিকিৎসা-সম্মিলনী (মাসিক): বৈশাখ ২৯১।

চিকিৎসা-বিষয়ক পত্রিকা। সম্পাদক—ডাঃ অন্নদাচরণ খাস্তগির ও কবিরাজ অবিনাশচন্দ্র কবিরত্ন।

৪২২। ব্রাহ্মজীবন (মাসিক): বৈশাখ ১২৯১।

"যাহাতে ব্রাহ্মগণ উপাসনাশীল হন এবং পারিবারিক সমস্ত কার্য্য ব্রাহ্ম ধর্ম্মানুসারে সম্পন্ন করেন, ইহাই পত্রিকাখানির উদ্দেশ্য।" 'ধর্ম্মবন্ধু'-কার্য্যালয় হইতে প্রকাশিত।

৪২৩। সৎসঙ্গ (মাসিক): বৈশাখ ১২৯১।

বহরমপুর হইতে প্রকাশিত। সম্পাদক—সাতকড়ি বন্দ্যোপাধ্যায়। ইহার দ্বিতীয় ভাগ প্রকাশিত হয় ১৩০১ সালের বৈশাখ মাসে।

৪২৪। ভুষণ্ডী কাকের নক্‌শা (মাসিক): আষাঢ় ১২৯১।

বিদ্রূপাত্মক পত্র। প্রকাশক—অম্বিকাচরণ মোদক।

৪২৫। রত্নাকর (পাক্ষিক): আষাঢ় ১২৯১।

হিন্দুধর্ম্মপ্রচারক পত্রিকা। প্রকাশক—বংশীনাথ বসাক, ঢাকা শীতল প্রেস।

৪২৬। ভূত (মাসিক): আষাঢ় (?) ১২৯১।

ব্যঙ্গরচনামূলক সচিত্র পত্র।

৪২৭। জাহ্নবী (মাসিক): আষাঢ় ১২৯১।

"সর্ব্বথা আজি মানব পশুভাবাপন্ন বা পশু হইতেও নিকৃষ্ট, সুতরাং পতিত। পতিত উদ্ধার করিবার জন্যই জাহ্নবীর অবতারণা।" সম্পাদক—বীরেশ্বর পাঁড়ে।

৪২৮। **নবজীবন** ( মাসিক ) : শ্রাবণ ১২৯১।

উচ্চাঙ্গের মাসিকপত্র। সম্পাদক—'সাধারণী'-সম্পাদক অক্ষয়চন্দ্র সরকার। পরমায়ু পাঁচ বৎসর। বঙ্কিমচন্দ্র, রবীন্দ্রনাথ, হেমচন্দ্র, নবীনচন্দ্র, চন্দ্রনাথ বসু, ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রমুখ মহারথীদের রচনা ইহার পৃষ্ঠা অলঙ্কৃত করিত। আচার্য্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর হাতেখড়ি হয় এই 'নবজীবনে'; তাঁহার প্রথম রচনা—"মহাশক্তি" ১ম বর্ষের পৌষ-সংখ্যায় স্থান লাভ করিয়াছিল।

৪২৯। **প্রচার** ( মাসিক ) : শ্রাবণ ১২৯১।

জামাতা রাখালচন্দ্র বন্দ্যোপাধ্যায়কে পুরোভাগে রাখিয়া বঙ্কিমচন্দ্র এই ক্ষুদ্র মাসিক-পত্রটি প্রকাশ করেন। বঙ্কিমচন্দ্র লিখিয়াছেন :—"নবজীবনের পনর দিন পরে, প্রচারের ১ম সংখ্যা প্রকাশিত হইল। প্রচার, আমার সাহায্যে ও আমার উৎসাহে প্রকাশিত হয়।" 'প্রচার' চারি বৎসর ( ১২৯৫ সাল পর্য্যন্ত ) চলিয়া লুপ্ত হয়।

৪৩০। **কালভৈরব** ( মাসিক ) : শ্রাবণ ১২৯১।

বিদ্রূপাত্মক পত্র। সম্পাদক—মাখনলাল চক্রবর্ত্তী।

৪৩১। **গৃহস্থালী** ( মাসিক ) : শ্রাবণ ১২৯১।

সম্পাদক—বিপ্রদাস মুখোপাধ্যায়।

৪৩২। **আলোচনা** ( মাসিক ) : ১৫ ভাদ্র ১৮০৬ শক।

ধর্ম্ম, সমাজ ও নীতি বিষয়ক উচ্চাঙ্গের পত্র। সম্পাদক—গগনচন্দ্র হোম। পরমায়ু দুই বৎসর। গগনচন্দ্র 'জীবন-স্মৃতি'তে বলিয়াছেন :—"বন্ধুবর বিপিনচন্দ্র পাল মহাশয়ের নেতৃত্বে আমরাও 'আলোচনা' প্রকাশ করিয়াছিলাম। এই মাসিক পত্রিকার পরিচালনাভার ছিল আমার উপর।"

৪৩৩। **আর্য্যবন্ধু** ( মাসিক ) : আশ্বিন ১২৯১।

শান্তিপুর হইতে শশিভূষণ বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক প্রকাশিত। হিন্দুধর্ম্মের প্রচারকল্পে প্রতিষ্ঠিত কালনা সভার মুখপত্র।

৪৩৪। **বয়স্য** ( মাসিক ) : আশ্বিন ১২৯১।

চুঁচুড়া অরুণ প্রেস হইতে প্রকাশিত। সম্পাদক—বিপিনবিহারী দত্ত।

৪৩৫। **পতাকা** ( সাপ্তাহিক ) : কার্ত্তিক (?) ১২৯১।

সম্পাদক—জ্ঞানেন্দ্রলাল রায়, এম-এ, বি-এল। বছর-দুই পরে ইহা 'সুরভি'র সহিত সম্মিলিত হইয়া 'সুরভি ও পতাকা' নাম ধারণ করে।

৪৩৬। **সমাজ সংস্কার** ( মাসিক ) : কার্ত্তিক ১২৯১ (?)।

সম্পাদক—বিহারীলাল দাসগুপ্ত।

৪৩৭। **আয়ুর্ব্বেদ-সঞ্জীবনী** ( মাসিক ) : অগ্রহায়ণ (?) ১২৯১।

"আয়ুর্ব্বেদীয়-চিকিৎসা-বিষয়ক মাসিকপত্র ও সমালোচন।" কবিরাজ গঙ্গাপ্রসাদ সেনের অনুমতি অনুসারে কবিরাজ অন্নদাপ্রসাদ সেন এবং কবিরাজ কালীপ্রসন্ন সেনের তত্ত্বাবধানে ভগবতীপ্রসন্ন সেন ও কবিরাজ হরিপ্রসন্ন সেন কর্তৃক সম্পাদিত।

## ইং ১৮৮৫

৪৩৮। **ভোজবাজী** ( মাসিক ) : মাঘ ১২৯১।

ইন্দ্রজাল, রসায়ন ও ম্যাজিক সম্বন্ধীয় বালক-পাঠ্য পত্রিকা। সম্পাদক—অমৃতলাল বসু।

৪৩৯। **ভারত** ( মাসিক ) : মাঘ ১২৯১।

বাগবাজার বান্ধব-পাঠ-সমাজ হইতে রাজকৃষ্ণ মুখোপাধ্যায় কর্তৃক প্রকাশিত। নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব লিখিয়াছেন :—"১২৯১ সালে আমরা 'ভারত' নামে আর একখানি মাসিক পত্রিকা বাহির করি।" ( 'বঙ্গ-ভাষার লেখক,' পৃ. ৭১২ )

৪৪০। **রাজ চিকিৎসক** ( মাসিক ) : ফাল্গুন (?) ১২৯১।

চিকিৎসা-সম্বন্ধীয় মাসিকপত্র। সম্পাদক—রামচন্দ্র মল্লিক।

৪৪১। **পরিণাম** ( মাসিক ) : ফাল্গুন ১২৯১।

সম্পাদক—কালীপ্রসন্ন চট্টোপাধ্যায়। ইহা জয়রামপুর গ্রাম হইতে যোগ্যতার সহিত সম্পাদিত হইত বটে, কিন্তু নিয়মিত ভাবে প্রকাশিত হইত না।

৪৪২। **প্রসূতিশিক্ষা নাটক** ( মাসিক ) : বৈশাখ (?) ১২৯২।

নাটকীয় সংলাপের ধরণে লিখিত। সম্পাদক—প্রমথনাথ দাস, এম-বি।

৪৪৩। **বালক** ( মাসিক ) : বৈশাখ ১২৯২।

সম্পাদক—জ্ঞানদানন্দিনী দেবী, সত্যেন্দ্রনাথ ঠাকুরের সহধর্ম্মিণী। রবীন্দ্রনাথ 'জীবন-স্মৃতি'তে লিখিয়াছেন :—"বালকদের পাঠ্য একটি সচিত্র কাগজ বাহির করার জন্য মেজবউঠাকুরাণীর বিশেষ আগ্রহ জন্মিয়াছিল। তাঁহার ইচ্ছা ছিল, সুধীন্দ্র, বলেন্দ্র প্রভৃতি আমাদের বাড়ির বালকগণ এই কাগজে আপন আপন রচনা প্রকাশ করে। কিন্তু শুদ্ধমাত্র তাহাদের লেখায় চলিতে পারে না জানিয়া, তিনি সম্পাদক হইয়া আমাকেও রচনার ভার গ্রহণ করিতে বলেন।" এক বৎসর সগৌরবে চলিবার পর 'বালক' 'ভারতী'র সহিত সম্মিলিত হইয়া যায়।

৪৪৪। **ভারতবাসী** ( সাপ্তাহিক ) : বৈশাখ ১২৯২।

কলিকাতার পি. এম. মুর কোম্পানির যন্ত্রে প্রকাশিত। সম্পাদক—হরিদাস গড়গড়ী।

৪৪৫। **দৈনিক** ( প্রাত্যহিক ) : বৈশাখ ১২৯২।

বঙ্গবাসী-কার্য্যালয় হইতে এক পয়সা মূল্যে এই সুলভ পত্রিকাখানি কৃষ্ণচন্দ্র বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক প্রকাশিত হয়। অল্প দিন পরে ক্ষেত্রমোহন সেনগুপ্ত বিদ্যারত্ন সম্পাদক হইয়া প্রায় ১৪ বৎসর 'দৈনিক' পরিচালনা করিয়াছিলেন।

৪৪৬। **কৃষি গেজেট** ( মাসিক ) : বৈশাখ ১২৯২।

"কৃষি, শিল্প ও বাণিজ্য বিষয়ক মাসিক পত্রিকা।" সম্পাদক—গিরিশচন্দ্র বসু, বঙ্গবাসী কলেজের প্রতিষ্ঠাতা।

৪৪৭। **সীতা** ( মাসিক ) : বৈশাখ ১২৯২।

সম্পাদক—ননীগোপাল মুখোপাধ্যায়।

৪৪৮। **শিল্প কৃষি পত্রিকা** ( মাসিক ) : জ্যৈষ্ঠ ১২৯২।

তাহিরপুর হইতে প্রকাশিত ও বিনামূল্যে বিতরিত। পরিচালক—কুমার শশিশেখরেশ্বর রায়।

৪৪৯। **কুশদহ** ( সাপ্তাহিক ) : জ্যৈষ্ঠ ১২৯২।

ইহা পরবর্ত্তী শ্রাবণ মাস হইতে 'ভেরি' পত্রিকার সহিত মিলিত হইয়া যায়। 'কুশদহ ও ভেরি' আবার ১২৯৩ সালের ভাদ্র মাস হইতে 'সুলভ সমাচারে'র সহিত সম্মিলিত হইয়া 'সুলভ সমাচার ও কুশদহ' নাম ধারণ করে।

৪৫০। **সমাজ-দীপিকা** ( মাসিক ) : ১৫ জ্যৈষ্ঠ ১২৯২।

হিন্দু সমাজের পুনঃসংস্কার ও হিন্দুধর্ম্মের শ্রীবৃদ্ধিকরণের প্রতিই পত্রিকাখানির বিশেষ লক্ষ্য ছিল। সম্পাদক—অক্ষয়কুমার বিদ্যাবিনোদ।

৪৫১। **দিনাজপুর পত্রিকা** ( মাসিক ) : জ্যৈষ্ঠ ১২৯২।

দিনাজপুর হইতে প্রকাশিত। ইহাতে প্রধানতঃ কৃষিতত্ত্বই আলোচিত হইত। সম্পাদক—ব্রজেশচন্দ্র সিংহ চৌধুরি, বি-এ, বি-এল।

৪৫২। **শিল্পপুষ্পাঞ্জলি**:( মাসিক ) : আষাঢ় ১২৯২।

শিল্প, সাহিত্য, সরল বিজ্ঞান প্রভৃতি বিষয়ক সচিত্র পত্রিকা। সম্পাদক—অমৃতলাল বন্দ্যোপাধ্যায়।

৪৫৩। **ভারতে হরিধ্বনি** ( মাসিক ) : আষাঢ় ১২৯২।

রাজা রাধাকান্ত দেবের বাটী হইতে প্রকাশিত। সম্পাদক—শিবচন্দ্র বসু ও কালী-কুমার ঘোষ।

৪৫৪। **বিজলী** ( মাসিক ) : আষাঢ় ১২৯২।

বেরা, ফরিদপুর হইতে প্রকাশিত। সম্পাদক—শ্যামাচরণ মজুমদার।

৪৫৫। **তত্ত্ব-মঞ্জরী** ( মাসিক ) : ১ শ্রাবণ ১৮০৭ শক।

"নীতি, ধর্ম্ম এবং সমাজ-সম্বন্ধীয় মাসিক পত্রিকা।" সম্পাদক—রামচন্দ্র দত্ত। পরমহংস রামকৃষ্ণের উপদেশাবলী প্রচারকল্পেই ইহার আবির্ভাব। পরমায়ু—দুই বৎসর।

১৩০৪ সালের বৈশাখ হইতে শ্রীশ্রীরামকৃষ্ণচরণাশ্রিত সেবকমণ্ডলী কর্ত্তৃক সম্পাদিত হইয়া ইহা পুনঃপ্রকাশিত হয়।

৪৫৬। নব-নলিনী ( মাসিক ) : শ্রাবণ ১২৯২।

আন্দুলবাড়িয়া ( নদীয়া ) হইতে প্রকাশিত। সম্পাদক—সুরেন্দ্রমোহন ভট্টাচার্য্য।

৪৫৭। নির্ঝর ( মাসিক ) : ভাদ্র ১২৯২।

বহরমপুর হইতে প্রকাশিত। সম্পাদক—হরিকিশোর রায়।

৪৫৮। পল্লীগ্রাম ( মাসিক ) : ভাদ্র ( ? ) ১২৯২।

রাণাঘাট হইতে প্রকাশিত। সম্পাদক—ডাঃ যদুনাথ মুখোপাধ্যায়।

৪৫৯। ত্রৈমাসিক হোমিওপ্যাথিক বার্ত্তাবহ : ভাদ্র ( ? ) ১২৯২।

সম্পাদক—অক্ষয়প্রসাদ দত্ত। প্রকাশক—কে. দত্ত এণ্ড কোম্পানী।

৪৬০। বৈষ্ণব ( মাসিক ) : আশ্বিন, শ্রীচৈতন্যাব্দ ৪০০।

বৈষ্ণব জগতের হিতসাধনার্থ ইহার আবির্ভাব। সম্পাদক—কালিদাস নাথ।

৪৬১। **শ্রীমন্ত সওদাগর** ( পাক্ষিক ) : কার্ত্তিক ( ? ) ১২৯২।

৩ নং আহিরিটোলা ষ্ট্রীট হইতে প্রকাশিত। সম্পাদক—চন্দ্রকিশোর রায়।

৪৬২। হোমিওপ্যাথিক অনুবাদক ( মাসিক ) : কার্ত্তিক ১২৯২।

ঢাকা গিরিশ যন্ত্র হইতে প্রকাশিত। সম্পাদক—কুঞ্জবিহারী ভট্টাচার্য্য।

৪৬৩। বঙ্গবালা ( মাসিক ) : কার্ত্তিক ১২৯২।

সম্পাদক—কালীচরণ বসু।

৪৬৪। বিবিধ তত্ত্ব ( মাসিক ) : কার্ত্তিক ১২৯২।

চিকিৎসা, শিল্প, পাকবিদ্যা ও ইন্দ্রজালাদি বিষয়ক পত্র। ৩৭ নং হরিতকী বাগান লেন হইতে রামকুমার নাথ সরকার কর্ত্তৃক সঙ্কলিত ও প্রকাশিত।

৪৬৫। হোমিওপ্যাথিক চিকিৎসক ( মাসিক ) : অগ্রহায়ণ ১২৯২।

লাহিড়ী এণ্ড কোং দ্বারা প্রকাশিত। সম্পাদক—জগদীশচন্দ্র লাহিড়ী ও বিপিনবিহারী মৈত্র, এম-বি।

৪৬৬। **ভারত শ্রমজীবী** ( মাসিক ) : অগ্রহায়ণ ১২৯২।

পূর্ব্বতন 'ভারত শ্রমজীবী'র দ্বিতীয় কল্প। প্রধানতঃ কৃষি, শিল্প, বাণিজ্য, বিজ্ঞান ও সাহিত্য বিষয়ক সচিত্র মাসিকপত্র। সম্পাদক—শশিভূষণ বিশ্বাস।

৪৬৭। মহাবিদ্যা ( মাসিক ) : অগ্রহায়ণ ১২৯২।

ঢাকা হইতে প্রকাশিত। তত্ত্ববিদ্যা, অধ্যাত্ম-বিজ্ঞান ও আর্য্যশাস্ত্র-প্রচারক পত্রিকা। সম্পাদক—কৃষ্ণবিহারী ভট্টাচার্য্য, এফ. টি. এস। ইহা ১২৯৪ সালে স্থানীয় সাপ্তাহিক পত্র 'গরীবে'র সহিত মিলিত হইয়া 'গরীব ও মহাবিদ্যা' নাম ধারণ করে।

* * * *

১৮৮৫ সনে ( ১২৯২ সালে ) আরও কয়েকখানি সাময়িক-পত্রের অস্তিত্বের প্রমাণ পাইতেছি; এগুলি সম্ভবতঃ পূর্ব্ব-বৎসরে—ইং ১৮৮৪ সনে প্রথম প্রকাশিত হইয়া থাকিবে। পত্রিকাগুলি :—

৪৬৮। 'সুধাপান', ৪৬৯। 'কুমারী পত্রিকা' ( সাপ্তাহিক ), ৪৭০। 'ভারত মিহির' ( মাসিক, ৪৬ পঞ্চাননতলা, কলিকাতা হইতে প্রকাশিত ), ৪৭১। 'পূর্ব্ববঙ্গবাসী' ( সাপ্তাহিক )।

## ইং ১৮৮৬

৪৭২। **ঢাকা গেজেট** ( সাপ্তাহিক ) : ইং ১৮৮৬ (?)।

ঢাকা হইতে প্রকাশিত "অ্যাংলো ভার্ণাকুলার" সাপ্তাহিক পত্র। সম্পাদক—শশিভূষণ রায়, ভূতপূর্ব্ব 'ঈষ্ট'-সম্পাদক।

৪৭৩। বিদূষক ( মাসিক ) : মাঘ ১২৯২।

সম্পাদক—কালীকিঙ্কর আর্য্যরত্ন।

৪৭৪। **ধূমকেতু** ( সাপ্তাহিক ) : ৪ বৈশাখ ১২৯৩।

চন্দননগর হইতে প্রকাশিত। সম্পাদক—শিবকৃষ্ণ মিত্র।

৪৭৫। **বেদব্যাস** ( মাসিক ) : বৈশাখ ১২৯৩।

"হিন্দুধর্ম্মের প্রকৃত মহিমাকীর্ত্তনই বেদব্যাসের উদ্দেশ্য।" সম্পাদক—ভূধর চট্টোপাধ্যায়। ইহা শ্রীকৃষ্ণপ্রসন্নের 'ধর্ম্মপ্রচারকে'র প্রতিদ্বন্দ্বীরূপে আবির্ভূত হইয়াছিল।

৪৭৬। গার্হস্থ্য বিজ্ঞান ( মাসিক ) : বৈশাখ ১২৯৩।

"যোগ, জ্যোতিষ, শিল্প, বিজ্ঞান, চিকিৎসা, সঙ্গীত, বাদ্য, রন্ধন, কারুকার্য্য, চিত্র, মুষ্টিযোগ, ম্যাজিক, ইন্দ্রজাল, প্রভৃতি মানবের আবশ্যকীয় জ্ঞাতব্য বিষয় সম্বন্ধে" সচিত্র মাসিকপত্র। সম্পাদক—অমৃতলাল বসু, নদীয়ার অন্তর্গত নকাসিপাড়া থানার পুলিস সব-ইন্‌স্পেক্টর।

৪৭৭। **গ্রামবাসী** ( পাক্ষিক…)। বৈশাখ ১২৯৩ (?)।

উলুবেড়িয়া হইতে প্রকাশিত; ঐ অঞ্চলের গ্রামবাসীকে রাজনীতি-বিষয়ক শিক্ষা দেওয়াই পত্রিকাখানির উদ্দেশ্য ছিল। ১২৯৬ সালের বৈশাখ হইতে ইহা সাপ্তাহিক পত্রে পরিণত হয়।

৪৭৮। আর্য্যপ্রতিভা ( সাপ্তাহিক ) : বৈশাখ ১২৯৩ (?)।

হালিশহর হইতে প্রকাশিত।

৪৭৯। বাণিজ্য-ভাণ্ডার ( মাসিক ) : বৈশাখ (?) ১২৯৩।

৪৮০। বঙ্গরবি ( মাসিক ) : আষাঢ় ১২৯৩।

বিবিধ-বিষয়ক মাসিকপত্র। পরিচালক—ঈশানচন্দ্র সাবুই।

৪৮১। **আহমদী** ( পাক্ষিক ) : শ্রাবণ ১২৯৩।

ময়মনসিংহ টাঙ্গাইল হইতে করিমন্নেছা খানম চৌধুরাণীর আনুকূল্যে প্রকাশিত। সম্পাদক—আবদুল হামিদ খান্ আহমদী ইউসুফজয়ী। "মুসলমানদিগের কয়েকখানি সংবাদপত্র কলিকাতায় কিছু দিন পূর্ব্বে বাহির হইয়াছিল, কিন্তু 'আখ্‌বারে এস্‌লামিয়া' ভিন্ন আর সবগুলিই লুপ্ত হইয়াছে।" 'আহমদী'র অসাম্প্রদায়িকতা ও ন্যায়নিষ্ঠা সুপরিচিত ছিল। ১২৯৬ সালে ইহার নাম 'আহমদী ও নবরত্ন' পাইতেছি। সম্ভবতঃ 'নবরত্ন' নামে স্থানীয় কোন পত্র ইহার সহিত সম্মিলিত হইয়া এইরূপ নাম ধারণ করে।

৪৮২। কারিকর দর্পণ ( মাসিক ) : আশ্বিন ১২৯৩।

"মেশিন, ইঞ্জিন প্রভৃতি প্রস্তুত প্রণালী বিশেষরূপে প্রচার করিবার জন্য প্রত্যেক মেশিন প্রভৃতির প্রতিকৃতি সহ" ইহা প্রকাশিত হইত। সম্পাদক—বিহারীলাল ঘোষ।

৪৮৩। **বিশ্বকর্ম্মা** বা বিজ্ঞান রহস্য ( মাসিক ) : আশ্বিন ১২৯৩।

বাণিজ্য, বিজ্ঞান এবং শিল্প শিক্ষোপযোগী প্রবন্ধমালা বিবিধ ভাষার সংবাদপত্র এবং পুস্তক হইতে বাংলা ভাষায় অনূদিত হইয়া এই সচিত্র মাসিক পত্রিকার কলেবর পূর্ণ করিত। সম্পাদক—বিহারীলাল ঘোষ।

৪৮৪। ভিষক্-বন্ধু ( মাসিক ) : আশ্বিন ১২৯৩।

সম্পাদক—ভোলানাথ চক্রবর্ত্তী।

৪৮৫। পল্লীপ্রকাশ ( মাসিক ) : আশ্বিন ১২৯৩।

কুচবিহার হইতে প্রকাশিত। সম্পাদক—যোগেন্দ্রনারায়ণ রায়।

৪৮৬। উপন্যাসলহরী ( মাসিক ) : কার্ত্তিক ১২৯৩।

সম্পাদক—তারকনাথ বিশ্বাস।

## ইং ১৮৮৭

৪৮৭। **দ্বৈভাষিকী** ( মাসিক ) : ১৮ ফাল্গুন ১২৯৩।

'সদ্ভাবশতকে'র কবি কৃষ্ণচন্দ্র মজুমদার যশোহর জিলা-স্কুলে শিক্ষকতাকালে এই দ্বিভাষিক—সংস্কৃত-বাংলা পত্রিকা প্রকাশ করেন। "ইহাতে রাজনীতি, উপাখ্যান ও সংবাদ বিনা গদ্যপদ্যে বিবিধ হিতকর বিষয় লিখিত" হইত। পরমায়ু এক বৎসর।

৪৮৮। বাসন্তী ( মাসিক ) : ফাল্গুন ১২৯১।

ময়মনসিংহ হইতে প্রকাশিত। সম্পাদক—ব্রজনাথ গঙ্গোপাধ্যায়।

৪৮৯। অধ্যয়ন ( মাসিক ) : চৈত্র ১২৯৩।

সম্পাদক—রামদয়াল মজুমদার।

৪৯০। **গান ও গল্প** ( পাক্ষিক ) : ১ বৈশাখ ১২৯৪।

সম্পাদক—মতিলাল বসু, নাট্যকার মনোমোহনের পুত্র এবং বোসের সার্কাসের প্রতিষ্ঠাতা। বহু বিশিষ্ট লেখকের রচনায় পত্রিকাখানি সমৃদ্ধ ছিল।

৪৯১। **কর্ণধার** ( মাসিক ) : বৈশাখ ১২৯৪।

সম্পাদক—হারাণচন্দ্র রক্ষিত।

৪৯২। বীণাপাণি ( মাসিক ) : বৈশাখ ১২৯৪।

"প্রধানতঃ সনাতন হিন্দুধর্ম্ম সম্বন্ধীয় আলোচনা ইহার উদ্দেশ্য।" সম্পাদক—প্রকাশচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

৪৯৩। চিকিৎসাদর্শন ( মাসিক ) : বৈশাখ ১২৯৪।

নদীয়া, মোল্লাবেলিয়া হইতে প্রকাশিত, চিকিৎসা-বিষয়ক পত্র। সম্পাদক—রজনীকান্ত মুখোপাধ্যায়।

৪৯৪। হিন্দুধর্ম্ম ( সাপ্তাহিক ) : বৈশাখ ১২৯৪।

৪৯৫। দীপিকা ( মাসিক ) : বৈশাখ ১২৯৪।

সম্পাদক—প্যারীমোহন হালদার।

৪৯৬। নব-যুগ ( মাসিক ) : বৈশাখ ১২৯৪।

সম্পাদক—আনন্দচন্দ্র মিত্র।

৪৯৭। কামনা ( মাসিক ) : বৈশাখ (?) ১২৯৪।

ঢাকা হইতে প্রকাশিত। সম্পাদক—শশিভূষণ দত্ত।

৪৯৮। সাম্যবাদী ( মাসিক ) : বৈশাখ (?) ১২৯৪।

উড়িষ্যা হইতে প্রকাশিত এবং বিনামূল্যে বিতরিত। ইহাতে "অতি উদারভাবে ধর্ম্ম, নীতি ও মিতাচার বিষয়ে প্রবন্ধ লিখিত হইয়া থাকে।"

৪৯৯। জগৎবাসী ( সাপ্তাহিক ) : বৈশাখ (?) ১২৯৪।

প্রকাশক—রাজেন্দ্রলাল দাস ঘোষ।

৫০০। বিজলী ( সাপ্তাহিক ) : বৈশাখ ১২৯৪ (?)।

সম্পাদক—পূর্ণচন্দ্র গুপ্ত।

৫০১। প্রবাহিণী ( সাপ্তাহিক ) : ১২৯৪ সাল।

পরিচালক—বিপিনবিহারী চক্রবর্ত্তী।

৫০২। **কাঙ্গালের ব্রহ্মাণ্ড-বেদ।** আত্ম ও সাধনতত্ত্ব। ১২৯৪ সাল।

কুমারখালি হইতে প্রকাশিত। সম্পাদক—কাঙ্গাল-ফিকিরচাঁদ ফকীর (হরিনাথ মজুমদার)। ইহার ছয় ভাগ প্রকাশিত হইয়াছিল; প্রত্যেক ভাগ ১২ সংখ্যায় সম্পূর্ণ।

৫০৩। **হিন্দু-মুসলমান সম্মিলনী** (মাসিক): আষাঢ় ১২৯৪। সম্পাদক—মুন্শী গোলাম কাদের।

৫০৪। **গুপ্ত জ্ঞানরত্ন সংগ্রহ** (মাসিক): শ্রাবণ ১২৯৪। প্রকাশক—ডাঃ এ সি. বসু।

৫০৫। **অনুসন্ধান** (পাক্ষিক···)। ১৩ শ্রাবণ ১২৯৪।

অনুসন্ধান-সমিতির পাক্ষিক পত্র। নানারূপ জুয়াচুরি হইতে দেশবাসীকে সতর্ক করাই 'অনুসন্ধানে'র উদ্দেশ্য। প্রথম সম্পাদক—দুর্গাদাস লাহিড়ী। অষ্টম বর্ষ (২১ বৈশাখ ১৩০১) হইতে পত্রিকাখানি সাপ্তাহিক আকার ধারণ করে।

৫০৬। **সংসার দর্পণ** (মাসিক): শ্রাবণ ১২৯৪।

সংসার, সমাজ, বিজ্ঞান প্রভৃতি বিষয় আলোচনা করাই ইহার উদ্দেশ্য ছিল। পরমায়ু—দুই বৎসর। সম্পাদক—সুপ্রসিদ্ধ কথা-সাহিত্যিক কেদারনাথ বন্দ্যোপাধ্যায়। ১৩ নং যোড়াবাগান ষ্ট্রীট হইতে প্রসাদকুমার মুখোপাধ্যায় ইহা প্রকাশ করিতেন।

৫০৭। সচিত্র কৃষি শিক্ষা (মাসিক): ভাদ্র ১২৯৪।

ঢাকা হইতে প্রকাশিত। সম্পাদক—কালীকুমার মুন্সী।

৫০৮। সারসংগ্রহ (মাসিক): ভাদ্র ১২৯৪।

বীরভূম জেলার মলুটি গ্রাম হইতে প্রকাশিত। সম্পাদক—হরিনারায়ণ চট্টোপাধ্যায়।

৫০৯। **বিভা** (মাসিক): আশ্বিন ১২৯৪।

"শ্রীচারুচন্দ্র ঘোষ কর্ত্তৃক ৬১ নং বাহির শ্যামবাজার হইতে প্রকাশিত।" ভাওয়ালের কবি গোবিন্দচন্দ্র দাস ইহার সহিত বিশেষভাবে সংশ্লিষ্ট ছিলেন; ইহার ৭ম-৮ম যুগ্ম-সংখ্যায় মুদ্রিত দাস-কবির 'প্রেম ও ফুল' কাব্যের সমালোচনা প্রসঙ্গে এইরূপ মন্তব্য আছে: "'প্রেম ও ফুল' বিভা প্রকাশক প্রকাশ করিয়াছেন। আমাদিগের ইহার অধিক সমালোচনা করা ভাল দেখায় না।" 'বিভা' একখানি উচ্চাঙ্গের মাসিক পত্রিকা। ইহার পৃষ্ঠায় হরপ্রসাদ শাস্ত্রীর অনেকগুলি রচনা মুদ্রিত হইয়াছিল।

৫১০। ধর্ম্ম-নিগম (মাসিক): আশ্বিন ১২৯৪।

ধর্ম্মবিষয়ক মাসিক পত্রিকা; শশিভূষণ নন্দী কর্ত্তৃক সঙ্কলিত।

*　　*　　*

১২৯৪, ভাদ্র-সংখ্যা 'বামাবোধিনী' পত্রিকা'য় এবং পৌষ-সংখ্যা 'বিভা'য় নিম্নোক্ত পত্রিকাখানির প্রাপ্তিস্বীকার আছে। এগুলি সম্ভবতঃ ১২৯৩-৯৪ সালে প্রথম প্রকাশিত হয়:—

৫১১। 'খৃষ্টীয় প্রহরী'।

৫১২। গরীব ও মহাবিদ্যা ( 'গরীব' ঢাকা হইতে প্রকাশিত সাপ্তাহিক পত্র, ইহার সহিত স্থানীয় 'মহাবিদ্যা' সম্মিলিত হয় )।

## ইং ১৮৮৮

৫১৩। নবযুগ ( মাসিক ) : পৌষ ১২৯৪ ( জানুয়ারি ১৮৮৮ )।

সম্পাদক—বিধুভূষণ মিত্র, ভূতপূর্ব্ব 'হিন্দুদর্শন'-সম্পাদক।

৫১৪। হিন্দুধর্ম্ম প্রকাশিকা ( মাসিক ) : পৌষ ১২৯৪।

আদরিণী-কার্য্যালয় হইতে রাজেন্দ্রলাল বিশ্বাস কর্ত্তৃক প্রকাশিত।

৫১৫। ভারতবন্ধু ও জাহানাবাদ পত্র ( মাসিক ) : ফাল্গুন (?) ১২৯৪।

সম্পাদক—আশুতোষ গুপ্ত।

৫১৬। অপূর্ব্ব পঞ্চায়ৎ ( সাপ্তাহিক ) : বৈশাখ ১২৯৫।

সম্পাদক—উপেন্দ্রনাথ সিংহ রায়, 'বঙ্গবাসী'র ভূতপূর্ব্ব কার্য্যাধ্যক্ষ। পরমায়ু—ছয় মাস।

৫১৭। ক্রীড়া ও কৌতুক ( মাসিক ) : বৈশাখ ১২৯৫।

তাহিরপুর তত্ত্বপ্রকাশ যন্ত্র হইতে এই ক্ষুদ্র পত্রিকা প্রকাশিত হয়। পরিচালক—কুমার শশিশেখরেশ্বর রায়। ১৮৮৯, ১লা জানুয়ারি হইতে রাধেশচন্দ্র শেঠের সম্পাদকত্বে ইহা সাপ্তাহিক আকারে ৩ নং মানিকতলা ষ্ট্রীট হইতে নগেন্দ্রনাথ বসু কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইত।

৫১৮। গৌড়দূত ( মাসিক ) : বৈশাখ (?) ১২৯৫।

মালদহ হইতে প্রকাশিত।

৫১৯। বিবেক ( পাক্ষিক ) : বৈশাখ ১২৯৫।

ব্রাহ্মসমাজের সংস্কার সাধনই ইহার প্রধান উদ্দেশ্য ছিল।

৫২০। ব্রহ্মাণ্ডবাজার ( সাপ্তাহিক ) : বৈশাখ ১২৯৫।

প্রকাশক—চণ্ডীচরণ বসু। ইহা পূর্ব্বে অল্পদিন চলিয়া বন্ধ হইয়া গিয়াছিল। ১২৯৫, বৈশাখ হইতে পুস্তকাকারে পুনঃপ্রকাশিত হয়।

৫২১। কল্পতরু ( মাসিক ) : বৈশাখ (?) ১২৯৫।

"আশা ও ব্যবসা সঞ্জীবনী বিবিধ বিষয়ক মাসিক পত্রিকা।" সম্পাদক—পি. এন. [ পরেশনাথ ] বিশ্বাস। ইহা সাপ্তাহিক পত্রিকার আকারে ও ধরণে বাহির হইত।

৫২২। সমীরণ ( সাপ্তাহিক ) : বৈশাখ (?) ১২৯৫।

উলুবেড়িয়ার হিতকরী সভা হইতে প্রকাশিত।

৫২৩। শান্তি ( সাপ্তাহিক ) : ১৭ জ্যৈষ্ঠ ১২৯৫।

সম্পাদক—'স্ত্রীর সহিত কথোপকথন', 'আশালতা' প্রভৃতি গ্রন্থ-প্রণেতা ধীরেন্দ্রনাথ পাল।

৫২৪। ধর্ম্মসুহৃৎ ( সাপ্তাহিক ) : আষাঢ় ১২৯৫।

সম্পাদক—রামচন্দ্র মল্লিক।

৫২৫। হরিভক্তিতত্ত্ব ( মাসিক ) : আষাঢ় ১২৯৫।

সয়দাবাদ, বহরমপুর হইতে প্রকাশিত। সম্পাদক—দাস হরিচরণ বন্ধু।

৫২৬। সুখী পাখী ( মাসিক ) : শ্রাবণ ১২৯৫।

যশোহর হইতে প্রকাশিত, নীতিবিষয়ক বালক-পাঠ্য মাসিক পত্রিকা। সম্পাদক—সারদাপ্রসাদ বসু।

৫২৭। আহার-তত্ত্ব ( মাসিক ) : শ্রাবণ ১২৯৫।

নিরামিষভোজী সভার মুখপত্র। সম্পাদক—ক্ষেত্রমোহন মুখোপাধ্যায়।

৫২৮। ধন্বন্তরি ( মাসিক ) : ভাদ্র ১২৯৫।

সম্পাদক—সতীপ্রসাদ সেনগুপ্ত।

৫২৯। পাগলিনী ( মাসিক ) : ভাদ্র (?) ১২৯৫।

কৃষ্ণনগর ( নদীয়া ) হইতে লালমোহন বিশ্বাস কর্ত্তৃক প্রকাশিত, "উপন্যাস-সম্বলিত সচিত্র মাসিক পত্রিকা।" ( দ্র° 'অনুসন্ধান,' ১৫ শ্রাবণ, ১৫ মাঘ ১২৯৫ )।

৫৩০। গৃহী সখা ( মাসিক ) : আশ্বিন ১২৯৫।

মধ্যবিত্ত-শ্রেণীর লোককে গৃহকর্ম্মনির্ব্বাহে সহায়তা করার উদ্দেশ্যে প্রচারিত। সম্পাদক—হরিপদ চট্টোপাধ্যায়।

৫৩১। শক্তি ( সাপ্তাহিক ) : আশ্বিন ১২৯৫।

ঢাকা আর্ম্মানিটোলা হইতে প্রকাশিত। "ইহার মত সকল বেশ উদার অথচ হিন্দুভাবাপন্ন।"

৫৩২। সারস্বত প্রসূনাঞ্জলি ( মাসিক··· ) : কার্ত্তিক ১২৯৫।

"সাধারণের মোহান্ধকার নষ্ট করাই এই ক্ষুদ্র 'সারস্বত প্রসূনাঞ্জলি'র প্রধান উদ্দেশ্য।" সম্পাদক—অঘোরনাথ ঘোষ। ১৩০১ সালে ইহা পাক্ষিক পত্রে পরিণত হয়।

৫৩৩। বিরহিণী ( মাসিক ) : কার্ত্তিক ১২৯৫।

ইহাতে প্রধানতঃ গল্পই স্থান লাভ করিত। সম্পাদিকা—শৈলবালা দেবী।

৫৩৪। শিক্ষা ( মাসিক ) : পৌষ ১২৯৫।

বনগ্রাম ( যশোহর ) ছাত্রসমিতি হইতে প্রকাশিত। সম্পাদক—প্রিয়নাথ বসু।

৫৩৫। **মালঞ্চ** ( মাসিক ) : পৌষ ১২৯৫।

ভূতপূর্ব্ব 'পাক্ষিক সমালোচক'-সম্পাদক ঠাকুরদাস মুখোপাধ্যায় ঝন্‌ঝাবপুরে ( ত্রিহুত ষ্টেট রেলওয়ে ) অবস্থানকালে এই উচ্চাঙ্গের সাহিত্যপত্র প্রকাশ করেন। ইহাতে রাজনীতির আলোচনাও স্থান পাইত। পরমায়ু—দুই বৎসর।

* * * *

১৮৮৮ সনে আরও কতকগুলি পত্র-পত্রিকার অস্তিত্বের প্রমাণ পাওয়া যাইতেছে; খুব সম্ভব ১২৯৫ সালে এগুলি জন্ম লাভ করে। পত্রিকাগুলি—

৫৩৬। চন্দ্রবিলাস ( সাপ্তাহিক )।

৫৩৭। গৌরব।

৫৩৮। **চটুল গেজেট** ( সাপ্তাহিক )।

৫৩৯। চন্দ্রহাস ( সাপ্তাহিক ), বহরমপুর।

৫৪০। **কাশীপুর-নিবাসী** ( মাসিক··· ), বরিশাল। সম্পাদক—প্রতাপচন্দ্র মুখোপাধ্যায়।

৫৪১। মা ব্রহ্মাণ্ডেশ্বরীর জিহ্বা ( ত্রৈমাসিক ), টাঙ্গাইল।

৫৪২। পীরগোরাচাঁদ ( বিদ্রূপাত্মক মাসিকপত্র )।

## ইং ১৮৮৯

৫৪৩। শ্রীহট্ট সুহৃদ্ ( মাসিক ) : পৌষ ১২৯৫ ( জানুয়ারি ১৮৮৯ )।

"আজ কাল স্কুল-কলেজের বালক ও যুবকদিগের মধ্যে অধিকাংশের চরিত্র অতিশয় হীন হইতেছে, ঐ সকল হীনচরিত্র বালক ও যুবকদিগকে সৎপথে আনাই 'শ্রীহট্ট সুহৃদে'র ব্রত।" এই ৮ পৃষ্ঠা পরিমিত মাসিক পত্রিকা ( বার্ষিক মূল্য ॥০ ) বালকদিগের যত্নে পরিচালিত হইত। ইহার দ্বিতীয় ভাগের ১ম সংখ্যা প্রকাশিত হয় ১৮৯১ সনের জানুয়ারি মাসে।

৫৪৪। ভারত সঞ্জীবন ( মাসিক ) : মাঘ ১২৯৫।

হুগলী বুধোদয় প্রেস হইতে প্রকাশিত। সম্পাদক—ভূপতিনাথ দাস।

৫৪৫। **শুক-শারি** ( মাসিক ) : মাঘ ১২৯৫।

যশোহর শুভকরী যন্ত্রে মুদ্রিত। সম্পাদক—নিবারণচন্দ্র কাব্যতীর্থ, যশোহর জেলাস্কুল।

৫৪৬। **ফরিদপুর-হিতৈষিণী** ( সাপ্তাহিক··· ) : ফাল্গুন ১২৯৫।

ফরিদপুর হইতে প্রকাশিত। ১২৯৮ সালে মাসিকে রূপান্তরিত।

৫৪৭। আর্য্যপ্রতিভা ( মাসিক ) : চৈত্র ১২৯৫।

প্রকাশক—বৈষ্ণবচরণ বসাক।

৫৪৮। শাস্ত্রপাঠ-সম্মিলনী ( মাসিক ) : চৈত্র ১২৯৫।

সম্পাদক—রেঃ ডবলিউ. জি. ব্রক্‌ওয়ে, ভবানীপুর।

৫৪৯। সাহিত্য-রত্ন-ভাণ্ডার ( মাসিক ) : বৈশাখ ১২৯৬।

সম্পাদক—কৃষ্ণচন্দ্র মুখোপাধ্যায়।

৫৫০। **শিক্ষা-পরিচর** ( মাসিক ) : বৈশাখ ১২৯৬।

শিক্ষা-বিষয়ক সচিত্র মাসিকপত্র ও সমালোচন। সম্পাদক—শরচ্চন্দ্র চৌধুরী, বি-এ, পুঁঠিয়া রাজসাহী। স্বনামধন্য অক্ষয়কুমার মৈত্রেয় এই পত্রের সহিত সংশ্লিষ্ট ছিলেন। ১২৯৭ সালের পৌষ-সংখ্যায় প্রকাশ :—"পাঠকগণ শুনিয়া সুখী হইবেন, শিক্ষা-পরিচরের পরিচালন এবং উন্নতি-বিধানে সম্পাদককে সাহায্য করিবার জন্য এখন হইতে কয়েক জন কৃতবিদ্য হিতৈষী বন্ধু সমবেত হইয়া শিক্ষা-পরিচর-সমিতি নামে একটি সমিতি স্থাপন করিলেন।…শিক্ষা-পরিচর-সমিতির অধিবেশন-স্থান বোয়ালিয়া, রাজসাহী, বর্ত্তমান সম্পাদক শ্রীযুক্ত বাবু অক্ষয়কুমার মৈত্রেয়, বি-এল।" শিক্ষা-পরিচর-সমিতি "শিক্ষা-পরিচর্য্যা এবং জাতীয় সাহিত্য-বিস্তার প্রভৃতি মহৎ উদ্দেশ্যে স্থাপিত" হয়। 'শিক্ষা-পরিচর' একখানি সুপরিচালিত পত্র, পাঁচ বৎসর স্থায়ী হইয়াছিল। ইহার সম্পাদক—'দেবীযুদ্ধ'-প্রণেতা শরচ্চন্দ্র চৌধুরী ( মৃত্যু : ১৩ ফাল্গুন ১৩৩৩ ) সাহিত্য-ক্ষেত্রে প্রতিষ্ঠাবান্ ছিলেন।

৫৫১। আর্যধর্ম্ম-প্রচারক ব্রাহ্মণ পণ্ডিত ( মাসিক ) : বৈশাখ ১২৯৬।

সম্পাদক—বেদাধ্যাপক ব্রহ্মব্রত সামাধ্যায়ি সরস্বতী। অনিয়মিত ভাবে প্রকাশিত।

৫৫২। **সম্মিলনী** ( সাপ্তাহিক ) : বৈশাখ ১২৯৬।

'অমৃত বাজার পত্রিকা'র পর যশোহর হইতে প্রকাশিত ইহাই উল্লেখযোগ্য দ্বিতীয় বাংলা সংবাদপত্র।

৫৫৩। পরীক্ষা ( মাসিক ) : বৈশাখ ১২৯৬।

"ইউনানী হেকিমী চিকিৎসা, জ্যোতিষ শাস্ত্র, আর্য্যধর্ম্ম, উপন্যাস, ইতিহাস ও রাজনীতি প্রভৃতি বিষয়ক মাসিকপত্র ও সমালোচন।" সম্পাদক—হৃদয়নাথ মৈত্র ও পণ্ডিত বৈদ্যনাথ বিদ্যানিধি।

৫৫৪। সদৃশ-চিকিৎসা-দর্পণ ( মাসিক ) :

"নূতন শিক্ষার্থীরা যাহাতে সহজে হোমিওপ্যাথিক চিকিৎসা করিতে পারেন তদ্বিষয়ক" এক মাসিকপত্র বৈশাখ ১২৯৬ হইতে প্রকাশিত হইবে—এই মর্ম্মে কেদারনাথ চট্টোপাধ্যায় ( হোমিওপ্যাথিক চিকিৎসালয়, বনগ্রাম, যশোহর ) কর্ত্তৃক সংবাদপত্রে বিজ্ঞাপিত হইয়াছিল।

৫৫৫। গুরুচরণ ( সাপ্তাহিক ) : বৈশাখ ১২৯৬।

৬৫ নং মেছুয়াবাজার হইতে প্রকাশিত। "এই পত্রিকাখানির সকল বিষয়ই অদ্ভুত!—নাম 'গুরুচরণ,' ম্যানেজার পেড্‌মোর সাহেব, স্বত্বাধিকারী হাকিম নাজাতালি শা কাদিরী;

লেখা হয় বাঙ্গলা ভাষায় আর্য্যধর্ম্ম ও সমাজ বিষয়ক প্রবন্ধ। ভাবে বোধ হয়, অতিবিজ্ঞ বিজ্ঞাপন প্রচারই 'গুরুচরণ' প্রকাশের উদ্দেশ্য।"

৫৫৬। **ভারত-ভগিনী** ( মাসিক ) : বৈশাখ (?) ১২৯৬।

"শ্রীমতী হরদেবী নাম্নী লাহোরের একটি হিন্দু মহিলা 'ভারত-ভগিনী' নামে একখানি মাসিক পত্রিকা বাহির করিতেছেন।" ( দ্র° 'সুলভ সমাচার ও কুশদহ,' ১৫ আষাঢ় ১২৯৬ )

৫৫৭। ত্রাণোদয় ( পাক্ষিক ) : বৈশাখ (?) ১২৯৬।

"মুক্তিতত্ত্বপ্রকাশক পাক্ষিক পত্র, বিনামূল্যে বিতরিত। ১ নং ডিহি শ্রীরামপুর রোড, ইটালী হইতে প্রকাশিত। এখানি খ্রীষ্টীয় ধর্ম্মবিষয়ক পাক্ষিক পত্র। আর্য্যদর্পণ ও স্বাধীন খ্রীষ্টীয়ানকে এখন আর দেখিতে পাই না কেন?' ( দ্র° 'সুলভ সমাচার ও কুশদহ,' ১৫ আষাঢ ১২৯৬ )। পর-বৎসর বৈশাখ মাস হইতে 'ত্রাণোদয়' অক্ষয়কুমার মুখোপাধ্যায়ের সম্পাদনায় মাসিক আকারে প্রকাশিত হয়।

৫৫৮। শিলচর ( পাক্ষিক ) : বৈশাখ (?) ১২৯৬।

শিলচর হইতে প্রকাশিত। সম্পাদক—বিধুভূষণ রায়।

৫৫৯। সুকথা ( মাসিক ) : জ্যৈষ্ঠ ১২৯৬।

ইহা কোচবিহার ষ্টেট প্রেসে মুদ্রিত হইয়া প্রকাশিত হইত।

৫৬০। আনন্দ ( মাসিক ) : আষাঢ ১২৯৬।

সম্পাদক—কেদারনাথ ঘোষ।

৫৬১। সবিতা ( মাসিক ) : আষাঢ় ১২৯৬।

উত্তরপাড়া হইতে প্রকাশিত। সম্পাদক—যোগীন্দ্রনারায়ণ সিংহ।

৫৬২। রবি ( মাসিক ) : আষাঢ ১২৯৬।

ছোট জাগুলিয়া "ছাত্র-সভা"র অনুমত্যনুসারে ২০ নং হরিতকী বাগান লেন হইতে অনুকূলচন্দ্র বসু কর্ত্তৃক প্রকাশিত। সম্পাদক—শশিভূষণ বসু, এম-এ।

৫৬৩। শিশু বান্ধব ( মাসিক ) : ইং ১৮৮৯ (?)।

১৮৭৯ সনে জি. এইচ. রুজ ( Rouse ) 'খৃষ্টীয় বান্ধব' প্রকাশ করেন। তাঁহারই সম্পাদনায় 'শিশু বান্ধব' প্রকাশিত হয়। বেঙ্গল লাইব্রেরির তালিকায় ১৮৮৯ সনের জুলাই-সংখ্যা 'শিশু বান্ধবে'র উল্লেখ আছে।

৫৬৪। **সাহিত্য-কল্পদ্রুম** ( মাসিক ) : শ্রাবণ ১২৯৬।

সম্পাদক—শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য। ৩ নং বীডন স্কোয়ার, নূতন কলিকাতা যন্ত্রে মুদ্রিত ও উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় ( পরে 'বসুমতী'র স্বত্বাধিকারী ) কর্ত্তৃক প্রকাশিত। সপ্তম সংখ্যা ( মাঘ ১২৯৬ ) হইতে সুরেশচন্দ্র সমাজপতি সম্পাদক হন এবং নবম সংখ্যায় ( চৈত্র )

'সাহিত্য-কল্পদ্রুমে'র ১ম বর্ষ শেষ হয়। অতঃপর ১২৯৭ সালের বৈশাখ হইতে 'কল্পদ্রুম'-কাটা 'সাহিত্য' প্রকাশিত হয়। 'সাহিত্য' ২য় বর্ষ হইতে 'সাহিত্য-কল্পদ্রুমে'র আশ্রয় ত্যাগ করিয়া স্বতন্ত্র হইলে উপেন্দ্রনাথও ১২৯৮ সালের বৈশাখ হইতে ২য় বর্ষের 'সাহিত্য-কল্পদ্রুম' ব্যোমকেশ মুস্তফীর সম্পাদকত্বে প্রচার করেন। ইহা তিন বৎসর স্থায়ী হইয়াছিল।

৫৬৫। গণিত ও বিজ্ঞান সম্বন্ধীয় মাসিক পত্রিকা : শ্রাবণ (?) ১২৯৬।

সম্পাদক—কালীপ্রসন্ন সেন।

৫৬৬। প্রজাপতি ( মাসিক ) : আশ্বিন ১২৯৬।

সম্পাদক—বিজয়কৃষ্ণ রাহা।

৫৬৭। যমুনা ( মাসিক ) : আশ্বিন ১২৯৬।

৭৫ নং বলরাম দে'র ষ্ট্রীট, কলিকাতা হইতে 'যমুনা-সমিতি' কর্তৃক প্রকাশিত। সম্পাদক—হরিহর চট্টোপাধ্যায়।

৫৬৮। দরিদ্র-রঞ্জন ( মাসিক ) : কার্ত্তিক ১২৯৬।

"অনুশীলন ভিন্ন সাহিত্যের উন্নতি ও পুষ্টি হয় না। সকলেই লিখিতে না শিখিলে মাতৃভাষায় ভাল মন্দের বিচারশক্তি জন্মে না; লেখক, অলেখক সকলকে উৎসাহিত করিবার জন্য আমাদের এই আয়োজন।" ইহার প্রতি সংখ্যায় এক একখানি পুস্তক—প্রধানতঃ উপন্যাস স্থান লাভ করিত। সম্পাদক—চুনীলাল মিত্র। ইহার দ্বিতীয় ভাগের ১ম-২য় যুগ্মসংখ্যা প্রকাশিত হয় ১৩০১ সালের কার্ত্তিক-অগ্রহায়ণ মাসে।

৫৬৯। রুচি ( মাসিক ) : কার্ত্তিক ১২৯৬।

শ্রীরামপুর হইতে প্রকাশিত। সম্পাদক—অমৃতলাল চট্টোপাধ্যায়।

৫৭০। পুষ্প-হার ( মাসিক ) : আশ্বিন ১২৯৬।

ঘোষ এণ্ড কোম্পানী কর্তৃক প্রকাশিত। সম্পাদক—উমেশচন্দ্র বৈতালিক।

৫৭১। সুধাকর ( সাপ্তাহিক ) : কার্ত্তিক ১২৯৬।

"কোন সুশিক্ষিত ভদ্র মুসলমান কর্তৃক সম্পাদিত···লেখা বেশ বিজ্ঞতা এবং উদারতা-ব্যঞ্জক। মুসলমানদিগের আরও কয়েকখানি বাঙ্গলা সংবাদপত্র ছিল, কিন্তু তাহা অধিক দিন টিকিয়া থাকিতে পারে নাই।···টাঙ্গাইলের 'আহমদী' অনিয়মিত প্রকাশের জন্য প্রতিষ্ঠালাভ করিতে পারিতেছেন না।"

## ইং ১৮৯০

৫৭২। নব যুবক ( মাসিক ) : পৌষ ১২৯৬ ( জানুয়ারি ১৮৯০ )।

টাঙ্গাইল, ময়মনসিংহ হইতে প্রকাশিত। সম্পাদক—উমেশচন্দ্র দে।

৫৭৩। চিকিৎসক ( মাসিক ) : মাঘ ১২৯৬।

তালন্দ, রাজসাহী হইতে প্রকাশিত। আয়ুর্ব্বেদের পুষ্টিবর্দ্ধন উদ্দেশ্যে ইহা প্রচারিত হয়। সম্পাদক—ডাঃ বিনোদবিহারী রায়।

৫৭৪। সঙ্গিনী ( মাসিক ) : মাঘ ১২৯৬।

বিবিধ বিষয়ক সমালোচনী মাসিক পত্রিকা। সম্পাদক—রাধিকাপ্রসাদ দত্ত।

৫৭৫। **বিষ্ণুপ্রিয়া পত্রিকা** ( পাক্ষিক ) : ১ চৈত্র ৪০৫ শ্রীচৈতন্যাব্দ।

"বৈষ্ণব ধর্ম্মের চর্চা ও প্রচার এই পত্রিকার মুখ্য উদ্দেশ্য।" সম্পাদক—রাধিকানাথ গোস্বামী ও কেদারনাথ দত্ত। পত্রিকা-প্রকাশের মূলে ছিলেন শিশিরকুমার ঘোষ।

৫৭৬। **সাহিত্য** ( মাসিক ) : বৈশাখ ১২৯৭।

১২৯৭ সালের বৈশাখ মাসে ইহার আবির্ভাব। সম্পাদক—সুরেশচন্দ্র সমাজপতি। ১৩২৭, ১৭ই পৌষ সমাজপতির মৃত্যু হইলে পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় সুহৃদের সাধের পত্রিকাখানি সহজে বিলুপ্ত হইতে দেন নাই; তিনি ১৩২৭ সালের পৌষ-মাঘ সংখ্যা হইতে সম্পাদন-ভার গ্রহণ করেন। 'সাহিত্য' ১৩৩০ সাল পর্য্যন্ত চলিয়াছিল।

৫৭৭। **সুবোধিনী** ( সাপ্তাহিক…) : ১ বৈশাখ ১২৯৭।

সম্পাদক—কবিরাজ ব্রজবল্লভ রায়। ইহা প্রধানতঃ "খাঁটী বাঙ্গালায় পয়ারাদি ছন্দে লিখিত।" সাপ্তাহিক আকারে আট সংখ্যা প্রকাশিত হইবার পর, পরবর্ত্তী আষাঢ় মাস হইতে 'সুবোধিনী' মাসিক পত্রিকায় রূপান্তরিত হয়। মাসিক 'সুবোধিনী' সম্পাদন করিতেন—কালিদাস মিত্র।

৫৭৮। **প্রতিমা** ( মাসিক ) : বৈশাখ ১২৯৭।

সে-যুগের একখানি উল্লেখযোগ্য পত্রিকা। সম্পাদক—বামদেব দত্ত। ইঁহার মৃত্যুতে প্রথম বর্ষের পত্রিকার শেষার্দ্ধ সম্পাদন করেন—শ্যামলাল গোস্বামী।

৫৭৯। **মজ্‌লিস্‌** ( মাসিক ) : বৈশাখ ১২৯৭।

বৈঠকী আলাপ, সঙ্গীত, কবিতা, খোসগল্প, চরিত্র সমালোচন, চুট্‌কী, রংতামাসাপূর্ণ মাসিক পত্রিকা। সম্পাদক—দুর্গাদাস দে। 'মজ্‌লিসে' গিরিশচন্দ্র ঘোষ ও অমৃতলাল বসুর কিছু কিছু রচনা মুদ্রিত হইয়াছে।

৫৮০। চিকিৎসা লহরী ( মাসিক ) : বৈশাখ ১২৯৭।

ইহাতে সর্ব্বপ্রকার প্রণালীর চিকিৎসা-ব্যবস্থা প্রকটিত হইত।

৫৮১। **হিতকরী** ( পাক্ষিক ) : বৈশাখ (?) ১২৯৭।

কুষ্টিয়া লাহিনীপাড়া হইতে প্রকাশিত। রাজসাহীর 'শিক্ষা-পরিচর' লেখেন :— "আমরা জানিয়াছি, এক জন সুপ্রসিদ্ধ দেশহিতৈষী সাধারণের নিকট অদৃশ্য থাকিয়া হিতকরীর পরিচালনা করিতেছেন।" আমাদের মনে হয়, পত্রিকাখানি মীর মশার্‌রফ

হোসেনের, এবং হরিনাথ মজুমদার (কাঙ্গাল হরিনাথ) অন্তরালে থাকিয়া উহার পরিচালনায় সহায়তা করিতেন। দ্বিতীয় বর্ষে 'হিতকরী' টাঙ্গাইলে স্থানান্তরিত হয়।

৫৮২। সমালোচক (মাসিক): বৈশাখ (?) ১২৯৭।

কাশীপুর, চুয়াডাঙ্গা হইতে প্রকাশিত। সম্পাদক—সুরেন্দ্রমোহন ভট্টাচার্য্য।

৫৮৩। আর্য্যকায়স্থ (মাসিক): আষাঢ় ১২৯৭।

কায়স্থ জাতির গৌরব বৃদ্ধির উদ্দেশ্যে প্রচারিত। সম্পাদক—দেব কিশোরীমোহন ঘোষ বর্ম্মা।

৫৮৪। হোমিওপ্যাথিক তত্ত্বপ্রকাশ (মাসিক): আষাঢ় ১২৯৭।

সম্পাদক—হরিদাস চক্রবর্ত্তী।

৫৮৫। নববিধান মৃতসঞ্জীবনী (মাসিক): আষাঢ় (?) ১২৯৭।

টাঙ্গাইল হইতে প্রকাশিত। সম্পাদক—শশিভূষণ তালুকদার।

৫৮৬। আশালতা (মাসিক): ভাদ্র ১২৯৭।

পাবনা জেলার অন্তর্গত সিরাজগঞ্জ হইতে প্রকাশিত। সম্পাদক—কুঞ্জবিহারী দে, বি. এল। ইহার ১ম সংখ্যায় রজনীকান্ত সেনের "আশা" নামে কবিতা স্থান পাইয়াছিল; উহাই কবির প্রকাশিত প্রথম কবিতা।

৫৮৭। হিন্দুধর্ম্ম-তত্ত্ব (পাক্ষিক): আশ্বিন ১২৯৭।

প্রকাশক—শশিশেখর রায়।

৫৮৮। চিত্রদর্শন (মাসিক): কার্ত্তিক ১২৯৭।

সুলভ সচিত্র মাসিকপত্র। প্রকাশক—বিহারীলাল রায়, কলুটোলা আর্টিষ্ট প্রেসের স্বত্বাধিকারী।

৫৮৯। ভারতকুসুম বা পুস্তকনামাবলী (মাসিক): কার্ত্তিক ১২৯৭।

সম্পাদক—চন্দ্রকুমার কবিভূষণ।

৫৯০। সংসার চিন্তা (মাসিক): অগ্রহায়ণ ১২৯৭।

পরিচালক—রসিককৃষ্ণ বন্দ্যোপাধ্যায়।

৫৯১। নব-মিহির (পাক্ষিক): অগ্রহায়ণ (?) ১২৯৭।

ময়মনসিংহ জেলার টাঙ্গাইলের অধীন ঘাটাইল হইতে রামগোপাল ভট্টাচার্য্য কর্ত্তৃক প্রকাশিত।

৫৯২। **জন্মভূমি** (মাসিক): পৌষ ১২৯৭ (ডিসেম্বর ১৮৯০)।

উচ্চাঙ্গের সচিত্র মাসিকপত্র, "বঙ্গবাসীর অধ্যক্ষগণ দ্বারা প্রতিষ্ঠিত"। সম্পাদক—পণ্ডিত পঞ্চানন তর্করত্ন; তিনি নিজেই লিখিয়া গিয়াছেন:—"প্রথম চারি বৎসর আমিই 'জন্মভূমি'র সম্পাদনকার্য্যে ব্রতী ছিলাম।" নবম ভাগ, ১ম-৪র্থ সংখ্যা (পৌষ-চৈত্র ১৩০৫)

পর্য্যন্ত 'জন্মভূমি' বঙ্গবাসী-কার্য্যালয় হইতে প্রকাশিত হইয়াছিল। ইহার পর উহা হস্তান্তরিত হয়, এবং নব পর্য্যায়ের 'জন্মভূমি' ৯ম ভাগ—৯ম বর্ষ (১৩০৭ শ্রাবণ—১৩০৮ আষাঢ়) নরেন্দ্রনাথ দত্ত কর্তৃক প্রকাশিত হয়; ইহা অনেক দিন চলিয়াছিল। আমি ৩৮শ বর্ষের (১৩৩৯ সাল) পত্রিকাও দেখিয়াছি।

৫৯৩। **বঙ্গনিবাসী** (সাপ্তাহিক): ১২৯৭ সাল।

ইহা 'বঙ্গবাসী'র মত একখানি বৃহদায়তন, অথচ সুলভ সংবাদপত্র, ১২৯৭ সালের প্রথমার্দ্ধে প্রকাশিত হয়। প্রথমাবস্থায় অল্প দিন বামদেব দত্ত ইহা পরিচালন করিয়াছিলেন। ১২৯৭ সালের মধ্যভাগে তাঁহার মৃত্যু হয়। পরবর্ত্তী সম্পাদক "মহেশচন্দ্র পাল, মহিলা-ডাক্তার শ্রীমতী কাদম্বিনীর দুর্নাম রটনা করায় ১৮৯১ সনের মধ্যভাগে কারাগারে আবদ্ধ হয়েন। পরে শ্রীদ্বারকানাথ মুখোপাধ্যায়, তৎপরে শ্রীব্যোমকেশ মুস্তফী ইহার সম্পাদক হন।...পরে সচিত্র ভারত-সংবাদ 'বঙ্গনিবাসী'র সহিত সংযোজিত হয়।"

## ইং ১৮৯১

৫৯৪। রসরাজ (মাসিক): জানুয়ারি ১৮৯১।

শ্রীহট্ট হইতে প্রকাশিত। সম্পাদক—লালা প্রসন্নকুমার দে।

৫৯৫। শ্রীহট্ট মিহির (সাপ্তাহিক): ফাল্গুন (?) ১২৯৭।

শ্রীহট্ট হইতে প্রকাশিত। সম্পাদক—লালা প্রসন্নকুমার দে।

৫৯৬। **দারোগার দপ্তর,** নং ১: চৈত্র ১২৯৭।

এই "ডিটেক্‌টিভ সিরিজে"র প্রবর্ত্তক প্রিয়নাথ মুখোপাধ্যায়। ইহার ১ম সংখ্যা—'বনমালি দাসের হত্যা'।

৫৯৭। উগ্রক্ষত্রিয়-প্রতিনিধি (মাসিক): বৈশাখ ১২৯৮।

"উগ্রক্ষত্রিয়-প্রতিনিধির প্রথম এবং প্রধান কার্য্য জাতীয় স্বভাব নির্ণয় অর্থাৎ উগ্রক্ষত্রিয় জাতির প্রকৃত ইতিহাস সংগ্রহ।...দ্বিতীয় উদ্দেশ্য সমাজ সংস্কার।" সম্পাদক—শ্রীশচন্দ্র তা।

৫৯৮। বঙ্গপ্রভা (মাসিক): বৈশাখ ১২৯৮।

চন্দননগর হইতে প্রকাশিত। প্রকাশক—বিপিনবিহারী কোলে।

৫৯৯। আশু চিকিৎসা পদ্ধতি (মাসিক): বৈশাখ ১২৯৮।

পরিচালক—আশুতোষ রায়।

৬০০। **হিতবাদী** (সাপ্তাহিক)। ১৭ জ্যৈষ্ঠ ১২৯৮।

১৮৯১ খ্রীষ্টাব্দের ৩০এ মে সাপ্তাহিক সংবাদপত্র 'হিতবাদী' প্রকাশিত হয়। সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের অনুরোধে আচার্য্য কৃষ্ণকমল ভট্টাচার্য্য ইহার প্রধান সম্পাদকের পদ গ্রহণ

করিয়াছিলেন। রবীন্দ্রনাথ সাহিত্য-বিভাগের সম্পাদক হন; তাঁহার ছোট গল্প লেখার সূত্রপাত এই 'হিতবাদীতে'ই; তিনি লিখিয়াছেন:—"আমাদের হিতবাদী ব'লে একখানি সাপ্তাহিক সংবাদপত্র বেরোচ্চে। একটি বড় রকমের কম্পানি খুলে কাজে প্রবৃত্ত হওয়া যাচ্চে। ২৫,০০০৲ টাকা মূলধন। ২৫০৲ টাকা ক'রে প্রত্যেক অংশ এবং এক-শ অংশ আবশ্যক।...কৃষ্ণকমল বাবুকে প্রধান সম্পাদক, আমাকে সাহিত্য-বিভাগের সম্পাদক এবং মোহিনীকে রাজনৈতিক সম্পাদক নিযুক্ত করা হয়েছে।"

'হিতবাদী' নামটি দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের সৃষ্টি, এবং 'হিতং মনোহারি চ দুর্লভং বচঃ' এই mottoটিও তিনিই বলিয়া দেন। নানা ঝঞ্চাটে কৃষ্ণকমল বেশী দিন 'হিতবাদী'র সহিত যুক্ত থাকিতে পারেন নাই। কিছু দিন পরে পত্রিকাখানির অবস্থা শোচনীয় হয়। এই সময়ে কালীপ্রসন্ন কাব্যবিশারদ—কবিরাজ উপেন্দ্রনাথ সেন, চন্দ্রোদয় বিদ্যাবিনোদ ও অনুকূলচন্দ্র মুখোপাধ্যায়ের সহায়তায়, উহার পরিচালন-ভার গ্রহণ করেন। তাঁহার সম্পাদনায় 'হিতবাদী'র প্রথম সংখ্যা প্রকাশিত হয়—২১ মে ১৮৯৪। পরিশ্রম, অধ্যবসায় ও কর্ম্মতৎপরতাগুণে কালীপ্রসন্ন 'হিতবাদী'কে তৎকালীন শ্রেষ্ঠ সংবাদপত্রে পরিণত করিয়াছিলেন। ১৯০৭, ৪ঠা জুলাই কাব্যবিশারদের মৃত্যু হয়। ইহার পর সখারাম গণেশ দেউস্কর, জলধর সেন প্রমুখ প্রতিষ্ঠাপন্ন সাহিত্যিক 'হিতবাদী' পরিচালন করিয়াছেন।

৬০১। জমীন্দারী পঞ্চায়ত (মাসিক): আষাঢ় ১২৯৮।

জমীন্দারী পঞ্চায়ত সভার মুখপত্র। সম্পাদক—যোগেন্দ্রনাথ বসু, এম-এ, বি-এল।

৬০২। প্রভাত সমীরণ (মাসিক): শ্রাবণ ১২৯৮।

পরিচালক—কৈলাসচন্দ্র গঙ্গোপাধ্যায়।

৬০৩। রণরব (মাসিক): শ্রাবণ ১২৯৮।

স্যালভেশন আর্ম্মীর মুখপত্র। সম্পাদক—হীরা সিং।

৬০৪। ভিষক্-দর্পণ (মাসিক): জুলাই ১৮৯১।

চিকিৎসাতত্ত্ব-বিষয়ক মাসিক পত্র। সম্পাদক—মৌলভী জহিরুদ্দীন আহ্‌মদ।

৬০৫। ইস্‌লাম-প্রচারক (মাসিক): শ্রাবণ ১২৯৮।

ধর্ম্মনীতি, সমাজনীতি, ইতিহাস ও সাহিত্যবিষয়ক মাসিক পত্র। সম্পাদক—মোহাম্মদ রেয়াজ উদ্দীন আহ্‌মদ। দুই বৎসর চলিবার পর ইহা কিছু কাল বন্ধ থাকে। তৃতীয় বর্ষের ১ম সংখ্যার প্রকাশকাল—৬ শ্রাবণ ১৩০৬।

৬০৬। ছাত্রসখা (মাসিক): শ্রাবণ (?) ১২৯৮।

"কতিপয় ছাত্র প্রবর্ত্তিত। কাছাড় হাইলকান্দি ছাত্রসখা সমিতি হইতে প্রকাশিত।"

৬০৭। **প্রকৃতি** (সাপ্তাহিক): ভাদ্র ১২৯৮।

সম্পাদক—অনুকূলচন্দ্র মুখোপাধ্যায়।

৬০৮। প্রকৃতি ( মাসিক ) : ভাদ্র ১২৯৮।

"প্রাকৃতিক তত্ত্বের আলোচনা করাই এ পত্রিকার উদ্দেশ্য।"...ঢাকা ইষ্ট বেঙ্গল প্রেসে মুদ্রিত ও ফরিদপুর জিলার ভূতপূর্ব্ব স্কুল ডেপুটি ইনস্পেক্টর প্রভাতচন্দ্র সেন কর্ত্তৃক সম্পাদিত।

৬০৯। **সাহিত্য ও বিজ্ঞান** ( মাসিক ) : সেপ্টেম্বর ১৮৯১।

সম্পাদক—যোগেশচন্দ্র মিত্র। আচার্য্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর অনেক প্রাথমিক রচনা এই পত্রিকার পৃষ্ঠায় মুদ্রিত হইয়াছিল।

৬১০। সেবক ( মাসিক ) : আশ্বিন ১২৯৮।

ঢাকা "পূর্ব্ববাঙ্গলা ব্রাহ্মসম্মিলনী"র মুখপত্র। সম্পাদক—শশিভূষণ দত্ত, এম. এ। দুই বৎসর চলিবার পর 'সেবক' কিছু দিন বন্ধ থাকে। তৃতীয় বর্ষের পত্রিকা প্রকাশিত হয় ১৩০১ সালের মাঘ মাসে, সম্পাদন করেন—পণ্ডিত শ্রীনাথ চন্দ।

৬১১। চিকিৎসারত্ন ( মাসিক ) : আশ্বিন ১২৯৮।

হোমিওপ্যাথিক চিকিৎসা-বিষয়ক পত্রিকা। পরিচালক—ডাঃ রাজেন্দ্রলাল সুর।

৬১২। ছাত্রমিত্র ( মাসিক ) : আশ্বিন ১২৯৮।

দেশীয় খ্রীষ্টানদের মুখপত্র। পরিচালক—Rev. T. B. Gwyn.

৬১৩। **সাধনা** ( মাসিক ) : অগ্রহায়ণ ১২৯৮

এই সুপরিচিত মাসিকপত্রের প্রথম সম্পাদক—সুধীন্দ্রনাথ ঠাকুর, দ্বিজেন্দ্রনাথের চতুর্থ পুত্র। সুধীন্দ্রনাথ ২২ বৎসর বয়সকালে 'সাধনা' প্রকাশ করেন ; তিনি তিন বৎসর—১৩০১ সালের কার্ত্তিক পর্য্যন্ত পত্রিকাখানি কৃতিত্বের সহিত পরিচালন করিয়াছিলেন। চতুর্থ বর্ষের 'সাধনা' সম্পাদন করেন—রবীন্দ্রনাথ ; তাঁহার একখানি পত্রে প্রকাশ :—"আমার ভ্রাতুষ্পুত্র শ্রীযুক্ত সুধীন্দ্রনাথ তিন বৎসর এই কাগজের সম্পাদক ছিলেন—চতুর্থ বৎসরে ইহার সম্পূর্ণ ভার আমাকে লইতে হইয়াছিল। সাধনা পত্রিকার অধিকাংশ লেখা আমাকে লিখিতে হইত এবং অন্য লেখকদের রচনাতেও আমার হাত ভূরি পরিমাণে ছিল।"

৬১৪। শ্রীচৈতন্যমতবোধিনী ( মাসিক ) : পৌষ ১২৯৮।

বৃন্দাবন হইতে প্রকাশিত। সম্পাদক—রাধিকাপ্রসাদ ভাগবতরত্নাকর ও শরৎচন্দ্র তপস্বী।

৬১৫। পৃথিবী ( সাপ্তাহিক ) : ১২৯৮ সাল।

৬১৬। হিতসাধিনী ( মাসিক ) : ১২৯৮ সাল।

চন্দননগর হইতে প্রকাশিত। সম্পাদক—নীরদচন্দ্র মুখোপাধ্যায়।

## ইং ১৮৯২

৬১৭। মিহির ( মাসিক ) : জানুয়ারি ১৮৯২।

বিবিধ বিষয়িণী মাসিক পত্রিকা। সম্পাদক—সেখ আবদর রহিম। কিছু দিন পরে ইহা 'সুধাকরে'র সহিত মিলিত হইয়া 'মিহির ও সুধাকর' নাম ধারণ করে।

৬১৮। **বাঁকুড়া দর্পণ** ( পাক্ষিক··· )। ১৯ মাঘ ১২৯৮।

বাঁকুড়া নগরে ১৮৯০ সনে স্থাপিত মুখার্জ্জি প্রেস হইতে ১ ফেব্রুয়ারি ১৮৯২, সোমবার, 'বাঁকুড়া দর্পণ' পাক্ষিক আকারে প্রথম প্রকাশিত হয়। ১৮৯৪ সনের ফেব্রুয়ারি মাসে ইহা সাপ্তাহিক পত্রে পরিণত হয়। ১৮৯২ হইতে ১৯৩৭ সনের জুন পর্য্যন্ত রায় সাহেব ডাঃ রামনাথ মুখোপাধ্যায় সম্পাদক ছিলেন। পরবর্ত্তী কাল হইতে অদ্যাবধি রায় সাহেব ডাঃ রামরবি মুখোপাধ্যায় ইহার সম্পাদক আছেন।

৬১৯। **আশা** ( মাসিক ) : মাঘ ১২৯৮।

পরিচালক—মথুরামোহন গাঙ্গুলী।

৬২০। মোহিনী ( মাসিক ) : মাঘ ১২৯৮।

প্রকাশক—কেদারনাথ মিত্র।

৬২১। জ্ঞানবিকাশিনী ( মাসিক ) : ফাল্গুন ১২৯৮।

পরিচালক—কৃষ্ণকুমার কাব্যরত্ন।

৬২২। হিতৈষিণী ( মাসিক ) : চৈত্র (?) ১২৯৮।

প্রকাশক—চারুচন্দ্র রায়।

৬২৩। **প্রতিভা** ( মাসিক ) : বৈশাখ ১২৯৯।

সম্পাদক—বেণীমাধব দত্ত।

৬২৪। সদর ও মফঃস্বল ( পাক্ষিক ) : বৈশাখ (?) ১২৯৯।

তাহিরপুর হইতে রাজা শশিশেখরেশ্বর রায়ের উদ্যোগে প্রকাশিত।

৬২৫। **দাসী** ( মাসিক ) : আষাঢ় ১২৯৯।

জন-হিতৈষণা-বিষয়িণী মাসিক পত্রিকা। "বঙ্গীয় পুরুষ এবং রমণীগণের হৃদয়ে সেবার ভাব জাগাইয়া দেওয়াই আমাদের প্রধান উদ্দেশ্য।" সম্পাদক—রামানন্দ চট্টোপাধ্যায়।

৬২৬। **অনুশীলন** ( মাসিক ) : আশ্বিন ১২৯৯।

৭ নং রামমোহন সাহার লেন হইতে বান্ধব-সমিতি কর্ত্তৃক প্রকাশিত।

৬২৭। **মাসিক উপন্যাস** : আশ্বিন ১২৯৯।

'অনুসন্ধান'-কার্য্যালয় হইতে প্রকাশিত। ইহাতে প্রতি মাসে নূতন নূতন উপন্যাস প্রকাশের ব্যবস্থা হয়। দামোদর মুখোপাধ্যায় ইহার প্রধান উদ্যোক্তা ও লেখক ছিলেন।

৬২৮। **সুচিন্তা** ( মাসিক ) : অগ্রহায়ণ ১২৯৯।

"সর্ব্বশাস্ত্রদর্শী পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত সত্যব্রত সামশ্রমী মহাশয় ও সুপণ্ডিত শ্রীযুক্ত বাবু হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম. এ., বি. এল মহাশয়ের বিশেষ তত্ত্বাবধানে শ্রীযুক্ত ব্রজধন বিদ্যানিধি ভট্টাচার্য্য কর্ত্তৃক সম্পাদিত। সহকারী সম্পাদক—শ্রীশিবধন বিদ্যার্ণব ভট্টাচার্য্য কর্ত্তৃক প্রকাশিত।" ইহা একখানি সুপরিচালিত মাসিকপত্র। প্রথম বর্ষের ৪র্থ সংখ্যায় "সংস্কার" ও দ্বিতীয় বর্ষের ১ম-৩য় সংখ্যায় "বঙ্গদেশে কৃষকের অবস্থা" নামে পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়ের দুইটি রচনা মুদ্রিত হইয়াছে।

৬২৯। শ্রীহট্টবাসী ( সাপ্তাহিক ) : ইং ১৮৯২ (?)।

সম্পাদক—নগেন্দ্রনাথ দত্ত, বি-এল। ১৩০০ সালে—সম্ভবত: শ্রাবণ মাসে ইহা শ্রীহট্টের 'পরিদর্শকে'র সহিত মিলিত হইয়া 'পরিদর্শক ও শ্রীহট্টবাসী' নাম ধারণ করে।

## ইং ১৮৯৩

৬৩০। শিক্ষা-সমালোচনা ( মাসিক ) : ফাল্গুন ১২৯৯ ( ফেব্রুয়ারি ১৮৯৩ )।

পরিচালক—অবলাকান্ত সেন।

৬৩১। **মুর্শিদাবাদ হিতৈষী** ( সাপ্তাহিক ) : ১ বৈশাখ ১৩০০।

খাগড়া সয়দাবাদ হইতে প্রকাশিত। প্রথম সম্পাদক—বৈকুণ্ঠনাথ সেন। কিছু দিন পরে বনোওয়ারীলাল গোস্বামী সম্পাদন-ভার গ্রহণ করিয়া দীর্ঘকাল পত্রিকাখানি পরিচালন করিয়াছিলেন। 'মুর্শিদাবাদ হিতৈষী' এখনও প্রতি বুধবার প্রকাশিত হইয়া থাকে।

৬৩২। **কল্প** ( মাসিক ) : বৈশাখ ১৩০০।

"সনাতন আর্য্যধর্ম্মপ্রচারার্থ বঙ্গদেশীয় তত্ত্বসভা [ থিয়সফিক্যাল সোসাইটি ] কর্ত্তৃক প্রকাশিত।" সম্পাদক—রাখালচন্দ্র সেন।

৬৩৩। **পূর্ণিমা** ( মাসিক ) : বৈশাখ ১৩০০।

কবি ঈশানচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের "উৎসাহে ও উদ্যোগে" হুগলী সাবিত্রী যন্ত্র হইতে ইহার আবির্ভাব হয়। ইহা প্রতি পূর্ণিমায় প্রকাশিত হইত।

৬৩৪। **সাথী** ( মাসিক ) : বৈশাখ ১৩০০।

সচিত্র শিশু-পত্রিকা। সম্পাদক—ভুবনমোহন রায়। দ্বিতীয় বর্ষ হইতে ইহার সহিত 'সখা' মিলিত হইয়া 'সখা ও সাথী' নাম ধারণ করে।

৬৩৫। তত্ত্ববোধ ( মাসিক ) : বৈশাখ ১৩০০।

সম্পাদক—গুরুনাথ সেন কবিরত্ন।

৬৩৬। সঙ্গিনী ( মাসিক ) : আষাঢ় ১৩০০।

"'সজ্জনতোষণী'র অনুগামিনী, ভক্তিগ্রন্থ প্রচারিণী মাসিক পত্রিকা।"

৬৩৭। পণ্ডিত ( মাসিক ) : আষাঢ় ১৩০০।

সম্পাদক—অক্ষয়কুমার বিদ্যাবিনোদ।

৬৩৮। **চুঁচুড়া বার্ত্তাবহ** ( সাপ্তাহিক ) : ১২ আষাঢ় ১৩০০।

চুঁচুড়া-নিবাসী দীননাথ মুখোপাধ্যায় এই সাপ্তাহিক সংবাদপত্রের প্রতিষ্ঠাতা ও পরিচালক। "চুঁচুড়া বার্ত্তাবহ প্রথম বৎসর হুগলী সাবিত্রী প্রেসে ছাপা হইয়াছিল। দ্বিতীয় বৎসরের প্রথমেই দীননাথ স্বয়ং মুদ্রাযন্ত্র ও আবশ্যক-মত অক্ষর ও অন্যান্য সাজসরঞ্জাম ক্রয় করেন ও পিতার নামানুসারে এই প্রেসের নাম "হীরাযন্ত্র" বা "ডায়মণ্ড প্রেস" রাখেন। হুগলী জেলার অভাব-অভিযোগ, প্রয়োজনীয় সংবাদ এবং হিন্দুধর্ম্ম, হিন্দুসমাজ ও রাজনীতি সংক্রান্ত নানাবিষয়ক প্রবন্ধ প্রচার ও আলোচনা করাই এই সংবাদপত্রের মুখ্য উদ্দেশ্য।"

৬৩৯। লতিকা ( মাসিক ) : আষাঢ় ১৩০০।

প্রকাশক—তারিণীচরণ সিংহ, যশোহর।

৬৪০। **লক্ষ্মী ও সরস্বতী সৌভাগ্য পত্রিকা বা নব্যবঙ্গদর্শন** ( মাসিক ) : আষাঢ় ১৩০০।

"সঙ্গীত-সাহিত্যাদি সর্ব্ববিষয়ক সার্ব্বজনিক মাসিক পত্র।" সম্পাদক—চন্দ্রকিশোর রায় চৌধুরী।

৬৪১। *The Bengal Academy of Literature* **বঙ্গীয় সাহিত্য পরিষদ** ( মাসিক··· ) : আগষ্ট ১৮৯৩।

১৮৯৩ সনের ২৩এ জুলাই শোভাবাজারে বিনয়কৃষ্ণ দেবের বাটীতে The Bengal Academy of Literature গঠিত হয়। সভার সাপ্তাহিক অধিবেশনগুলির কার্য্যবিবরণের সহিত সাময়িক সাহিত্যের সমালোচনাদি এবং গবেষণার ফল প্রকাশের জন্য পরবর্ত্তী আগষ্ট মাস হইতে *The Bengal Academy of Literature* নামে একখানি মাসিকপত্র প্রকাশ করা হইত। সভার কার্য্যবিবরণী ও অধিকাংশ প্রবন্ধাদি ইংরেজীতে মুদ্রিত হইত। সভা-সম্পাদক ক্ষেত্রপাল চক্রবর্ত্তী এই মাসিকপত্র প্রকাশ করিতেন। ১৮৯৪, ১৮ই ফেব্রুয়ারি তারিখের অধিবেশনে উমেশচন্দ্র বটব্যাল-প্রস্তাবিত 'বঙ্গীয় সাহিত্য পরিষদ' নাম গৃহীত হয় এবং পত্রিকাখানি ৮ম সংখ্যা ( ১৭-৩-১৮৯৪ ) হইতে শেষ পর্য্যন্ত ( ১১শ সংখ্যা, ৯ জুন ১৮৯৪ ) "বঙ্গীয় সাহিত্য পরিষদ। *The Bengal Academy of Literature*" এই নামে প্রকাশিত হয়। ১৮৯৪, ২৯এ এপ্রিল ( ১৭ বৈশাখ ১৩০১ ) তারিখে সভার সভ্যগণ পূর্ব্বোল্লিখিত একাডেমি অব্ লিটারেচার, বর্ত্তমান ভিত্তির উপর পুনর্গঠিত করিয়া বঙ্গীয়-সাহিত্য-পরিষদ্ নামে অভিহিত করেন। এই সময় হইতেই পরিষদের মুখপত্রস্বরূপ 'সাহিত্য-পরিষৎ-পত্রিকা' নামে বাংলা ত্রৈমাসিক পত্র রজনীকান্ত গুপ্তের সম্পাদনায় প্রকাশিত হইতে থাকে।

৬৪২। **ছাত্র-সহচর** ( মাসিক ) : ভাদ্র ১৩০০।

কুড়িগ্রাম, রংপুর হইতে প্রকাশিত। পরিচালক—রামচন্দ্র দেব ও মন্মথনাথ সিংহ।

৬৪৩। **চিকিৎসাতত্ত্ব-বিজ্ঞান এবং সমীরণ** ( মাসিক ) : আশ্বিন ১৩০০।

সম্পাদক—দ্বারকানাথ মুখোপাধ্যায়। দ্বিতীয় বর্ষ, ৮ম সংখ্যা ( বৈশাখ ১৩০২ ) হইতে ইহা কেবল 'সমীরণ' নামেই প্রকাশিত হইতে থাকে।

৬৪৪। **ভারত-বান্ধব** ( মাসিক ) : আশ্বিন ১৩০০।

"লালবর্ণের ডিমাই একখানি কাগজ। কানাইলাল দে এণ্ড কোম্পানির দ্বারা প্রকাশিত।...এখানি বিবিধ চুটকি উদ্ধৃত করায় পরিপূর্ণ।" ইহার ২য় সংখ্যা প্রকাশিত হয়—পর-বৎসর আশ্বিন মাসে।

৬৪৫। **হিন্দু-সুহৃদ্‌** ( মাসিক ) : কার্ত্তিক ১৩০০।

বাগবাজার হরিভক্তি-প্রদায়িনী সভা হইতে প্রকাশিত ধর্ম্মবিষয়ক মাসিক পত্র। সম্পাদক—শ্যামলাল গোস্বামিসিদ্ধান্তবাচস্পতি।

৬৪৬। **তৃপ্তি** ( মাসিক ) : অগ্রহায়ণ ১৩০০।

সম্পাদক—কালীচরণ মিত্র।

৬৪৭। **বিকাশ** ( মাসিক ) : অগ্রহায়ণ ১৩০০।

৬৪৮। **শান্তি** ( মাসিক ) : অগ্রহায়ণ ১৩০০।

পরিচালক—মাধবচন্দ্র তর্কচূড়ামণি।

৬৪৯। **পুরোহিত** ( মাসিক ) : অগ্রহায়ণ ১৩০০।

সম্পাদক—মহেন্দ্রনাথ বিদ্যানিধি।

৬৫০। **বীণাপাণি** ( মাসিক ) : অগ্রহায়ণ ১৩০০।

সম্পাদক—রামগোপাল সেনগুপ্ত।

৬৫১। **নববিধান** ( মাসিক ) : পৌষ ১৩০০।

সম্পাদক—চিরঞ্জীব শর্ম্মা ( ত্রৈলোক্যনাথ সান্যাল )।

৬৫২। **সমাজ ও সাহিত্য** ( সাপ্তাহিক ) : ১৩০০ সাল (?)।

গরিবপুর ( নদীয়া ) হইতে প্রকাশিত। সম্পাদক—গিরিজানাথ মুখোপাধ্যায়, ডাঃ যদুনাথ মুখোপাধ্যায়ের মধ্যম পুত্র ( দ্র° 'ভারতবর্ষ,' চৈত্র ১৩৩৯ )। ১৩০৩ সালের আশ্বিন মাসে ইহা মাসিক আকারে পুনঃপ্রকাশিত হয়।

## ইং ১৮৯৪

৬৫৩। **জগদ্ধাত্রী** ( মাসিক ) : মাঘ ১৩০০ ( জানুয়ারি ১৮৯৪ )।

সম্পাদক—রজনীকান্ত মুখোপাধ্যায়।

৬৫৪। উষা ( মাসিক ) : মাঘ ১৩০০।

ত্রিপুরা ব্রাহ্মণবেড়িয়া হইতে প্রকাশিত।

৬৫৫। হীরা ( মাসিক ) : ফাল্গুন (?) ১৩০০।

ব্রাহ্মণবেড়িয়া হইতে ব্রজেন্দ্রচন্দ্র বৰ্দ্ধন কর্তৃক প্রকাশিত।

৬৫৬। গৃহস্থ সুহৃদ্ ( ত্রৈমাসিক ) : ফাল্গুন ১৩০০।

পরিচালক—রামকুমার নাথ।

৬৫৭। সুহৃদ্ ( মাসিক ) : বৈশাখ ১৩০১।

ইডেন হিন্দু হষ্টেলের সুহৃদ্-সমিতি কর্তৃক প্রকাশিত। সম্পাদক—রমণীমোহন ঘোষ। "দেশের যুবকদিগের হৃদয়ে সাহিত্যানুশীলনের প্রতি অনুরাগ জন্মাইবার জন্যই 'সুহৃদ্' জন্ম গ্রহণ করিয়াছে।" বহু লব্ধপ্রতিষ্ঠ লেখকের—হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, বিজয়চন্দ্র মজুমদার, দীনেন্দ্রকুমার রায়, রজনীকান্ত সেন প্রভৃতির রচনা ইহার পৃষ্ঠা অলঙ্কৃত করিয়াছিল। 'সুহৃদে' মাঝে মাঝে দু-একটি ইংরেজী প্রবন্ধও স্থান পাইত। প্রথম বর্ষের পত্রিকায় আচার্য্য শ্রীযদুনাথ সরকারের "The Fall of Tipu Sultan" (I-III) ও "The New Leaven in Bengal. [An Appreciation of Babu Robindronath Tagore's Short Stories]" মুদ্রিত হইয়াছে। দ্বিতীয় বর্ষের প্রথম সংখ্যা 'সুহৃদে' যদুনাথের প্রথম বাংলা রচনা—"হরিদ্বার ও কুম্ভমেলা ৮১ বৎসর পূর্ব্বে" প্রকাশিত হয়।

৬৫৮। বিজ্ঞান ( মাসিক ) : বৈশাখ ১৩০১।

ইণ্ডিয়ান ইন্‌ডাষ্ট্রীয়াল অ্যাসোসিয়েশনের আনুকুল্যে প্রকাশিত। সম্পাদক—টি. এন্. মুখার্জ্জী ( ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায় )।

৬৫৯। জ্যোতিঃ ( মাসিক ) : বৈশাখ ১৩০১।

৬৬০। আদরিণী ( মাসিক ) : বৈশাখ ১৩০১।

সম্পাদক—বিস্ময় চট্টোপাধ্যায়।

৬৬১। হিন্দু পত্রিকা ( মাসিক ) : বৈশাখ ১৩০১।

যশোহর হইতে প্রকাশিত। সম্পাদক—যদুনাথ মজুমদার, এম-এ, বি-এল। "হিন্দু-পত্রিকায় হিন্দু-ধর্ম্ম-সমাজের উদ্দেশ্য সাধনোপযোগী প্রবন্ধ থাকিবে। বেদ, উপনিষৎ ও দর্শনাদি প্রাচীন শাস্ত্রের মর্ম্ম সাধারণকে অবগত করাইবার জন্যই হিন্দু-পত্রিকা প্রকাশিত হইল।" ইহা দীর্ঘকাল জীবিত ছিল।

৬৬২। বাসনা ( মাসিক ) : বৈশাখ ১৩০১।

চুঁচুড়া "বাসনা সমিতি"র তত্ত্বাবধানে প্রকাশিত।

৬৬৩। সাহিত্য-পরিষৎ-পত্রিকা ( ত্রৈমাসিক ) : শ্রাবণ ১৩০১।

নং ৬৪১ দ্রষ্টব্য।

৬৬৪। কৌমুদী ( পাক্ষিক ) : ২৩ শ্রাবণ ১৩০১।

"কৌমুদী ( দ্বিতীয় পক্ষ )—সার্ব্বভৌমিক ধর্ম্মতত্ত্ব, সনাতন ব্রহ্মজ্ঞান এবং সর্ব্বাঙ্গীন ধর্ম্মসাধন সম্বন্ধীয় পাক্ষিক পত্রিকা।" ইহাতে বিপিনচন্দ্র পালের কয়েকটি রচনা মুদ্রিত হইয়াছে; তিনিই ইহার সম্পাদক ছিলেন বলিয়া জানা যায়।

৬৬৫। অবোধবোধিনী ( মাসত্রয়িক ) : শ্রাবণ ১৩০১।

বেলগাছিয়া হইতে প্রকাশিত। সম্পাদক—শরচ্চন্দ্র দেব।

৬৬৬। **আলোচনা** ( মাসিক ) : শ্রাবণ ১৩০১।

দক্ষিণ বৈটরা "আলোচনা" সমিতি হইতে প্রকাশিত। সম্পাদক—যোগীন্দ্রনাথ চট্টোপাধ্যায়। ইহার ২য় বর্ষ আরম্ভ হয় ১৩০৫ সালে।

৬৬৭। নন্দী ( মাসিক ) : ভাদ্র ১৩০১।

সৈদাবাদ, বহরমপুর হইতে প্রকাশিত হাস্যরসপ্রধান পত্রিকা। সম্পাদক—অযোধ্যানাথ বন্দ্যোপাধ্যায়।

৬৬৮। সর্ব্বমঙ্গলা ( মাসিক ) : ভাদ্র ১৩০১।

সম্পাদক—দীননাথ তর্কপঞ্চানন।

৬৬৯। জ্যোৎস্না ( মাসিক ) : আশ্বিন ১৩০১।

পরিচালক—রমণীমোহন মল্লিক।

৬৭০। **অনুশীলন** ( মাসিক ) : আশ্বিন ১৩০১।

তত্ত্বাবধায়ক—মহেন্দ্রনাথ বিদ্যানিধি। পত্রিকার প্রথম ভাগ চৈত্র-সংখ্যাতেই শেষ হয়। ইহার সহিত 'পুরোহিত' সম্মিলিত হইয়া, দ্বিতীয় ভাগ, ১ম সংখ্যা ( বৈশাখ ১৩০২ ) হইতে 'অনুশীলন ও পুরোহিত' নাম ধারণ করে।

৬৭১। প্রভা ( মাসিক ) : আশ্বিন ১৩০১।

টালা—কাশীপুর হইতে প্রকাশিত। সম্পাদক—রাজেন্দ্রলাল চক্রবর্ত্তী।

৬৭২। ত্রিপুরা প্রকাশ ( সাপ্তাহিক ? ) : ১৩০১ সাল।

৬৭৩। প্রভা ( মাসিক ) : পৌষ (?) ১৩০১।

নিলা, ২৪-পরগণা হইতে প্রকাশিত। সম্পাদক—পঞ্চানন চট্টোপাধ্যায়।

## ইং ১৮৯৫

৬৭৪। শিক্ষা দর্পণ ( মাসিক ) : পৌষ ১৩০১ ( জানুয়ারি ১৮৯৫ )।

সম্পাদক—দেবেন্দ্রনাথ বিদ্যারত্ন। প্রথম সংখ্যায় রমেশচন্দ্র দত্তের একটি রচনা মুদ্রিত হইয়াছে।

৬৭৫। চিকিৎসক ও সমালোচক ( মাসিক ) : মাঘ ১৩০১।

"চিকিৎসা বিষয়ক, সাহিত্য, কবিতাদি, জ্যোতিষ, উপন্যাস প্রভৃতি নানা বিষয়িণী প্রবন্ধ এই পত্রিকায় আলোচিত ও প্রকাশিত হইবে বলিয়া উহা উপরোক্ত নামধেয় হইল।" সম্পাদক—ডা: সত্যকৃষ্ণ রায়।

৬৭৬। সচিত্র কৃষিতত্ত্ব ও ভাবতবন্ধু ( মাসিক ) : মাঘ ১৩০১।

সম্পাদক—নবীনচন্দ্র সাহা।

৬৭৭। জ্যোৎস্না-হার ( মাসিক ) : মাঘ ১৩০১।

চুঁচুড়া, চৌমাথা হইতে প্রকাশিত। সম্পাদক—সিদ্ধেশ্বর গঙ্গোপাধ্যায়।

৬৭৮। দর্শক ( সাপ্তাহিক ) : মাঘ (?) ১৩০১।

চুঁচুড়া হইতে প্রকাশিত, 'চুঁচুড়া বার্ত্তাবহ' পত্রের প্রতিদ্বন্দ্বী।

৬৭৯। ধরণী ( মাসিক ) : মাঘ ১৩০১।

সম্পাদক—ইন্দ্রনারায়ণ চট্টোপাধ্যায়, মলুটী রাজবাটী, সাঁওতাল পরগণা। চন্দ্রশেখর মুখোপাধ্যায়, পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়, সখারাম গণেশ দেউস্কর প্রমুখ লেখকবর্গের রচনা ইহার পৃষ্ঠা অলঙ্কৃত করিত।

৬৮০। বেদ ( মাসিক ) : ফাল্গুন ১৩০১।

হিন্দুশাস্ত্রের আলোচনা বিষয়ক মাসিক পত্রিকা। সম্পাদক—কেদারনাথ দেবশর্ম্ম-বিদ্যাবিনোদ।

৬৮১। আয়ুর্ব্বেদ প্রচার ( মাসিক ) : ফাল্গুন ১৩০১।

সম্পাদক—বিনোদলাল সেন।

৬৮২। আভা ( মাসিক ) : ফাল্গুন ১৩০১।

রংপুর হইতে প্রকাশিত। সম্পাদক – মহেন্দ্রনারায়ণ মুখোপাধ্যায়, জমিদার।

৬৮৩। প্রতিধ্বনি ( মাসিক ) : বৈশাখ ১৩০২।

"সাময়িক পত্রেব সারবান প্রবন্ধগুলি উদ্ধৃত করিয়া 'প্রতিধ্বনি' আপনার নামের সার্থকতা সম্পাদন করিবেন।" স্বত্বাধিকারী—রাধাগোবিন্দ প্রামাণিক।

৬৮৪। হিতৈষী ( সাপ্তাহিক ) : ২৫ বৈশাখ ১৩০২।

সম্পাদক—কালীচরণ মিত্র। "স্বদেশের ও মাতৃভাষার হিতসাধনই 'হিতৈষী'র ধ্রুব লক্ষ্য।"

৬৮৫। মেডিক্যাল ইণ্টেলিজেন্স'র ( মাসিক ) : বৈশাখ ১৩০২।

চিকিৎসা-বিষয়ক বাংলা মাসিকপত্র।

৬৮৬। জননী ( মাসিক ) : বৈশাখ ১৩০২।

সয়দাবাদ, মুর্শিদাবাদ হইতে প্রকাশিত। পরিচালক—বামাচরণ মুখোপাধ্যায়।

৬৮৭। **সুচিন্তা** ( ত্রৈমাসিক ) : বৈশাখ (?) ১৩০২।

"'ভারতবর্ষীয় বেদ সমিতি ও তত্ত্ববিদ্যালয়' হইতে প্রকাশিত। এই পত্রিকার মুখ্য উদ্দেশ্য বেদ প্রচার। পত্রিকার শেষার্দ্ধ ভাগ পুনর্মুদ্রিত ঋগ্বেদ ; প্রথমার্দ্ধ ভাগ গবেষণাপূর্ণ প্রবন্ধে পরিপূর্ণ।"

৬৮৮। **বগুড়া দর্পণ** ( সাপ্তাহিক ) : বৈশাখ ১৩০২ (?)।

১৩০২ সালের গোড়াতেও এই পত্রিকার অস্তিত্বের পরিচয় পাওয়া যাইতেছে।

৬৮৯। **মুকুল** ( মাসিক ) : আষাঢ় ১৩০২।

উচ্চাঙ্গের সচিত্র শিশুপত্রিকা। সম্পাদক—শিবনাথ শাস্ত্রী।

৬৯০। **ভারতভূমি** ( মাসিক ) : আষাঢ় ১৩০২।

পরিচালক—বসন্তকুমার চক্রবর্ত্তী।

৬৯১। **সৌরভ** ( মাসিক ) : শ্রাবণ ১৩০২।

শোভাবাজার রাজবাটী হইতে প্রকাশিত। সম্পাদক—নটগুরু গিরিশচন্দ্র ঘোষ ; সহ-সম্পাদক—অমরেন্দ্রনাথ দত্ত। পরমায়ু—তিন মাস। ইহাতে গিরিশচন্দ্রের কয়েকটি রচনা মুদ্রিত হইয়াছিল।

৬৯২। **মহিলা** ( মাসিক ) : শ্রাবণ ১৩০২।

সম্পাদক—ভাই গিরিশচন্দ্র সেন। "স্বদেশের সতী আর্য্যনারীদিগের উচ্চ জীবন ও সুনীতিকে আদর্শ করিয়া জাতীয়ভাবে নারীচরিত্র গঠন ও সংশোধন এবং সমুন্নত করিতে প্রথম হইতে মহিলা পরামর্শ দান ও যত্ন করিয়া আসিয়াছেন, চিরকাল সেইরূপ যত্ন করিবেন তাঁহার এই সঙ্কল্প। বঙ্গীয় নারীমণ্ডলীতে যে সকল কুসংস্কার ও অনীতি এবং দূষিত আচার ব্যবহার বদ্ধমূল হইয়া আছে এবং বিজাতীয় অন্তঃসারশূন্য বিলাসাড়ম্বর প্রবেশ করিতেছে, চিরকাল মহিলা সেই সকলের প্রতিবাদ করিবেন, ধর্ম্ম, সুনীতি ও সদাচারের এবং নারী-প্রকৃতির অনুযায়িনী সৎশিক্ষায় সমর্থন করিবেন, মহিলার এই সঙ্কল্প ও উদ্দেশ্য।"

৬৯৩। **অরুন্ধতী** ( মাসিক ) : শ্রাবণ ১৩০২।

বরাহনগর, কাশীপুর হইতে প্রকাশিত। সম্পাদক—রজনীকান্ত কাব্যতীর্থ।

৬৯৪। **নদিয়াবাসী** ( মাসিক ) : ভাদ্র ১৩০২।

পরিচালক—সুরেন্দ্রমোহন ভট্টাচার্য্য, অনন্তপুর, নদীয়া।

৬৯৫। **মোহিনী** ( মাসিক ) : ভাদ্র ১৩০২।

সম্পাদক—বিমলাচরণ রায়চৌধুরী।

৬৯৬। **সুদর্শন** ( মাসিক ) : আশ্বিন ১৩০২।

ঢাকা হইতে প্রকাশিত। সম্পাদক—বরদাকান্ত ভৌমিক।

৬৯৭। **দীপ্তিপ্রকাশিকা** ( মাসিক ) : কার্ত্তিক ১৩০২।

সম্পাদক—বি. এম. সাহা।

৬৯৮। বঙ্গ-জীবন ( মাসিক ) : অগ্রহায়ণ ১৩০২।

সম্পাদক—তারিণীচরণ সেন।

## ইং ১৮৯৬

৬৯৯। সাহিত্য-সেবক ( মাসিক ) : পৌষ ১৩০২ ( জানুয়ারি ১৮৯৬ )।

"শিলং সাহিত্য-সভা" কর্ত্তৃক পরিচালিত।

৭০০। বাণিজ্য-দর্পণ ( সাপ্তাহিক ) : ফাল্গুন (?) ১৩০২।

"বাণিজ্য-বিষয়ক সংবাদপত্র।"

৭০১। শৈশব সখা ( মাসিক ) : বৈশাখ ১৩০৩।

সম্পাদক—গুরুপ্রসন্ন দাসগুপ্ত।

৭০২। মাসিক বিজ্ঞাপনী ও সংবাদ ( মাসিক ) : এপ্রিল ১৮৯৬।

সম্পাদক—কে. পি. ব্যানার্জ্জী।

৭০৩। প্রভা ( মাসিক ) : বৈশাখ ১৩০৩।

"প্রভা। ২য় ভাগ, ৩য় সংখ্যা, আষাঢ়" ( দ্র° 'পূর্ণিমা,' শ্রাবণ ১৩০৪ )।

৭০৪। **বরিশাল হিতৈষী** ( সাপ্তাহিক ) : বৈশাখ ১৩০৩।

সম্পাদক—রাজমোহন চট্টোপাধ্যায়, বরিশাল বঙ্গবিদ্যালয়ের ভূতপূর্ব্ব হেডপণ্ডিত। "বরিশালের হিতসাধনে তৃতীয় বর্ষ অতিক্রম করিয়া, সহযোগী 'বরিশাল হিতৈষী' নবীন অবয়বে চতুর্থ বর্ষে পদার্পণ করিয়াছেন দেখিয়া, আমরা পরম সুখী হইলাম" ( 'অনুসন্ধান,' সাপ্তাহিক, ৩২ জ্যৈষ্ঠ ১৩০৬ )। শরৎকুমার রায় ( 'মহাত্মা অশ্বিনীকুমার,' পৃ. ১৫০ ) ইহার প্রকাশকাল "ইং ১৮৯৫" বলিয়াছেন।

৭০৪ক। সচিত্র গান ও গল্প ( মাসিক ) : বৈশাখ ১৩০৩।

শ্রীহট্ট হইতে প্রকাশিত। সম্পাদক—বঙ্কুবিহারী দাস।

৭০৫। আর্য্য সুহৃদ পত্রিকা ( মাসিক ) : বৈশাখ (?) ১৩০৩।

৭০৬। পারিজাত ( মাসিক ) : আষাঢ় ১৩০৩।

সম্পাদক—রসিকমোহন চক্রবর্ত্তী।

৭০৭। তত্ত্বজ্ঞান ( মাসিক ) : আষাঢ় ১৩০৩।

সম্পাদক—তারকনাথ মুখোপাধ্যায়।

১০৮। **শৈবী** ( মাসিক ) : আষাঢ় ১৩০৩।

কুমারখালি হইতে প্রকাশিত, তন্ত্রশাস্ত্র-বিষয়ক পত্রিকা। সম্পাদক—শিবচন্দ্র বিদ্যার্ণব।

১০৯। **ব্রহ্মতত্ত্ব** ( ত্রৈমাসিক ) : ১৩০৩ সাল।

"ব্রহ্মবিদ্যা এবং প্রাচ্য ও পাশ্চাত্য দর্শন-বিষয়ক ত্রৈমাসিক পত্রিকা।" সম্পাদক—সীতানাথ তত্ত্বভূষণ।

১১০। **অদৃষ্ট** ( মাসিক ) : শ্রাবণ ১৩০৩।

"জ্যোতিষ—সামুদ্রিক, শিরোবিজ্ঞান, মূর্ত্তিবিজ্ঞান সংক্রান্ত সচিত্র মাসিক পত্রিকা।" সম্পাদক—রমণকৃষ্ণ চট্টোপাধ্যায়।

১১১। ভারতীয় যন্ত্রমন্দির ( মাসিক ) : শ্রাবণ ১৩০৩।

সম্পাদক—রাজঋষি সিদ্ধেশ্বর।

১১২। রমণী ( মাসিক )। ১৩০৩ সাল।

সম্পাদক—চারুচন্দ্র রায়। "নূতন কলিকাতা প্রেসে শ্রীপূর্ণচন্দ্র মুখোপাধ্যায় দ্বারা মুদ্রিত।"

১১৩। কৌৎকা ( মাসিক ) : ১৩০৩ সাল।

রঙ্গরসপূর্ণ পঞ্চরং।

১১৪। **বসুমতী** ( সাপ্তাহিক··· ) : ১০ ভাদ্র ১৩০৩।

ইহা সাপ্তাহিক আকারে প্রথম প্রকাশিত হয়—২৫ আগষ্ট ১৮৯৬ তারিখে। পত্রিকা প্রচারের উদ্দেশ্য সম্বন্ধে প্রথম সংখ্যায় এইরূপ লিখিত হয় :—

"প্রতি দিনই বাঙ্গালা সংবাদপত্রের গ্রাহকসংখ্যার হ্রাসবৃদ্ধি দেখিয়া বোধ হয়, অতৃপ্তহৃদয় পাঠকবৃন্দ যেন কোন্ পত্রে মনোমত প্রবন্ধ পাইবেন তাহাই খুঁজিয়া বেড়াইতেছেন।···এই অভাব যথাসাধ্য মোচনার্থ চেষ্টা করিবার জন্যই 'বসুমতী' প্রচারিত হইল। সংবাদপত্রের আলোচ্য বিষয় রাজনীতিও ইহাতে থাকিবে, দেশের অভাব-অভিযোগাদির কথাও থাকিবে। তদ্ভিন্ন ইতিহাস, দেশনগরাদির বিবরণ, চাষবাসের কথা, ব্যবসা-বাণিজ্যের কথা, হিন্দুর পুরাতন মহিমার কথা, ধর্ম্মশাস্ত্রাদির কথা, উপন্যাস, রঙ্গরহস্য প্রভৃতি সুখপাঠ্য বিষয় থাকিবে। অন্নপ্রাণ বাঙ্গালী অবসন্ন প্রাণে যাহাতে দুটা সুখের কথা, দুটা অর্থের কথা, দুটা উপায়ের কথা, দুটা আশার কথা, দুটা হাসির কথা পড়িতে পায়, বসুমতীতে প্রধানতঃ তাহারই চেষ্টা করা যাইবে।"

প্রথমাবস্থায় 'বসুমতী'র কার্য্যাধ্যক্ষ ছিলেন—জ্ঞানেন্দ্রকৃষ্ণ নাগ, ১১৮ নং পুরাতন চিনাবাজার, কলিকাতা। ইহা "কলিকাতা নূতন মেসিনপ্রেসে শ্রীপূর্ণচন্দ্র মুখোপাধ্যায় দ্বারা মুদ্রিত ও প্রকাশিত" হইত। প্রথমে ব্যোমকেশ মুস্তফী এবং পরবর্ত্তী পৌষ হইতে কালীপ্রসন্ন চট্টোপাধ্যায় কিছু দিন 'বসুমতী' সম্পাদন করেন বলিয়া জানা যায়। গোড়া হইতেই গ্রাহকবর্গকে বিনামূল্যে "মূল্যবান পুস্তকাবলী, চিত্রাবলী, সৌভাগ্য উপহার" দানের

ব্যবস্থা অবলম্বিত হয়। এ প্রথা বসুমতীই বোধ হয় প্রথম প্রবর্ত্তন করেন; ইহাতে 'বসুমতী'র গ্রাহক-সংখ্যা বৃদ্ধি পাইয়াছিল।

৬ আগষ্ট ১৯১৪ ( ২১ শ্রাবণ ১৩২১ ) 'বসুমতী'র দৈনিক সংস্করণ প্রকাশিত হয়। ইহার প্রথম সম্পাদক—শশিভূষণ মুখোপাধ্যায়।

১৩২৯ সালের বৈশাখ মাসে শ্রীহেমেন্দ্রপ্রসাদ ঘোষের সম্পাদনায় 'মাসিক বসুমতী' প্রথম প্রচারিত হয়।

৭১৫। কিউরোপ্যাথিক চিকিৎসা ( মাসিক ): আশ্বিন ১৩০৩।

সৈদাবাদ হইতে প্রকাশিত। সম্পাদক—বিপিনবিহারী দাশগুপ্ত।

৭১৬। স্নেহময়ী ( মাসিক ): সেপ্টেম্বর ১৮৯৬।

সম্পাদক—ডবলিউ কেরী। বেঙ্গল লাইব্রেরির তালিকা-মতে ইহার ২য় ভাগের ১১শ সংখ্যার প্রকাশকাল—২৮ জুলাই ১৮৯৭।

৭১৭। ভিক্ষুক ( মাসিক ): আশ্বিন ১৩০৩।

জলপাইগুড়ি হইতে প্রকাশিত। সম্পাদক—সারদাকান্ত মৈত্র।

৭১৮। বিবেক ( মাসিক ): আশ্বিন ১৩০৩।

সম্পাদক—কামাখ্যানাথ মুখোপাধ্যায়।

৭১৯। বৃহস্পতি ( মাসিক ): কার্ত্তিক ১৩০৩।

সম্পাদক—বিমলাপ্রসাদ সিদ্ধান্ত-সরস্বতী।

৭২০। তত্ত্ববোধ ( মাসিক ): অগ্রহায়ণ ১৩০৩।

যশোহর হইতে প্রকাশিত। সম্পাদক—ত্রৈলোক্যনাথ চূড়ামণি।

৭২১। শ্রীসনাতনী ( মাসিক ): অগ্রহায়ণ ১৩০৩।

বাগবাজার, বসুপাড়া হইতে প্রকাশিত। সম্পাদক—কৃষ্ণকিশোর চৌধুরী।

৭২২। সচিত্র আয়ুর্ব্বেদ বা চিকিৎসা বিষয়ক মাসিক পত্রিকা: পৌষ ১৩০৩।

পরিচালক—এস্, ভট্টাচার্য্য।

৭২৩। কান্তি ( মাসিক ): পৌষ ১৩০৩।

কাঁথি, মেদিনীপুর হইতে প্রকাশিত। সম্পাদক—তারকগোপাল ঘোষ।

৭২৪। বিশ্বজীবন ( মাসিক ): পৌষ ১৩০৩।

"জীবনবৃত্ত-বিষয়ক সচিত্র মাসিকপত্র।" সম্পাদক—মহেন্দ্রনাথ হালদার। "এক বৎসর পূর্ণ হইল" ( দ্র° 'পূর্ণিমা,' পৌষ ১৩০৪ )।

## ইং ১৮৯৭

৭২৫। হাফেজ ( মাসিক ) : জানুয়ারি ১৮৯৭।

বিবিধ বিষয়ক মাসিক পত্র। পরিচালক—শেখ আবদুর রহিম।

৭২৬। **শিল্পতত্ত্ব ও পুষ্পাঞ্জলি** ( মাসিক ) : মাঘ ১৩০৩।

দুইখানি স্বতন্ত্র পত্রিকা, একত্র প্রকাশিত ; প্রথমখানি শিল্প-সম্বন্ধীয়, দ্বিতীয়খানি সাহিত্য-বিষয়ক। সম্পাদক—শরচ্চন্দ্র দেব ও আশুতোষ মুখোপাধ্যায়।

৭২৭। **সাবিত্রী** ( মাসিক ) : মাঘ ১৩০৩।

মুরারপুর, গয়া হইতে প্রকাশিত। সম্পাদক—রামযাদব বাগচী, এম-ডি ; সহ-সম্পাদক—যদুনাথ চক্রবর্ত্তী, বি-এ। "হিন্দুরমণীদিগকে সাবিত্রীর ন্যায় করাই" এই স্ত্রীপাঠ্য পত্রিকার উদ্দেশ্য ছিল।

৭২৮। **পন্থা** ( মাসিক ) : বৈশাখ ১৩০৪।

"আমরা হিন্দুধর্ম্মের অন্তর্নিহিত অমূল্য সত্যগুলির উপর স্থির দৃষ্টি রাখিয়া প্রবন্ধ লিখিব ও ধর্ম্মকথার আলোচনা করিব। সাম্প্রদায়িক কলহ ও বিবাদ যে অজ্ঞানতামূলক তাহা আমরা বিশদরূপে দেখাইবার চেষ্টা করিব এবং যাহাতে লোকের মন হইতে সাম্প্রদায়িক সংকীর্ণ ভাব তিরোহিত হইয়া সনাতন হিন্দুধর্ম্মের উদার ভাবের উদয় হয় সাধ্যানুসারে তাহার যত্ন করিব।" সম্পাদক—বরদাকান্ত মজুমদার ও পণ্ডিত শ্যামলাল গোস্বামি-সিদ্ধান্ত-বাচস্পতি। দ্বিতীয় ও তৃতীয় বর্ষে কৃষ্ণধন মুখোপাধ্যায় ও শ্যামলাল গোস্বামী এবং চতুর্থ বর্ষে কৃষ্ণধন মুখোপাধ্যায় ও হীরেন্দ্রনাথ দত্ত সম্পাদক হন। 'পন্থা' দীর্ঘকাল স্থায়ী হইয়াছিল।

৭২৯। **উৎসাহ** ( মাসিক ) : বৈশাখ ১৩০৪।

বোয়ালিয়া, রাজশাহী হইতে প্রকাশিত। সম্পাদক—সুরেশচন্দ্র সাহা। "যে কারণে একদিন উত্তরবঙ্গ হইতে 'জ্ঞানাঙ্কুরে'র অভ্যুদয় হইয়াছিল, সেই কারণে সেই স্থান হইতে আজ আবার 'উৎসাহে'র অভ্যুদয় হইল।" রবীন্দ্রনাথ, অক্ষয়কুমার মৈত্রেয়, নিখিলনাথ রায়, শরচ্চন্দ্র চৌধুরী, শশধর রায়, জলধর সেন প্রমুখ বহু প্রতিষ্ঠাপন্ন লেখকের রচনা ইহার পৃষ্ঠা অলঙ্কৃত করিয়াছে। ১৩০৭, ২৯এ ফাল্গুন বসন্তরোগে সুরেশচন্দ্রের মৃত্যু হইলে ব্রজসুন্দর সান্যাল 'উৎসাহে'র সম্পাদন-ভার গ্রহণ করেন।

৭৩০। উদ্দীপনা ( মাসিক ) : বৈশাখ ১৩০৪।

সম্পাদক—দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়।

৭৩১। পল্লীবাসী ( পাক্ষিক ) : বৈশাখ ১৩০৪।

কালনা হইতে প্রকাশিত। সম্পাদক—শশিভূষণ বন্দ্যোপাধ্যায়।

৭৩২। হরিভক্তিতরঙ্গিণী ( পাক্ষিক ) : আষাঢ় ১৩০৪।

বালী হইতে প্রকাশিত। সম্পাদক—প্রসন্নকুমার শাস্ত্রী।

৭৩৩। **বীণা-বাদিনী** ( মাসিক ) : শ্রাবণ ১৩০৪।

সম্পাদক—জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর। সঙ্গীত-বিষয়ক মূল প্রবন্ধ, প্রেরিত পত্র, স্বরলিপিতে ব্যবহৃত চিহ্নের ব্যাখ্যা, নানা-বিষয়ক বাংলা ও হিন্দী গানের এবং গতের স্বরলিপি ইহার কলেবর পূর্ণ করিত। আয়ুষ্কাল দুই বৎসর। ডোয়ার্কিন্ এণ্ড সন ইহার প্রকাশক ছিলেন।

৭৩৪। নদীয়া দর্পণ ( মাসিক ) : শ্রাবণ ১৩০৪।

কৃষ্ণনগর হইতে প্রকাশিত। সম্পাদক—পঞ্চানন বন্দ্যোপাধ্যায়। "প্রায় প্রত্যেক নগর এবং প্রসিদ্ধ প্রসিদ্ধ পল্লী হইতে সাপ্তাহিক কিম্বা মাসিক পত্র প্রচারিত হইয়া থাকে। শিক্ষা সভ্যতার কেন্দ্র কৃষ্ণনগরে তাহার সম্পূর্ণ অভাব পরিলক্ষিত হয়।...কৃষ্ণনগরের চিরদিনের এই অভাব মোচন করাই পত্রের মুখ্য উদ্দেশ্য। দ্বিতীয়তঃ—নদীয়া একটি পুরাতন ঐতিহাসিক স্থান। বঙ্গদেশের ইতিহাসের প্রধান অঙ্গ নদীয়া।...এ প্রকার স্থানের আদৌ ইতিহাস নাই। সেই অভাব মোচন করা পত্রের দ্বিতীয় উদ্দেশ্য।

৭৩৫। নবীন লেখা ও সমালোচন ও সমালোচক ( মাসিক ? ) : ভাদ্র ১৩০৪।

হাওড়া, খুরুট হইতে প্রকাশিত। পরিচালক—অমূল্যধন মুখোপাধ্যায়।

৭৩৬। উৎসাহ ( মাসিক ) : ভাদ্র ১৩০৪।

রংপুর ছাত্রসঙ্ঘের মুখপত্র। সম্পাদক—অবিনাশচন্দ্র চক্রবর্ত্তী।

৭৩৭। খৃষ্টীয় শক্তি ( মাসিক ) : ভাদ্র ১৩০৪।

সম্পাদক—কৃষ্ণচরণ বন্দ্যোপাধ্যায়।

৭৩৮। সনাতন ধর্ম্মকণা ( মাসিক ) : আশ্বিন ১৩০৪।

চুঁচুড়া, মাধবীতলা হইতে প্রকাশিত। সম্পাদক—দুর্গাদাস রায়। "বৈষ্ণব ধর্ম্মপ্রচার ধর্ম্মকণার একমাত্র উদ্দেশ্য।"

৭৩৯। **পুণ্য** ( মাসিক ) : আশ্বিন ১৩০৪।

সম্পাদিকা—প্রজ্ঞাসুন্দরী দেবী, মহর্ষি দেবেন্দ্রনাথের পৌত্রী। "এই পত্রে জনসমাজের উপযোগী সাহিত্য, বিজ্ঞান, প্রত্নতত্ত্ব, সঙ্গীত প্রভৃতি নানাবিষয়ক প্রবন্ধই স্থান লাভ করিবে। এতদ্ভিন্ন ইহাতে গৃহস্থের এবং মানবমাত্রেরই সর্ব্বপ্রধান অবলম্বন আহারের বিষয় প্রতি মাসেই থাকিবে। ইহাতে গার্হস্থ্য ধর্ম্মের অনুকূল শিল্পবিদ্যা প্রভৃতিরও অভাব দূর করিবার সাধ্যমত চেষ্টা করা হইবে।" 'পুণ্য' একখানি উচ্চাঙ্গের মাসিক পত্রিকা ছিল। চতুর্থ ও পঞ্চম বর্ষের ( ১৩১০-১২ ) পত্রিকা হিতেন্দ্রনাথ ও ঋতেন্দ্রনাথ ঠাকুরের যুগ্ম-সম্পাদনায় প্রকাশিত হয়।

৭৪০। ইণ্ডিয়ান হোমিওপ্যাথিক রিভিউ ( মাসিক ) : অক্টোবর ১৮৯৭।

ইংরেজী-বাংলা মাসিক পত্র। সম্পাদক—প্রতাপচন্দ্র মজুমদার।

৭৪১। **স্বাস্থ্য** ( মাসিক ) : কার্তিক ১৩০৪।

সম্পাদক—দুর্গাদাস গুপ্ত, এম-বি। পর-বৎসর বৈশাখ হইতে ইহার দ্বিতীয় বর্ষ আরম্ভ হয়।

৭৪২। **চিত্তরঞ্জন** ( মাসিক ) : কার্তিক (?) ১৩০৪।

নাটুয়া, ২৪-পরগণা হইতে প্রকাশিত। সম্পাদক—জ্ঞানজীবন চক্রবর্ত্তী।

৭৪৩। **প্রদীপ** ( মাসিক ) : পৌষ ১৩০৪।

উচ্চাঙ্গের সচিত্র মাসিক পত্র। সম্পাদক—রামানন্দ চট্টোপাধ্যায়। তিনি অবসর গ্রহণ করিলে ১৩০৬ সালের ফাল্গুন ( ৩য় বর্ষ, ৩য় সংখ্যা ) হইতে নগেন্দ্রনাথ গুপ্ত সম্পাদন-ভার গ্রহণ করেন। গুপ্ত-মহাশয় মাত্র চারি মাস ইহার সম্পাদক ছিলেন। অতঃপর পঞ্চম বর্ষের প্রথমার্দ্ধ ( পৌষ ১৩০৮—জ্যৈষ্ঠ ১৩০৯ ) পর্য্যন্ত পত্রিকা পরিচালন করেন—স্বত্বাধিকারী বৈকুণ্ঠনাথ দাস। পঞ্চম বর্ষের শেষার্দ্ধ হইতে অষ্টম ভাগ ( ১৩১২ ) পর্য্যন্ত 'প্রদীপ' সম্পাদন করেন নূতন স্বত্বাধিকারী বিহারীলাল চক্রবর্ত্তী।

## ইং ১৮৯৮

৭৪৪। **সংসার** ( সাপ্তাহিক ) : ১৮ পৌষ ১৩০৪—১ জানুয়ারি ১৮৯৮।

সম্পাদক—কালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়, এম-এ। "ভূপ্রদক্ষিণ'-প্রণেতা ব্যারিষ্টার শ্রীযুক্ত চন্দ্রশেখর সেন সংসারের পরিদর্শক হইতে স্বীকার করিয়াছেন। তিনি এই পত্রে রীতিমত লিখিবেন।"

৭৪৫। **অন্তঃপুর** ( মাসিক ) : মাঘ ১৩০৪।

"কেবল মহিলাদের দ্বারা পরিচালিত ও লিখিত" মাসিক পত্রিকা। সম্পাদিকা—বনলতা দেবী, সেবাব্রত শশিপদ বন্দ্যোপাধ্যায়ের দ্বিতীয়া কন্যা। বনলতার মৃত্যু হইলে ৪র্থ বর্ষ হইতে ৮ম বর্ষ পর্য্যন্ত পর্য্যায়ক্রমে হেমন্তকুমারী চৌধুরী, কুমুদিনী মিত্র প্রভৃতি পত্রিকাখানি পরিচালন করিয়াছিলেন।

৭৪৬। **মালা** ( মাসিক ) : মাঘ ১৩০৪—জানুয়ারি ১৮৯৮।

সম্পাদক—ব্যোমকেশ মুস্তফী। ইহার একটি মাত্র সংখ্যা প্রকাশিত হইয়াছিল।

৭৪৭। **ঘটক** ( মাসিক ) : মাঘ ১৩০৪।

আন্দুলবেড়িয়া, নদীয়া হইতে প্রকাশিত। সম্পাদক—মুকুন্দলাল ঘোষ।

৭৪৮। **শিক্ষা** ( মাসিক ) : মাঘ ১৩০৪।

"এখানি হুগলীর অন্তর্গত হয়েড়া গ্রাম হইতে শ্রীযুক্ত বনমালী চট্টোপাধ্যায় কর্ত্তৃক প্রকাশিত" ( দ্র° 'আলোচনা,' জ্যৈষ্ঠ ১৩০৫ )। ইহার ২য় বা ফাল্গুন-সংখ্যা ১৩০৪, চৈত্র মাসের 'পূর্ণিমা'য় সমালোচিত হইয়াছে।

১৪৯। শিল্প শিক্ষা ( মাসিক ) : ফাল্গুন ১৩০৪

সম্পাদক—উপেন্দ্রকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়।

১৫০। **নির্ম্মাল্য** ( মাসিক ) : বৈশাখ ১৩০৫।

সম্পাদক—রাজেন্দ্রনারায়ণ মুখোপাধ্যায়।

১৫১। **অঞ্জলি** ( মাসিক ) : বৈশাখ ১৩০৫—এপ্রিল ১৮৯৮।

চট্টগ্রাম হইতে প্রকাশিত। সম্পাদক—রাজেশ্বর গুপ্ত। "এইখানি শিক্ষাবিষয়ক মাসিক পত্রিকা, বালক বালিকাদিগকে সুশিক্ষিত করা ইহার প্রাণ।"

১৫২। জননী ( মাসিক ) : বৈশাখ ১৩০৫।

চুঁচুড়া, মাধবীতলা, হীরা প্রেস হইতে প্রকাশিত। সম্পাদক—প্রসাদদাস গঙ্গোপাধ্যায়।

১৫৩। বাঙ্গালী ( মাসিক ) : বৈশাখ ১৩০৫।

সম্পাদক—রাধানাথ মিত্র।

১৫৪। প্রসূন ( পাক্ষিক ) : বৈশাখ ১৩০৫।

সম্পাদক—নিত্যরঞ্জন কাব্যতীর্থ ও ভূতনাথ সেন।

১৫৫। প্রতিনিধি ( মাসিক ) : বৈশাখ (?) ১৩০৫। দ্র° 'পূর্ণিমা,' জ্যৈষ্ঠ ১৩০৫।

১৫৬। **প্রতিবাসী** ( সাপ্তাহিক ) : জ্যৈষ্ঠ ১৩০৫।

৩১২।২ নং বেণিয়াটোলা, পটলডাঙ্গা হইতে প্রকাশিত এক পয়সা মূল্যের সংবাদপত্র। "আমাদের সহযোগী 'প্রতিবাসী' দ্বিতীয় বর্ষে পদার্পণ করিয়াছেন" ( সাপ্তাহিক 'অনুসন্ধান,' ৩২ জ্যৈষ্ঠ ১৩০৬ )।

১৫৭। **ঋষি** ( মাসিক ) : আষাঢ় ১৩০৫।

সম্পাদক—রামচন্দ্র বিদ্যাবিনোদ। "আমরা ঋষিপদে প্রণামপূর্ব্বক ঋষি-প্রদত্ত অমূল্য রত্নরাজি পাঠকবর্গসমক্ষে ক্রমশঃ উপনীত করিতে থাকিব।"

১৫৮। **কোহিনুর** ( মাসিক ) : আষাঢ় ১৩০৫।

কুমারখালি হইতে প্রকাশিত। সম্পাদক—এস. কে. এম. মহম্মদ রওসন আলী। হিন্দু ও মুসলমান—"উভয় সম্প্রদায়ের মধ্যে আত্মীয়তা বদ্ধমূল করাই আমাদের সর্ব্বপ্রধান উদ্দেশ্য।" পর-বৎসর বৈশাখ হইতে ইহার দ্বিতীয় বর্ষ আরম্ভ হয়।

১৫৯। কুসুম ( মাসিক ) : শ্রাবণ ১৩০৫।

"মেট্রপলিটান ইনষ্টিটিউশনের কতিপয় ছাত্র দ্বারা পরিচালিত।" (দ্র° 'প্রয়াস,' মার্চ ১৮৯৯ )

১৬০। বঙ্গ-গৃহ ( মাসিক ) : আশ্বিন ১৩০৫।

বাঁকীপুর হইতে প্রকাশিত। সম্পাদক—অবিনাশচন্দ্র বসু।

৭৬১। ভারতশ্রী ( মাসিক ) : আশ্বিন (?) ১৩০৫।

"অনুথাল বান্ধব বাণিজ্যাগার কোং কর্ত্তৃক প্রকাশিত। পত্রিকাখানিতে প্রতি মাসে কৃষি, শিল্প ও বাণিজ্যবিষয়ক সুন্দর সুন্দর প্রবন্ধ প্রকাশিত হয়। ইহার পরিচালনকর্ত্তা বামাচরণবাবু ও মহানন্দ চক্রবর্ত্তী মহাশয় উভয়েই সুদক্ষ।" ( দ্র° 'আলোচনা,' অগ্রহায়ণ ১৩০৫ )

৭৬২। নব চিকিৎসা বিজ্ঞান ( মাসিক ) : আশ্বিন ১৩০৫।

সম্পাদক—রাধামাধব হালদার।

৭৬৩। উদ্দীপনা ( মাসিক ) : আশ্বিন ১৩০৫।

পগেয়াপটি, বড়বাজার হইতে নারায়ণদাস চট্টোপাধ্যায় কর্ত্তৃক প্রকাশিত।

৭৬৪। **আলাপিনী** ( পাক্ষিক···) : ১ কার্ত্তিক ১৩০৫।

সঙ্গীতালোচনা ও শিক্ষা বিষয়িণী পাক্ষিক পত্রিকা। সম্পাদক—মন্মথনাথ দে। এস. কে. লাহিড়ী এণ্ড কোং কর্ত্তৃক প্রকাশিত। "স্বরলিপির আলোচনা যাহাতে আরও বৃদ্ধি হয় এবং উহা দেখিয়া সহজে সকলে সঙ্গীত শিক্ষা করিতে পারেন, সেই উদ্দেশে এই পত্রিকা প্রকাশ করা হইল। ইহার দ্বারা স্বরলিপি অভ্যাস খুব সুবিধাজনক হইবে আশা করা যায়। প্রতি খণ্ডে দুই তিন পৃষ্ঠা করিয়া কেবল গানের স্বরলিপি থাকিবে। সঙ্গীত সম্বন্ধীয় প্রবন্ধাদি এবং বিশেষ বিশেষ প্রয়োজনীয় জ্ঞাতব্য বিষয়াদিও ইহাতে বর্ণিত হইবে। সাধারণ প্রচলিত সহজ স্বরলিপি [ দণ্ডমাত্রিক ] পদ্ধতি অনুসারে এই পত্রিকা লিখিত হইতেছে।" 'আলাপিনী'র দ্বিতীয় বর্ষ মাসিক আকারে বৈশাখ ১৩০৭ হইতে প্রকাশিত হয়। রবীন্দ্রনাথের বহু গানের স্বরলিপি এই পত্রিকায় মুদ্রিত হইয়াছে। সরলা দেবীর "অতীত গৌরব-বাহিনি মম বাণি!" গানটিরও স্বরলিপি ৩য় ভাগ পত্রিকায় স্থান পাইয়াছে।

৭৬৫। **দৈনিক চন্দ্রিকা** : অগ্রহায়ণ (?) ১৩০৫।

"নূতন প্রাত্যহিক পত্র। বার্ষিক মূল্য ৩৲ টাকা। কলিকাতা কলুটোলা, শোভারাম বসাকের লেন হইতে প্রকাশিত। বাঙ্গালায় দৈনিক সংবাদপত্র নাই বলিলেও অত্যুক্তি হয় না। 'দৈনিক চন্দ্রিকা'—বাঙ্গালায় সেই অভাব পূরণ করিতে অগ্রসর।···সুপ্রসিদ্ধ লেখক, 'হিতবাদী' প্রভৃতির ভূতপূর্ব্ব সম্পাদক, 'রাজস্থানে'র প্রসিদ্ধ অনুবাদক শ্রীযুক্ত বাবু যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায় মহাশয় 'দৈনিক চন্দ্রিকা'র সম্পাদকীয় ভার গ্রহণ করিয়াছেন।" ( সাপ্তাহিক 'অনুসন্ধান,' ২১ পৌষ ১৩০৫ )

৭৬৬। যুবক ( মাসিক ) : পৌষ ( ? ) ১৩০৫।

দ্র° 'আলোচনা,' মাঘ ১৩০৫।

৭৬৭। আর্য্যসমাচার ( মাসিক ) : ১৩০৫ সাল (?)।

১৫ চৈত্র ১৩০৫ তারিখের 'উদ্বোধনে' বিনিময়ে প্রাপ্ত এই পত্রিকার উল্লেখ আছে।

## ইং ১৮৯৯

৭৬৮। **ঐতিহাসিক চিত্র** ( ত্রৈমাসিক ) : পৌষ ১৩০৫—জানুয়ারি ১৮৯৯।

রাজশাহী হইতে প্রকাশিত। সম্পাদক—অক্ষয়কুমার মৈত্রেয়। "ইহা সাধারণতঃ ভারতবর্ষের, এবং বিশেষতঃ বঙ্গদেশের, পুরাতত্ত্বের উপকরণ সংকলনের জন্যই যথাসাধ্য যত্ন করিবে।" অক্ষয়কুমার আত্মকথায় বলিয়াছেন, "রবীন্দ্রনাথ 'ভারতী' পত্রের সম্পাদনভার গ্রহণ করিলে [ ১৩০৫ সাল ] তাঁহার সহায়তায় এবং তাঁহার প্রস্তাবে ঐতিহাসিক চিত্র নামক ত্রৈমাসিক পত্রের সম্পাদনভার গ্রহণ করি। ঐ পত্র এক বৎসরের অধিক চলে নাই।" ( 'বঙ্গ-ভাষার লেখক,' পৃ. ৭৪৬ )

৭৬৯। **প্রয়াস** ( মাসিক ) : জানুয়ারি ১৮৯৯।

সাহিত্য-সেবক-সমিতির উদ্যোগে শৈলেন্দ্রনাথ সরকার ( প্যারীচরণের কনিষ্ঠ পুত্র ) কর্ত্তৃক পরিচালিত। নবীন লেখকদিগকে উৎসাহ প্রদান দ্বারা বাংলা-সাহিত্য-সমাজের উন্নতি বিধান করাই 'প্রয়াসে'র উদ্দেশ্য ছিল।

৭৭০। **উদ্বোধন** ( পাক্ষিক··· ) : ১ মাঘ ১৩০৫।

"ধর্ম্মনীতি, সমাজনীতি, রাজনীতি, দর্শন, বিজ্ঞান, কৃষি, শিল্প, সাহিত্য, ইতিহাস, ভ্রমণ প্রভৃতি নানাবিধ বিষয়ক পত্র।" স্বামী বিবেকানন্দ, ব্রহ্মানন্দ, সারদানন্দ, গিরিশচন্দ্র ঘোষ, নগেন্দ্রনাথ গুপ্ত প্রভৃতির রচনা ইহার পৃষ্ঠা অলঙ্কৃত করিয়াছে। সম্পাদক—স্বামী ত্রিগুণাতীত। দশম বর্ষ ( ১৩১৪-১৫ ) হইতে 'উদ্বোধন' মাসিক পত্রে রূপান্তরিত হয়। ইহা এখনও চলিতেছে।

৭৭১। সংসারতত্ত্ব ( মাসিক ) : মাঘ ১৩০৫।

পালপাড়া, বরাহনগর হইতে প্রকাশিত। সম্পাদক—হেমচন্দ্র মৈত্র।

৭৭২। প্রচারক ( মাসিক ) : মাঘ ১৩০৫।

বিবিধ বিষয়ক মাসিক পত্র। সম্পাদক—মধু মিয়া।

৭৭৩। কোকিল ( মাসিক ) : মাঘ ১৩০৫।

ঢাকা হইতে প্রকাশিত ও ছাত্রদিগের দ্বারা পরিচালিত। সম্পাদক—নিশিকান্ত ঘোষ।

৭৭৪। বিশ্বসখা ( মাসিক ) : ফাল্গুন ১৩০৫।

বসু, রায় এণ্ড কোং কর্ত্তৃক প্রকাশিত।

৭৭৫। কমলা ( মাসিক ) : ফাল্গুন ১৩০৫।

টালাবাগান বান্ধব-সমিতি ও পাঠাগার হইতে প্রকাশিত। "অতি অল্প মূল্যে সাধারণের মাসিক পত্রিকা পাঠের সুবিধার নিমিত্ত" 'কমলা'র আবির্ভাব। পরিচালক—মন্মথনাথ মিত্র।

১৭৬। **মেদিনী বান্ধব** ( সাপ্তাহিক ) : বৈশাখ (?) ১৩০৬।

"মেদিনী বান্ধব। একখানি সাপ্তাহিক সংবাদপত্র, মেদিনীপুর কোতবাজার হইতে প্রতি সোমবারে প্রকাশ হয়, আমরা রীতিমত এই পত্রিকাখানি পাইতেছি। আকার ক্ষুদ্র হইলেও বিশেষ দক্ষতার সহিত পরিচালিত হইতেছে, আমরা নূতন সহযোগীর দীর্ঘজীবন কামনা করি।" ( দ্র° 'আলোচনা,' জ্যৈষ্ঠ ১৩০৬ )

১৭৭। **মানভূম** ( সাপ্তাহিক ? ) : বৈশাখ ১৩০৬।

মানভূম হইতে প্রকাশিত। সম্পাদক—রাখালদাস ভট্টাচার্য্য কাব্যানন্দ। "সহযোগী 'মানভূম'কে আমরা মানের সহিত অভিবাদন করিতেছি। 'মধুময় মনোহর 'মানভূম' মাধুর্য্যের মহিয়সী মহিমায়-মণ্ডিত মনোহারিত্বে মানব-মন মোহিত' করিতে পারিলেই আমরা সুখী হইব।"

১৭৮। বিকাশ ( মাসিক ) : বৈশাখ ১৩০৬।

শোভাবাজার ভিক্টোরিয়া পাঠ সমিতির সাহিত্য সমালোচনী সভা হইতে প্রকাশিত। "কয়েকটী উৎসাহশীল যুবকেব বিশেষ চেষ্টায় বিকাশের প্রকাশ।" সম্পাদক—ডা: রসিক-মোহন চক্রবর্ত্তী।

১৭৯। মেডিকেল জার্ণাল ( মাসিক ) : বৈশাখ ১৩০৬।

ভবানীপুর হইতে প্রকাশিত। সম্পাদক—কেনারাম মুখোপাধ্যায়। বেঙ্গল লাইব্রেরির তালিকা-মতে ইহার ৩য়-৪র্থ সংখ্যা 'মুকুর ও মেডিকেল জার্ণাল' নামে ১ সেপ্টেম্বর ১৮৯৯ তারিখে প্রকাশিত হয়।

১৮০। নবদ্বীপ চন্দ্রিকা ( মাসিক ) : বৈশাখ ১৩০৬।

সম্পাদক—কালিদাস বন্দ্যোপাধ্যায়।

১৮১। **শ্রীশ্রীগৌড়েশ্বর-বৈষ্ণব** ( মাসিক ) : বৈশাখ (?) ১৩০৬।

"বৃন্দাবন হইতে 'শ্রীগৌড়েশ্বর-বৈষ্ণব' নামক একখানি মাসিক পত্র প্রকাশিত হইতেছে। 'শ্রীগোরাঙ্গ মহাপ্রভু-সম্মত বিমল পথ প্রদর্শন করাই' ইহার উদ্দেশ্য" ( সাপ্তাহিক 'অনুসন্ধান,' ৭ ভাদ্র ১৩০৬ )

১৮২। **কাঙ্গাল** ( সাপ্তাহিক ) : বৈশাখ ১৩০৬ (?)।

কুচবিহার হইতে প্রকাশিত সংবাদপত্র।

১৮৩। ধর্ম্মজীবন ( মাসিক ) : আষাঢ় (?) ১৩০৬।

মাদারিপুর হইতে প্রকাশিত। সম্পাদক—শীতলচন্দ্র বেদান্তভূষণ।

১৮৪। **বঙ্গভূমি** ( সাপ্তাহিক ) : আষাঢ় ১৩০৬।

"নূতন সুলভ সাপ্তাহিক সংবাদপত্র 'বঙ্গভূমি' মৃজাপুর ষ্ট্রীট হইতে প্রকাশিত হইতেছে" ( দ্র° সাপ্তাহিক 'অনুসন্ধান,' ২৮ আষাঢ় ১৩০৬ )।

১৮৫। **সমীরণ** ( সাপ্তাহিক ) : শ্রাবণ (?) ১৩০৬।

"কলিকাতায় দুইখানি নূতন সুলভ সাপ্তাহিক সংবাদপত্রের আবির্ভাব হইতে চলিল। একখানি 'বঙ্গভূমি' প্রকাশিত হইতেছে; অপরখানি 'সমীরণ'—ফৌজদারী বালাখানা হইতে প্রকাশিত হইবে। আমরা উভয়ের দীর্ঘজীবন কামনা করি।" ( সাপ্তাহিক 'অনুসন্ধান,' ২৮ আষাঢ় ১৩০৬ )

১৮৬। **হরিভক্তি** ( মাসিক ) : ভাদ্র ১৩০৬।

সম্পাদক—শ্যামাচরণ কবিরত্ন। হরিভক্তির স্থায়িত্ব ও উন্নতিবিধানই পত্রিকাখানির উদ্দেশ্য।

১৮৭। **আলো** ( মাসিক ) : ভাদ্র ১৩০৬।

কলিকাতা হিন্দু হষ্টেলের কতিপয় ছাত্র কর্তৃক পরিচালিত। সম্পাদক—অন্নদাচরণ সেন। ১৩০৭ সালের বৈশাখ হইতে ইহার কার্য্যস্থান চট্টগ্রামে স্থানান্তরিত হয়। 'পূর্ণিমা' ( ভাদ্র-আশ্বিন ১৩০৭ ) লেখেন :—" 'আলো' চট্টগ্রাম হইতে আসিতেছে—কার্য্যস্থান এখন চট্টগ্রাম হাঁসপাতাল রোড। ভালই হইয়াছে। প্রথমেই 'মা' লইয়া নবীনচন্দ্র আলো করিয়া বসিয়াছেন।···নবীনচন্দ্রের ন্যায় চট্টগ্রামের অনেক কৃতী সন্তানই আলোর বিকাশের জন্য লেখনী ধারণ করিয়াছেন।"

১৮৮। মধুকর ( মাসিক ) : আশ্বিন ১৩০৬।

ঢাকা হইতে প্রকাশিত। সম্পাদক—পরেশনাথ ঘোষ।

১৮৯। **বীরভূমি** ( মাসিক ) : কার্ত্তিক ১৩০৬।

বীরভূম হইতে প্রকাশিত। সম্পাদক—নীলরতন মুখোপাধ্যায়।

১৯০। **বিশ্বদূত** ( সাপ্তাহিক ) : অগ্রহায়ণ ১৩০৬।

"আলোচনা-সম্পাদক শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ চট্টোপাধ্যায় মহাশয় 'বিশ্বদূত' নামক একখানি সুলভ সাপ্তাহিক সংবাদপত্র সম্পাদনকার্য্যে ব্যস্ত থাকায় এবার 'আলোচনা' প্রকাশে বড়ই বিলম্ব হইয়াছে,···যাঁহারা এত দিন হইতে 'আলোচনা'কে দয়া প্রদর্শনে জীবিত রাখিয়াছেন, তাঁহারা অনুগ্রহপূর্ব্বক আমাদের নব প্রকাশিত 'বিশ্বদূত' সাপ্তাহিক পত্রের গ্রাহকশ্রেণীভুক্ত হইয়া চিরবাধিত করিবেন, আমরা সকলের নিকট তাহার নমুনা পাঠাইলাম।" ( 'আলোচনা,' পৌষ ১৩০৬ )

১৯১। শ্রীচৈতন্য পত্রিকা ( মাসিক ) : অগ্রহায়ণ ১৩০৬।

সম্পাদক—সুশীলকৃষ্ণ গোস্বামী।

১৯২। ছাত্র ( মাসিক ) : অগ্রহায়ণ ১৩০৬।

কতিপয় ছাত্র কর্তৃক পরিচালিত। সম্পাদক—হরেন্দ্রকুমার মজুমদার।

৭৯৩। শিক্ষক-সুহৃদ ( মাসিক ) : ১৩০৬ সাল (?)।

ঢাকা হইতে প্রকাশিত এই নামের একখানি পত্রিকার উল্লেখ ৭ আষাঢ় ১৩০৬ তারিখের 'অনুসন্ধানে' পাইতেছি।

## ইং ১৯০০

৭৯৪। বিংশ শতাব্দী ( মাসিক ) : পৌষ ১৩০৬ ( জানুয়ারি ১৯০০ )।

সম্পাদক—হরিপদ চট্টোপাধ্যায়।

৭৯৫। কৃষিতত্ত্ব ( মাসিক ) : মাঘ ১৩০৬।

"কৃষি-বিষয়ক সচিত্র মাসিক পত্র।" বাগবাজার ইম্পিরিয়াল নর্শরী হইতে নৃত্যগোপাল চট্টোপাধ্যায় কর্ত্তৃক প্রকাশিত।

৭৯৬। প্রচার ( মাসিক ) : ফাল্গুন (?) ১৩০৬।

"খ্রীষ্টীয়ান্ মাসিক পত্র ও সমালোচক।…ভবানীপুর হইতে প্রকাশিত।" ( দ্রং 'হরিভক্তি,' চৈত্র ১৩০৬ )

৭৯৭। পরিব্রাজক ( মাসিক ) : চৈত্র ১৩০৬।

সম্পাদক—পঞ্চানন কাব্যরত্ন।

৭৯৮। প্রভাত ( সাপ্তাহিক ) : বৈশাখ ১৩০৭।

উচ্চাঙ্গের সংবাদপত্র। সম্পাদক—নগেন্দ্রনাথ গুপ্ত। রমেশচন্দ্র, রবীন্দ্রনাথ প্রভৃতি ইহার লেখক এবং রামানন্দ চট্টোপাধ্যায় এলাহাবাদের সংবাদদাতা ছিলেন। 'প্রভাতে'র পরমায়ু এক বৎসর।

৭৯৯। সাহিত্য-সংহিতা ( মাসিক ) : বৈশাখ ১৩০৭।

'সাহিত্য-সভা'র মুখপত্র। সম্পাদক—নৃসিংহচন্দ্র মুখোপাধ্যায় বিদ্যারত্ন। দ্বিতীয় বর্ষের দশ সংখ্যা ( আষাঢ়-চৈত্র ১৩০৮ ) ও পঞ্চম বর্ষের ( বৈশাখ-চৈত্র ১৩১১ ) পত্রিকা সম্পাদন করেন—কালীপ্রসন্ন কাব্যবিশারদ। ব্রহ্মবান্ধব উপাধ্যায়, সখারাম গণেশ দেউস্কর, সরলা দেবী প্রমুখ প্রতিষ্ঠাপন্ন বহু সাহিত্যিকের রচনা ইহার পৃষ্ঠা অলঙ্কৃত করিয়াছে।

৮০০। প্রকৃতি ( মাসিক ) : বৈশাখ ১৩০৭।

ছাত্রবর্গ পরিচালিত সচিত্র মাসিক পত্রিকা। প্রকাশক—বসন্তকুমার বসু। 'প্রকৃতি' প্রচারের উদ্দেশ্য—"ছাত্রগণের মধ্যে বাংলা ভাষার চর্চ্চা, অপরিচিতের মধ্যে সৌহৃদ্যস্রোত প্রবাহিত করা" এবং উদীয়মান লেখকগণের রচনা সাদরে স্থান দান করা।

৮০১। প্রভা ( মাসিক ) : বৈশাখ ১৩০৭।

বাগবাজার হইতে প্রকাশিত। সম্পাদক—জিতেন্দ্রনাথ বিশ্বাস।

৮০২। ছায়া ( মাসিক ) : বৈশাখ ১৩০৭।

সাহিত্য-সেবকমণ্ডলী কর্ত্তৃক সম্পাদিত।

৮০৩। ইসলাম ( মাসিক ) : বৈশাখ ১৩০৭।

সম্পাদক—মধু মিয়া।

৮০৪। লহরী ( মাসিক ) : বৈশাখ ১৩০৭।

শান্তিপুর হইতে প্রকাশিত "নানাবিষয়িণী কবিতাময়ী সমালোচনী মাসিক পত্রিকা।" সম্পাদক—মোজাম্মেল হক্।

৮০৫। শোভা ( মাসিক ) : বৈশাখ ১৩০৭।

"শোভা—চুনা, পুটী হইলেও রুই কাতলার আস্বাদ দিতে বিরত থাকিবে না।" সম্পাদক—নবকৃষ্ণ ঘোষ।

৮০৬। বঙ্গীয় রহস্য ( মাসিক ) : বৈশাখ (?) ১৩০৭।

"পো: বদনগঞ্জ, জেলা হুগলি—শ্রীহেমগিরি চন্দ্র কর্ত্তৃক মাসিক আকারে প্রকাশিত, বার্ষিক মূল্য মায় ডাকমাশুল ১।০ পাঁচ সিকা মাত্র, বঙ্গীয় রহস্যের গল্প আমাদের বেশ লাগিয়াছে।" ( দ্র° "প্রভা,' ভাদ্র ১৩০৭ )

৮০৭। স্বাধীন জীবিকা ( মাসিক ) : জ্যৈষ্ঠ ১৩০৭।

সম্পাদক—প্রতুলচন্দ্র সোম।

৮০৮। আরতি ( মাসিক ) : আষাঢ় ১৩০৭।

ময়মনসিংহ হইতে প্রকাশিত। সম্পাদক—উমেশচন্দ্র বিদ্যারত্ন। ইহাতে কবি গোবিন্দচন্দ্র দাসের অনেকগুলি কবিতা মুদ্রিত হইয়াছে। দীর্ঘায়ু পত্রিকা।

৮০৯। উদ্ধার ও উত্থান ( মাসিক ) : জুন ১৯০০।

ঢাকা হইতে প্রকাশিত, ইঙ্গ-বঙ্গ পত্রিকা।

৮১০। রাজভক্তি ( মাসিক ) : শ্রাবণ (?) ১৩০৭।

"যাহাতে রাজভক্তি বীজ বালক বৃদ্ধ বনিতা হৃদয়ে অঙ্কুরিত হয় তাহাই এই পত্রিকার উদ্দেশ্য।"

৮১১। কালিকাপুর গেজেট ( মাসিক ) : ভাদ্র ১৩০৭।

কালিপাহাড়ী, বর্দ্ধমান হইতে প্রকাশিত। সম্পাদক—কাশীবিলাস বন্দ্যোপাধ্যায় ও অক্ষয়কুমার জ্যোতিরত্ন।

৮১২। সর্ব্বধর্ম্মরক্ষিণী ( মাসিক ) : ভাদ্র ১৩০৭।

"যোগাচার্য্য শ্রীশ্রীমৎ জ্ঞানানন্দ অবধূত মহাত্মার উপদেশাবলম্বনে সংগঠিত মাসিক পত্রিকা।"

৮১৩। **কৃষক** ( সাপ্তাহিক··· )। ৮ আশ্বিন ১৩০৭।

"কৃষি, সাহিত্য, সংবাদাদি বিষয়ক সাপ্তাহিক পত্র।" সম্পাদক—নগেন্দ্রনাথ স্বর্ণকার। সাধারণের সহানুভূতির অভাবে ছয় মাস পরে ১৩০৮ সালের বৈশাখ হইতে ইহা মাসিক পত্রে রূপান্তরিত হয়।

৮১৪। **শিল্প ও সাহিত্য** ( মাসিক ) : আশ্বিন ১৩০৭।

সম্পাদক—মন্মথনাথ চক্রবর্ত্তী।

৮১৫। **ত্রিস্রোতা** ( মাসিক ) : আশ্বিন ১৩০৭।

